আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

মাস্ক পরুন, হিংস্র হয়ে উঠছে কোভিড

বাংলা পত্রিকা রিপোর্ট: কোভিড-১৯ এর একটা হিংস্র রূপ আবারও হামাগুড়ি দিয়ে চারিদিকে ছড়িয়ে পড়ছে। যুক্তরাষ্ট্রে পরিস্থিতি ক্রমেই তীব্রতার দিকে যাচ্ছে। পাশের দেশ কানাডার পরিস্থিতি **(বাকি অংশ ৩৯ পাতায়**

২৬ বছরে

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৭ || সংখ্যা ৫০ || সোমবার || আশ্বিন ০৩ || ১৪৩০ || রবিউল আঃ ৪ || ১৪৪৫ || Vol. 27 || Issue 50 || September 18 || 2023 || USA. **FREE** in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

২২ সেপ্টেম্বর জাতিসংঘে ভাষণ ও সংবর্ধনা

নিউইয়র্কে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

সালাহউদ্দিন আহমেদ: জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৮তম অধিবেশনে যোগ দিতে নিউইয়র্কে পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রোববার স্থানীয় সময় রাত পৌনে ১১টার (বাংলাদেশ সময় সোমবার সকাল পৌনে ৯টা) দিকে নিউইয়র্কে পৌছান। প্রধানমন্ত্রী ও তার সফরসঙ্গীরা লন্ডন হয়ে নিউইয়র্কে আসেন। জাতিসংঘে বাংলাদেশের রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি মুহাম্মদ আবদুল মুহিত এবং যুক্তরাষ্ট্রে বাংলাদেশের রাষ্ট্রদূত মুহাম্মদ ইমরান জেএফকে বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানাবেন। প্রধানমন্ত্রী বিমানবন্দর থেকে সরাসরি নিউইয়র্ক সিটির ম্যানহাটানস্থ 'হোটেল লাটে প্যালেস'-এ উঠেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছাড়াও বিশ্বনেতারা এবারের ৭৮তম ইউএনজিএ অধিবেশনে যোগদানের জন্য নিউইয়র্কে জমায়েত হয়েছেন। আন্তর্জাতিক এই সম্মেলনের এবারের প্রতিপাদ্য হচ্ছে- 'আস্থা পুনর্গঠন ও বিশ্ব সংহতির পুনাংদ্ধার : সবার জন্য শান্তি, সমৃদ্ধি, অগ্রগতি ও স্থায়িত্ব ত্বরান্বিত করতে ২০৩০ এজেন্ডা এবং এর টেকসই উন্নয়ন লক্ষ্য বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ।'

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর যুক্তরাষ্ট্র সফরকালীন সময়ে আগামী ২২ সেপ্টেম্বর পর্যন্ত নিউইয়র্কে অবস্থানকান করবেন এবং ১৯ সেপ্টেম্বর জাতিসংঘ সদরদপ্তরের সাধারণ পরিষদ হলে ৭৮তম সাধারণ পরিষদের অধিবেশনের উচ্চপর্যায়ের প্রথম দিনের বিতর্কে যোগ দেবেন। তিনি ২২ সেপ্টেম্বর শুক্রবার স্থানীয় সময় দুপুর ১টা থেকে দুপুর ২টার মধ্যে ভাষণ দেবেন এবং একই দিন সন্ধ্যায় নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগ আয়োজিত নাগরিক সংবর্ধনা সভায় যোগ দেবেন।

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন জানিয়েছেন, সাধারণ বিতর্কে প্রধানমন্ত্রী তাঁর ভাষণে বাংলাদেশের অবিশ্বাস্য উন্নয়ন-অগ্রগতি, অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক অগ্রগতি ও স্বাস্থ্য খাতে সাফল্যের পাশাপাশি বিশ্বশান্তি, নিরাপত্তা, নিরাপদ অভিবাসন, রোহিঙ্গা সংকট, জলবায়ু ও ন্যায়বিচারের মতো বিষয় তুলে ধরবেন।

জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে যোগদানের পাশাপাশি এই সফরকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা সংকট, জলবায়ু পরিবর্তন,**(বাকি অংশ ২০ পাতায়)**



তৃণমূল বিএনপির নেতৃত্বে আসছেন শমসের-তৈমুর

ঢাকা ডেস্ক: বিএনপির সাবেক নেতা প্রয়াত নাজমুল হুদা প্রতিষ্ঠিত তৃণমূল বিএনপির প্রথম কাউন্সিল মঙ্গলবার (১৯ সেপ্টেম্বর) অনুষ্ঠিত হতে যাচ্ছে। রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে আয়োজিত কাউন্সিলে বিএনপির সাবেক, বহিষ্কৃত ও নিষ্ক্রিয় একঝাঁক নেতা আনুষ্ঠানিকভাবে তৃণমূল বিএনপিতে যোগ দিচ্ছেন বলে জানা গেছে। তাদের মধ্যে রাজনৈতিক অঙ্গনে পরিচিত ও আলোচিত মুখ শমসের **(বাকি অংশ ৪১ পাতায়)**

শ্রমিক অধিকারের ৩ বিলে সই করলেন গভর্নর ক্যাথি হোকুল

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কের গভর্নর ক্যাথি হোকুল স্টেটের শ্রমজীবি মানুষের অনুকূলে অন্তত তিনটি বিল সই করেছেন। গত ১৪ সেপ্টেম্বর বৃহস্পতিবার তার কার্যালয় জানিয়েছে এর একটি কর্মজীবিদের বেকারত্ব বীমা সম্পর্কিত। যা এই স্বাক্ষরের মধ্য দিয়ে আইনে পরিণত হলো। আইন অনুযায়ী নিউইয়র্কের যে কোনো নিয়োগকর্তা তাদের **(বাকি অংশ ৪১ পাতায়)**

নিউইয়র্কের ৩০% পরিবারের কাছে ক্রেডিট কার্ড নেই

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে দিন এনে দিন খাওয়া মানুষের সংখ্যাই বেশি। এখানকার ৩০% পরিবারের কাছে নেই কোনো ক্রেডিট কার্ড। তারা নগদ অর্থ খরচ করে তাদের কেনাকাটা **(বাকি অংশ ৪৬ পাতায়)**

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

WIN ZONE REALTY INC
Licensed Real Estate Broker
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-899-7000
F: 718-899-2000
khanf04@yahoo.com
Ferdous Khan
Licensed Real Estate
Sales Assoricate
Zillow
81-15 Queens Blvd. 2Fl
Elmhurst, NY 11373

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

CHISHTI CPA PC
Mohammed Chishti
CPA, MBA
চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Income Tax - Sales Tax - Payroll - Notary Public
- Bookkeeping - Business Formation
- Financial Statement - Immigration Forms
73-19 BROADWAY, JACKSON HEIGHTS, NY 11372
917-832-7785, 347-515-3858
chishti@chishtiaccounting.com
www.chishtiaccounting.com

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com

২৩ জানুয়ারি ২০২৩ থেকে ট্যাক্স ফাইলিং শুরু হচ্ছে

কোনো প্রফেশনালকে দিয়ে ট্যাক্স ফাইল করান তাহলে সর্বাধিক রিফান্ড পাবেন এবং ভবিষ্যৎ জটিলতা থেকেও রক্ষা পাবেন।

We are Top 500 intuit Company

AUTHORIZED IRS e-file PROVIDER



Steven M. Levy, CPA



আপনাদের ট্যাক্স ফাইলিং সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পন্নের জন্য আমাদের সাথে রয়েছেন সার্টিফাইড পাবলিক একাউন্টেন্ট।

Southeast USA Income Tax Services

জ্যাকসন হাইটস
74-09 37th Avenue, Suite # 206
Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207
Cell: 917-566-1612

জ্যামাইকা
168-16, Hillside Avenue
Jamaica, NY 11432
Phone: 646-464-5944
718-487-4507

ব্রংক্স
1445 Unionport Roa, Bronx, NY
পার্কচেষ্টার ফ্যামিলি ফার্মেসির ভিতরে
Phone: 347-621-0378
718-427-5919

email: usa.bd54@gmail.com

বাংলা পত্রিকা
৩-এর পৃষ্ঠা
The Weekly Bangla Patrika

বিএনপির নবনিযুক্ত সহ-আন্তর্জাতিক সম্পাদক নাজমুল আবেদীন মোহনকে অভিনন্দন সুইডেন বিএনপি

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) জাতীয় নির্বাহী কমিটির সদ্য দায়ত্বিপ্রাপ্ত সহ-আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক নাজমুল আবেদীন মোহনকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন সুইডেন বিএনপির সাবেক প্রধান উপদেষ্টা মহিউদ্দিন আহমেদ জিন্টু ও সাবেক সভাপতি এমদাদ হোসেন কচি । গণমাধ্যমে পাঠানো এক অভিনন্দন বার্তায় সুইডেন বিএনপির দুই সিনিয়র নেতা বলেন, নাজমুল আবেদীন মোহন বিএনপির সাংগঠনিক কার্যক্রম পরিচালনার দায়িত্ব গ্রহণের ফলে দেশ-বিদেশের পাশাপাশি বাংলাদেশের জাতীয়তাবাদী রাজনীতির আদর্শ, উদ্দেশ্য ও নীতির দৃঢ় বিকাশ ঘটবে । নবনিযুক্ত কেন্দ্রীয় সহ-আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক নাজমুল আবেদীন মোহনকে বাংলাদেশী প্রবাসীদের সাংগঠনিক রাষ্ট্রদূত উলেখ করে সুইডেন বিএনপি নেতারা আরো বলেন, প্রবাসী বিএনপির সাংগঠনিক কর্মকান্ডে মোহনের সক্রিয় অংশগ্রহণ দলের জাতীয়তাবাদী শক্তির মনোবলকে অপরিসীম উৎসাহিত করবে ।

MIJAN REAL ESTATE LTD.
Reg. No. C-187784
মিজান রিয়েল এস্টেট লিমিটেড
রাজউক অনুমোদিত পূর্বাচল, উত্তরা এবং বসুন্ধরা,ধানমন্ডি, বনানী ও গুলশান সহ ঢাকায় জায়গা, বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন। 917-631-5050
USA Address:
127-14 101 Avenue
Queens, NY 11419
EXIT
EXIT REALTY PRIME
ThInkIng of BUYING-
SELLING, INVEST, RENT
Houses, Co-op&Condo
Mijanur Rahman (Mijan)
Licensed Real Estate Agent
189-10 Hillside Ave, Suite E, NY 11423
Tel: 718-262-0205, Fax: 718-262-0254
www.EXITprmeNY.com
Mijanur Rahman (Mijan)
Chairman & CEO
917-631-5050
Email: RealtorMijan@gmail.com

সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার
অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত
MOHAMMED HELAL UDDIN, M.D.
মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.
আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
শাদমান নোশিন
ফিজিশিয়ান এ্যাসিসটেন্ট
কার্ডিওলজী
তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড জেনারেল, নিউক্লিয়ার এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট
পডিয়াট্রি
ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ
সাইকিয়াট্রিস্ট
সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট
We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
৩০৯৯ জোন্ট্রিক এভিনিউ, ব্রুকলিন, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com
৯০৮৯ কানেকটিকাট এভিনিউ, ব্রুকলিন, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com

গ্যাসের গন্ধ পাওয়া যাচ্ছে? দ্রুত কাজ।
যদি কিছু খারাপ মনে হয়... যেমন আপনি একটি পঁচা ডিমের গন্ধ পাচ্ছেন, একটি সাদা মেঘ দেখতে পান, জলে বুদবুদ, ধুলো উড়ছে বা মৃত গাছপালা, অথবা যদি আপনি একটি গর্জন, হিস শব্দ বা শিস শুনতে পাচ্ছেন- অবিলম্বে চলে যান এবং আপনার সাথে অন্যদেরও নিয়ে যান। যদি ফুটো বাইরের দিকে থাকে দূরে নিরাপদ স্থানে চলে যান। তাহলে কল করুন 911-এ বা 1-800-75-CONED.
conEd.com/gassafety-তে গ্যাস নিরপত্তা সম্পর্কে আরো জানু
conEdison


ক্লিন এনার্জির উন্নয়নে বিনিয়োগ করছি
যাতে নিউ ইয়র্কবাসী শক্তি উৎপাদন করতে পারে
নিউ ইয়র্কবাসীকে শক্তি সাশ্রয়ে সক্ষম করে তোলাই আমাদের প্রধান লক্ষ্য। ২০২৫ সাল নাগাদ আমরা এই উন্নয়নমূলক প্রোগ্রামে $1.5 বিলিয়ন বিনিয়োগের পরিকল্পনা করছি যাতে নবায়নযোগ্য একটি আগামী সকল গ্রাহকের দোরগোড়ায় পৌঁছে যায়। ক্লিন এনার্জির উৎস এখানে।
আরো জানতে দেখুন: conEd.com/cleanenergy
conEdison


প্রতারকদের প্রতিরোধ করুন।
প্রতারককে চেনা ও রিপোর্ট করা শিখুন।
আমরা ঐ সময়ের মধ্যে কখনই আপনার বিদ্যুৎ বন্ধ করার হুমকি বা পেমেন্টের জন্য অস্বাভাবিক অনুরোধ করব না। যদি কেউ নিজেকে কন এডিসনের বলে দাবি করে, অবিলম্বে 1-800-75-CONED নম্বরে কল করুন।
নিজেকে সুরক্ষার আরো পরামর্শ পেতে conEd.com/ScamAlert দেখুন.
conEdison

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

ভিসানীতি এবং যুক্তরাষ্ট্রের কৌশলগত অবস্থান

বাংলাদেশে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন যতই ঘনিয়ে আসছে ততই রাজনৈতিক মাঠে উত্তাপ ছড়াচ্ছে বিদেশী বিভিন্ন এজেন্ট এবং দেশীয় রাজনৈতিক দল। বিশেষ করে বাংলাদেশে অন্যতম রাজনৈতিক দল বিএনপি বিভিন্ন কারণে দীর্ঘদিন ক্ষমতার বাইরে থাকায় তারা এখন বিদেশি বিভিন্ন দূতাবাসে দৌড়ঝাঁপ করছে। এমন সময় যুক্তরাষ্ট্র বেশ কিছু দিন আগে হঠাৎ করে দক্ষিণ এশিয়ার জন্য একটি ভিসানীতির ঘোষণা করে, যাতে বলা আছে বাংলাদেশের সুষ্ঠু নির্বাচনে যারা বাধার সৃষ্টি করবে তারা যুক্তরাষ্ট্রের ভিসার জন্য বিবেচিত হবেন না। বিষয়টি সাধারণ নাগরিকদের ভিসার ক্ষেত্রে কোনো প্রভাব না পড়লেও সরকারের উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের ক্ষেত্রে প্রভাব পড়ার সম্ভাবনাকে উড়িয়ে দেয়া যায় না।

তবে বিএনপির দীর্ঘদিনের দাবি তত্ত্বাবধায়ক সরকারের দাবিকে এ মুহূর্তে যুক্তরাষ্ট্রও তেমন একটা আমলে নিচ্ছে না, তারা চাইছে একটি সুষ্ঠু, অবাধ এবং নিরপেক্ষ নির্বাচন। ফলে এটা নিয়ে বিএনপিও বর্তমানে বেকায়দায় আছে।

মূলত আমেরিকান ভিসানীতি বা স্যাংশন শুধু বাংলাদেশে নয়, এটা অনেক দেশেই যুক্তরাষ্ট্র দিয়ে রেখেছে বিভিন্ন কারণে, তার মধ্যে অন্যতম দেশ হচ্ছে আমাদের পাশের দেশ মিয়ানমার। মিয়ানমারে যুগ যুগ ধরে সেনাশাসনই চলে আসছে এবং তাদের দেশের নাগরিক রোহিঙ্গাদের তারা যুগ যুগ ধরে অত্যাচার করে আসছে এবং কয়েক বছর আগে ১০ লক্ষাধিক রোহিঙ্গা বন্দুকের নল ঠেকিয়ে বাংলাদেশে পাঠিয়ে দিয়েছে।

এত বছর কেটে যাওয়ার পরও মিয়ানমার তাদের নাগরিক রোহিঙ্গাদের এখনো ফিরিয়ে নিচ্ছে না- এ বিষয়ে আন্তর্জাতিক আদালতে মামলা হলেও মিয়ানমারকে কেউ কিছু করতে পারেনি, এমনকি যুক্তরাষ্ট্র না। এ বিষয়ে যুক্তরাষ্ট্র মিয়ানমারের ওপর অনেক নিষেধাজ্ঞা দিয়েছে, অনেক স্যাংশনও দিয়েছে, যা এখনো চলমান আছে তাতে মিয়ানমারের কেশাগ্র ছিঁড়তে পারেনি যুক্তরাষ্ট্র। শুধু মিয়ানমারে নয়, যুক্তরাষ্ট্রের এমন স্যাংশন রাশিয়া, তুরস্ক, সিরিয়াসহ বিশ্বের বেশ কিছু দেশে প্রচলিত আছে। এর বাইরে বিশ্বের অন্যতম বহুজাতিক দেশ ভারত কখনই যুক্তরাষ্ট্রের কথাকে পাত্তা দেয়নি।

সাম্প্রতিক রাশিয়া থেকে জ্বালানি তেল আমদানি নিষিদ্ধ করেছিল যুক্তরাষ্ট্র কিন্তু ভারত তাদের নিষেধাজ্ঞা অমান্য করে দেদার তেল আমদানি করে চলেছে তাতে যুক্তরাষ্ট্রের কিছুই করার নেই। কারণ কৌশলগত দিক থেকে দক্ষিণ এশিয়ায় ভারতের অবস্থান এমন এক জায়গায় যেখানে যুক্তরাষ্ট্রের প্রধান প্রতিদ্বন্দ্বী দেশ চীনের অবস্থান। আর চীন বর্তমান বিশ্বে অর্থনীতিতে এমনভাবে এগিয়ে গেছে যে পৃথিবীর প্রতিটি দেশ এখন তাদের সমীহ করে চলে। ফলে চীন-ভারত এক হয়ে পথ চলুক এটা যুক্তরাষ্ট্র কখনই চাইবে না। ফলে ভারতের সঙ্গে যুক্তরাষ্ট্রের সম্পর্কের অবনতি ঘটুক এটা তাদের বিশ্লেষকরা সহজে চাইবে না। প্রকৃতপক্ষে যুক্তরাষ্ট্রের ভিসানীতি ঘোষিত হওয়ার পরপর বিএনপির শিবিরে উচ্ছাস দেখা গেলেও ভিসানীতি বিষয়ে প্রধানমন্ত্রীর বক্তব্য এবং তত্ত্বাবধায়ক সরকার বিষয়ে যুক্তরাষ্ট্রে না বোধক অবস্থানের কারণে তারা একটু চুপসে গেছে।

কারণ যে তত্ত্বাবধায়ক সরকার নিয়ে বিএনপির দীর্ঘদিনের আন্দোলন তা নিয়ে তারা যুক্তরাষ্ট্রের কাছ থেকে তেমন আশ্বাস পায়নি। যদিওবা তারা এখনো তাদের চেষ্টা অব্যাহত রেখেছে। তবে বর্তমান সরকার এ বিষয়ে ছাড় দেবে বলে মনে হয় না। তবে কয়েক দিন থেকে রাজনীতিতে বিএনপির সঙ্গে আলাপ-আলোচনার বিষয়টি লক্ষ করা যাচ্ছে। এমনটি হলে উভয় দল আলাপ-আলোচনার মাধ্যমে নির্বাচনের বিষয়টি ঠিক করে নিতে পারলে সবচেয়ে ভালো হয়। এতে বিএনপিরই লাভ হবে বেশি কারণ তারা দীর্ঘদিন পর নির্বাচনে তাদের জনপ্রিয়তা দেখাতে পারবে।

আর যদি নির্বাচনে কারচুপি হয় তাহলে তা বিশ্বমিডিয়াকে বলতে পারবে। তখন নির্বাচন বিষয়ে কথা বলার অসংখ্য কারণ থাকবে এবং আন্দোলন করারও যথেষ্ট কারণ খুঁজে পাবে। এবার নির্বাচন বর্জন করা বিএনপির জন্য খুব একটা সুখকর হবে না। আমরা চাই না বিএনপির মতো বড় দল শুধু মার্কিন ভিসানীতির ওপর ভর করে নির্বাচনে না গিয়ে একটি বড় ধরনের ভুল করুক। কারণ যুক্তরাষ্ট্র কখনো তাদের ক্ষমতায় বসিয়ে দিতে পারবে না, কারণ তাদের প্রতিপক্ষ প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজনীতির মাঠে আন্তর্জাতিক পর্যায়ে খুব জাঁদরেল এবং মেধাবি রাজনীতিবিদ। তাকে যুক্তরাষ্ট্র পৃথিবীর অনেক দেশই সমীহ করে চলে শুধু তার মেধাবি সিদ্ধান্তের কারণে। তাই বিএনপিকে এসব বিষয়ে গভীরভাবে চিন্তা করতে হবে। বিদেশিদের চাপের মুখে শেখ হাসিনা নতি স্বীকার করার মতো পাত্র নন বলেই মনে হচ্ছে, ফলে শেখ হাসিনার বিরুদ্ধে ভুল কিছু ভাবলে বিএনপি এবার বেশ ভুল করবে। বিএনপি-কে ভেবে চিন্তেই সিদ্ধান্ত নিতে হবে।

সব ছাপিয়ে আগামী নির্বাচনের গ্রহণযোগ্যতাই হতে পারে অন্যতম বড় অর্জন

॥ মোনায়েম সরকার ॥

স্বল্প সময়ের ব্যবধানে ব্রিকস শীর্ষ সম্মেলন ও জি-২০ সম্মেলনে অংশগ্রহণ যে বাংলাদেশের জন্য বিশেষ গুরুত্ব ও মর্যাদার, এটি স্বীকার না করে উপায় নেই। এ দুটি আন্তর্জাতিক সংস্থার সদস্য না হলেও বাংলাদেশকে আমন্ত্রণ জানানো হয়। ওই দুই সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতি ও বিশ্বনেতাদের সঙ্গে তার দেখা-সাক্ষাৎ, কথা বলার বিষয়টি জাতীয় ও আন্তর্জাতিক রাজনীতির বর্তমান প্রেক্ষাপটে একেবারে তাৎপর্যহীন নয়। বিশেষ করে জি-২০ শীর্ষ সম্মেলন উপলক্ষ্যে শেখ হাসিনার নয়াদিল্লি সফরে যে কূটনৈতিক সাফল্য অর্জিত হয়েছে, তাকে খাটো করে দেখার সুযোগ নেই। নয়াদিল্লিতে গত ৮ সেপ্টেম্বর ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সরকারি বাসভবনে তার সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে মিলিত হন শেখ হাসিনা। দুই প্রধানমন্ত্রীর মধ্যে একান্ত বৈঠকও অনুষ্ঠিত হয়েছে। বৈঠকের পরই নরেন্দ্র মোদি নিজের টুইটার অ্যাকাউন্টে লিখেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ফলপ্রসূ আলোচনা হয়েছে। গত ৯ বছরে ভারত-বাংলাদেশ সম্পর্কের অগ্রগতি খুবই সন্তোষজনক। আমাদের আলোচনায় কানেক্টিভিটি, বাণিজ্যিক সংযুক্তি এবং আরও অনেক বিষয় অন্তর্ভুক্ত ছিল।'

ওই রাতেই দিল্লিতে পররাষ্ট্রমন্ত্রী একে আবদুল মোমেন সাংবাদিকদের জানান, দুই প্রধানমন্ত্রীর বৈঠকে 'আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতা'র বিষয়টি খুবই গুরুত্ব পেয়েছে। আমাদের ইস্যু হলো আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতা। আমরা বারবার এ কথাটা বলছি, ভারতও একই কথা বলছে। শেখ হাসিনার সঙ্গে বৈঠকের পর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ও মরিশাসের প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক করেন নরেন্দ্র মোদি।

পরদিন শনিবার জি-২০ সম্মেলনের এক ফাঁকে বাইডেনের সঙ্গে অনানুষ্ঠানিক সাক্ষাৎ করেন শেখ হাসিনা। এ সময় প্রধানমন্ত্রীর মেয়ে সায়মা ওয়াজেদ পুতুল, যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্থনি বিঙ্কেন ও পররাষ্ট্রমন্ত্রী একে আবদুল মোমেন উপস্থিত ছিলেন। বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত ছবিতে দেখা যায়, বাইডেনের সঙ্গে পাশাপাশি দাঁড়িয়ে কথা বলছেন প্রধানমন্ত্রী ও পুতুল। একপর্যায়ে বাইডেন নিজেই সেলফি তুলেন শেখ হাসিনা ও পুতুলের সঙ্গে।

একই রাতে ভারতের রাষ্ট্রপতির আমন্ত্রণে দেওয়া নৈশভোজেও বাইডেনের সঙ্গে সাক্ষাৎ হয় শেখ হাসিনার। এ সময় পাশে ছিলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও শেখ হাসিনার ছোট বোন শেখ রেহানা। বাইডেনের সঙ্গে এ সাক্ষাৎটিকে ইতিবাচকভাবেই দেখছেন বিশ্লেষকরা। তাদের মতে, শেখ হাসিনার ব্যাপারে দিল্লির ইতিবাচক অবস্থান ওয়াশিংটনকেও অবহিত করা হয়েছে। বাইডেন প্রশাসনকে জানানো হয়েছে, শেখ হাসিনা বাংলাদেশে গণতন্ত্রের স্বার্থে অবাধ ও সুষ্ঠু নির্বাচন আয়োজনেও প্রতিজ্ঞাবদ্ধ।

এটা সবারই জানা, সদস্য না হয়েও ভারতের আমন্ত্রণে জি-২০ শীর্ষ সম্মেলনে অংশ নিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সেই সম্মেলনের মঞ্চ বাংলাদেশকে দিয়েছে বিশেষ গুরুত্ব ও মর্যাদা। সেইসঙ্গে যুক্তরাষ্ট্র ও বাংলাদেশ সরকারের মধ্যে কিছুদিন ধরে চলা টানাপোড়েন নিরসনেও বিশ্বের সর্ববৃহৎ অর্থনৈতিক জোটের এ সম্মেলন রেখেছে গুরুত্বপূর্ণ ভূমিকা। পাশাপাশি সাইডলাইনে সৌদি যুবরাজ, দক্ষিণ কোরিয়া, সংযুক্ত আরব আমিরাত ও আর্জেন্টিনার প্রেসিডেন্টের সঙ্গেও বৈঠক করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ ছাড়া ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিতিতে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গেও কথা হয়েছে তার।

আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষকরা মনে করছেন, সার্বিকভাবে বললে এ সম্মেলনকে বর্তমান আওয়ামী লীগ সরকারের জন্য ইতিবাচক হিসাবেই দেখা যায়। ব্রিকস ও জি-২০ সম্মেলনে বাংলাদেশকে আমন্ত্রণ জানানো এবং তাতে অংশগ্রহণের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভূ-কৌশলগত গুরুত্ব নতুন করে সামনে এসেছে। বৈশ্বিক নেতৃত্বও এটি অনুধাবন করছে। মানবাধিকার ও গণতন্ত্র নিয়ে যুক্তরাষ্ট্রের যেমন দৃষ্টি আছে; ঠিক তেমনি বাজার ও বাণিজ্যের দিকেও তাদের দৃষ্টি রয়েছে। সবদিক থেকেই বাংলাদেশের উত্থান ঘটেছে। একে বাংলাদেশ কীভাবে কাজে লাগাবে, সেটিই এখন দেখার বিষয়।

জি-২০ সম্মেলনে অংশগ্রহণ এবং সম্মেলনের আগে ভারতের প্রধানমন্ত্রীর সঙ্গে বাংলাদেশের প্রধানমন্ত্রীর দ্বিপক্ষীয় বৈঠক বাংলাদেশের জন্য একটি বড় কূটনৈতিক অর্জন। পাশাপাশি দুই প্রধানমন্ত্রী একান্তে কথা বলেছেন। তারা একান্তে কী কথা বলেছেন তা প্রকাশ্যে বলা হয়নি। তবে সেখানে যে ভূ-রাজনৈতিক ও দ্বিপক্ষীয় দিকগুলো নিয়েই আলোচনা হয়েছে, তা বোঝার জন্য বড় রাজনৈতিক পন্ডিত হওয়ার দরকার পড়ে না। বর্তমান সময়ে বাংলাদেশসহ উন্নয়নশীল বিশ্বের অনেক দেশই পরাশক্তিগুলোর চাপের মধ্যে রয়েছে। অনেক কৌশলের সঙ্গে সেই চাপগুলোকে মোকাবিলা করতে হচ্ছে। এ জায়গায় বাংলাদেশ আরও বেশি দরকষাকষির সুযোগ পেয়েছে। কারণ, বাংলাদেশ শুধু জি-২০ সম্মেলনে অংশগ্রহণ বা ভারতের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকই করেনি, রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই লাভরভ বাংলাদেশ সফরে এসেছেন, ফ্রান্সের প্রেসিডেন্ট বাংলাদেশ সফরে এসেছেন। সব মিলিয়ে কূটনৈতিক এবং ভূ-রাজনৈতিক ক্ষেত্রে বাংলাদেশের ব্যাপক গুরুত্ব দেখা যাচ্ছে। এছাড়া ইন্দো-প্যাসিফিক নিয়ে বাংলাদেশ যা বলেছে, অন্যরাও সেই বিষয়গুলোকে গুরুত্ব দিচ্ছে।

জি-২০তে যোগ দেওয়ায় বাংলাদেশকে তিনটি সুবিধা দিতে পারে বলে মনে করা হচ্ছে। প্রথমত, এ সফর বাংলাদেশ ও ভারতের মধ্যে দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদার করবে। দ্বিতীয়ত, বাংলাদেশ গ্লোবাল সাউথের স্বার্থ প্রচার করবে। তৃতীয়ত, বাংলাদেশ আরও বেশি অংশীদারের সঙ্গে সম্পর্ক গড়ে তুলে কূটনৈতিক পরিধিকে আরও প্রসারিত করতে পারে। এছাড়া ভবিষ্যতে বাংলাদেশ এ জোটের সদস্যও হতে পারে। কারণ, ঢাকা এরই মধ্যে গ্লোবাল সাউথ, জলবায়ু পরিবর্তন এবং নারী উন্নয়ন প্রকল্পের সমর্থনের জন্য খ্যাতি অর্জন করেছে। এসব বিষয় দেশটির ভাবমূর্তি বাড়িয়েছে।

এ সফর আগামী নির্বাচনেও ইতিবাচক প্রভাব রাখবে বলে মনে করার যথেষ্ট কারণ আছে। গত দুই বছর বিএনপির রাজপথের আন্দোলনে পরোক্ষভাবে হলেও সহায়তা করেছে যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা দেশগুলো। বিশেষ করে বাংলাদেশের নির্বাচন, গণতন্ত্র, সুশাসনসহ অভ্যন্তরীণ বিষয়ে সরকারের ওপর নানাভাবে চাপ দিতেও ছাড়েনি তারা। র‍্যাবের ওপর নিষেধাজ্ঞা দিয়েছে, সুষ্ঠু নিরপেক্ষ নির্বাচনের পথে বাধা না দেওয়ার হুঁশিয়ারি দিয়ে 'ভিসানীতি' ঘোষণা করেছে। তবে নয়াদিল্লিতে শেখ হাসিনার সঙ্গে জো বাইডেনের সঙ্গে হাস্যোজ্জ্বল সেলফি ও আলাপচারিতা, যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ঋষি সুনাকের হাঁটু গেড়ে আন্তরিক পরিবেশে কথা বলা-এসব ছবি ও খবর প্রকাশের পর ভিন্ন ইঙ্গিত পাচ্ছেন বিশ্লেষকরা। যদিও বিএনপির দাবি-এসব নিছকই আলোচনা। আন্তর্জাতিক মহল বাংলাদেশের সুষ্ঠু নির্বাচনের পক্ষে যে মত দিয়েছে; সেখান থেকে একচুলও নড়েনি। সরকারের উদ্দেশে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল বলেছেন, এত দেউলিয়া হয়ে গেছেন, বাইরের সঙ্গে একটা সেলফি তুলে এখন আপনি ঢোল পেটাচ্ছেন, হ্যাঁ, আমরা জিতে গেছি। জেতাবে তো বাংলাদেশের মানুষ ভোটের মাধ্যমে। সেই ভোট ঠিকমতো হওয়ার ব্যবস্থা করেন। তা না হলে কোনো বাইডেনই আপনাদের রক্ষা করতে পারবে না। সেলফি রক্ষা করতে পারবে না।

জি-২০-এর সদস্য না হওয়া সত্ত্বেও সম্মেলনে অংশ নেওয়া কিংবা দাওয়াত পাওয়া দেশের জন্য একটি বিশেষ কূটনৈতিক অর্জন এবং একে দেশের পররাষ্ট্রনীতির একটি বড় সফলতা বলা যায়। একবার আমেরিকার সঙ্গে বৈঠকে ফ্রান্সের প্রেসিডেন্টের স্ত্রী হ্যান্ডশেক করতে সামান্য দ্বিধাপ্রকাশ করেছিলেন, তা নিয়ে আমেরিকার মিডিয়া অনেক হইচই করেছিল।

বাংলাদেশের ভবিষ্যৎ নিয়ে ইতিবাচক দৃষ্টিভঙ্গি গ্রহণ করলে পাওয়া যাবে: ১. ২০৪০ সালের মধ্যে বাংলাদেশ বিশ্বের শীর্ষ ২০টি অর্থনীতির একটি দেশ হিসাবে আবির্ভূত হওয়ার সম্ভাবনা রয়েছে। এ তালিকায় বাংলাদেশের সঙ্গে দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশ ইন্দোনেশিয়াও স্থান পেতে পারে। ফলে চীনের বিনিয়োগকারীদের জন্য বাংলাদেশ আকর্ষণীয় গন্তব্য হতে পারে। বাজারের আকার, অর্থনৈতিক প্রবৃদ্ধি ও বিভিন্ন খাতে সম্ভাবনা বিবেচনায় নিয়ে এমনটিই মনে করছে যুক্তরাজ্যের গবেষণা প্রতিষ্ঠান ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট (ইআইইউ)। এ ছাড়া বাংলাদেশের অর্থনীতির বড় সম্ভাবনার কথা জানিয়েছে যুক্তরাজ্যভিত্তিক সেন্টার ফর ইকোনমিকস অ্যান্ড বিজনেস রিসার্চ (সিইবিআর)। অর্থনৈতিক গবেষণা সংস্থাটি তাদের এক প্রতিবেদনে বলেছে, ২০৩৬ সালের মধ্যে বিশ্বের ২৪তম বড় অর্থনীতিতে পরিণত হবে বাংলাদেশ।

২. চীন যাতে কোনোভাবেই বাংলাদেশকে তাদের বলয়ে নিয়ে যেতে না পারে, সেজন্য হয়তো বাংলাদেশের প্রধানমন্ত্রীকে চীনবিরোধী দেশগুলো অনেক বেশি গুরুত্ব দিচ্ছে।

৩. রাশিয়া এবং ইউক্রেন যুদ্ধ চলছে। এ যুদ্ধকে কেন্দ্র করেও পৃথিবীতে নানান রকমের মেরুকরণ হচ্ছে। সুতরাং, এসব মেরুকরণের হিসাবে বাংলাদেশসহ আরও কিছু দেশকে পৃথিবীর বড় দেশগুলো বেশ গুরুত্বের চোখে দেখছে।

৪. যেহেতু বাংলাদেশের অর্থনীতি খুব দ্রুতগতিতে অগ্রসরমান এবং বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি গত ১০ বছরে ৭ শতাংশের বেশি হয়েছে, সে কারণে বিভিন্ন দেশ এখন বাংলাদেশের সঙ্গে বিভিন্ন রকমের বাণিজ্য চুক্তি করতে চায়। আমার এই কথার প্রমাণ হচ্ছে, ফ্রান্সের প্রেসিডেন্ট বাংলাদেশ সফর করেছেন এবং তিনি দশটি অ্যারোপেন বিক্রির অর্ডার পেয়েছেন (সেলস রিপ্রেজেন্টেটিভ)। তার মানে বাংলাদেশের কাছে তারা তাদের জিনিসপত্র বিক্রি করতে চায়। বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণের ব্যাপারে বাংলাদেশ ফ্রান্সের সঙ্গে একটি দ্বিপাক্ষিক চুক্তিও স্বাক্ষর করেছে।

তবে বাংলাদেশের ভাবমূর্তি আগামীতে কতটা উজ্জ্বল হবে অথবা নিম্নগামী হবে, তা নির্ভর করছে আগামী নির্বাচনের সুষ্ঠুতার ওপর। এই নির্বাচন গ্রহণযোগ্য হতে না পারলে অর্জনগুলো ম্লান হয়ে যাবে বলে ধারণা করা যায়।

লেখক: রাজনীতিক, লেখক; মহাপরিচালক, বিএফডিআর

পরদিন শনিবার জি-২০ সম্মেলনের এক ফাঁকে বাইডেনের সঙ্গে অনানুষ্ঠানিক সাক্ষাৎ করেন শেখ হাসিনা। এ সময় প্রধানমন্ত্রীর মেয়ে সায়মা ওয়াজেদ পুতুল, যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্থনি বিঙ্কেন ও পররাষ্ট্রমন্ত্রী একে আবদুল মোমেন উপস্থিত ছিলেন। বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত ছবিতে দেখা যায়, বাইডেনের সঙ্গে পাশাপাশি দাঁড়িয়ে কথা বলছেন প্রধানমন্ত্রী ও পুতুল। একপর্যায়ে বাইডেন নিজেই সেলফি তুলেন শেখ হাসিনা ও পুতুলের সঙ্গে।

নামাজের সময়-সূচী

সেপ্টেম্বর	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪
ফজর	৫.২৩	৫.২৪	৫.২৬	৫.২৭	৫.২৮	৫.২৯	৫.৩০
সূর্যোদয়	৬.৩৮	৬.৩৯	৬.৪০	৬.৪১	৬.৪২	৬.৪৩	৬.৪৪
জোহর	১২.৫১	১২.৫০	১২.৫০	১২.৫০	১২.৪৯	১২.৪৯	১২.৪৯
আসর	৫.১৩	৫.১২	৫.১০	৫.০৯	৫.০৭	৫.০৬	৫.০৪
মাগরিব	৭.০২	৭.০১	৬.৫৯	৬.৫৭	৬.৫৫	৬.৫৪	৬.৫২
এশা	৮.১৮	৮.১৬	৮.১৫	৮.১৩	৮.১১	৮.০৯	৮.০৭

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।


- সম্পাদক।











জেএফকে বিমানবন্দরে আ. লীগ-বিএনপির পাল্টাপাল্টি

(শেষের পাতার পর)

বিমানবন্দরের চার নম্বর টার্মিনাল এলাকায় পৃথক পৃথকভাবে সমাবেশ দুটি চলে। উভয় সমাবেশে বিপুল সংখ্যক দলীয় নেতা-কর্মী অংশ নেন এবং এসময় কড়া নিরাপাত্তা রক্ষায় ব্যাপক সংখ্যক পুলিশের উপস্থিতি ছিলো লক্ষনীয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাত ১০টার দিকে নিউইয়র্ক একে পৌছেন। এদিকে আওয়ামী লীগ-বিএনপির পাল্টাপাল্টি সমাবেশ চলাকালীন সময়ের এক পর্যায়ে বিএনপির এক কর্মী ছাত্রলীগের এক কর্মীর উপর চড়াও হলে বিএনপি'র ঐ কর্মীকে পুলিশ গ্রেফতার করেছে বলা জানা গেছে। খবর ইউএনএ'র।

প্রধানমন্ত্রীা আগমন ঘিরে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ বিমানবন্দরে স্বাগত সমাবেশ আর বিএনপির নেতা-কর্মীরা শেখ হাসিনা সরকারের তাদের 'ভাষায় অগণতান্ত্রিক কর্মকান্ড ও নিপিড়ন-নির্যাতন, হামলা-মামলা, গুম-খুন এবং ভোটারবিহীন নির্বাচনের মাধ্যমে ক্ষমতায় আঁকড়ে থাকা'র প্রতিবাদে বিক্ষোভ-প্রতিবাদ কর্মসূচি পালন করে। এসময় দুই দলের নেতা-কর্মীরা দলীয় ব্যানার, ফেস্টুন হাতে প্লাল্টাপাল্টি শ্লোগানে মুখরিত হয়ে উঠে বিমানবন্দর। তবে বরাবরের মতো সরকার দলীয় নেতা-কর্মীরা বিমানবন্দরে প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার কোন সাক্ষাৎ পাননি।

আওয়ামী লীগের স্বাগত সমাবেশ: প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে স্বাগতম-শুভেচ্ছা জানিয়ে আওয়ামী লীগ জেএফকে বিমানবন্দরের চার নম্বর টার্মিনালের যাত্রী ওয়েটিং এলাকায় আয়োজিত কর্মসূচিতে (সন্ধ্যা ৭টা থেকে সাড়ে ৮টা) উল্লেখযোগ্য নেতৃবৃন্দের মধ্যে সংগঠনের সভাপতি ড. সিদ্দিকুর রহমান ও সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ ও সিনিয়র সহ সভাপতি এম ফজলুর রহমান সহ ড. প্রদীপ কর, ডা. মাসুদুল হাসান, জয়নাল আবেদদীন, সামসুদীন আজাদ, লুৎফুল করীম, নিজাম চৌধুরী, আইরীন পারভিন, মহিউদ্দিন দেওয়ান, হাজী এনাম, আব্দুর রহীম বাদশা, মিসবাহ আহমেদ, ফরিদ আলম, এডভোকেট শাহ বখতিয়ার, এম এ করীম জাহাঙ্গীর, কাজী কয়েস, তোফায়েল আহমেদ চৌধুরী, শরিফ কামরুল হিরা, শাহীন আজমল, শাহনাজ মমতাজ, ফরিদা ইয়াসমীন, রফিকুর রহমান, ইমদাদ চৌধুরী, জাকারিয়া চৌধুরী, এম আলমগীর, নূরুল আমীন বাবু, সাইকুল ইসলাম, দরুদ মিয়া রনেল, সেবুল মিয়া, রহিমুজ্জামার সুমন, জামাল হোসেন, আবুল হোসেন, হাসান জিলানী, খান শওকত, আব্দুল মুহিত, আব্দুল কাদের মিয়া ছাড়াও পেনসিলভেনিয়া, নিউইংল্যান্ড, ওয়াশিংটন ডিসি, ফ্লোরিডা, ক্যালিফোর্নিয়া, শিকাগো ষ্টেট এবং কানাডা আওয়ামী লীগের সহস্রাধিক নেতা-কর্মী অংশ নেন বলে ড. সিদ্দিকুর রহমান দাবী করেছেন।

বিএনপি'র বিক্ষোভ-প্রতিবাদ: অপরদিকে যুক্তরাষ্ট্র বিএনপি'র নেতা-কর্মীরা 'যেখানে হাসিনা সেখানেই প্রতিবাদ-প্রতিরোধ' কর্মসূচীর অংশ হিসেবে জেএফকে বিমানবন্দরের চার নম্বর টার্মিনালের পার্কিং লটে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পদত্যাগ দাবী ও অবিলম্বে তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচনের দাবীতে বিক্ষোভ সমাবেশ (৬টা থেকে ৭টা) করে। তবে পুলিশী বাধার কারণে সমাবেশটি বেশীক্ষণ স্থায়ী হয়নি। দলীয় সূত্রে জানা গেছে, অনুমতিপ্রাপ্ত সময়ের বেশী সময় পুলিশ সমাবেশ করতে দেয়নি। কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য যথাক্রমে আব্দুল লতিফ সম্রাট, জিল্লুর রহমান জিল্লু, গিয়াস আহমেদ ও মিজানুর রহমান ভূইয়া (মিল্টন ভূইয়া) ছাড়াও এই সমাবেশ যুক্তরাষ্ট্র বিএনপি'র উল্লেখযোগ্য নেতা-কর্মীর মধ্যে এডভোকেট জামাল আহমেদ জনি, আনোয়ার হোসেন, ইঞ্জি-নয়ার জাকির হোসেন, আহবাব চৌধুরী, এম এ বাতিন, জাকির এইচ চৌধুরী, আতিকুল ইসলাম আহাদ, মিজানুর রহমান, পারভেজ সাজ্জাদ, গোলাম ফারুক শাহীন, মাওলানা অলিউল্লাহ মোহাম্মদ আতিকুর রহমান, সাইদুর রহমান সাঈদ, জসীমউদ্দিন (ভিপি), কাওসার আহমেদ, হাবিবুর রহমান, সেলিম রেজা, মোহাম্মদ এ রহমান, আবুল কাসেম, আব্দুস সবুর, মোশারফ হোসেন সবুজ, ওমর ফারুক, আতিকুল ইসলাম আহাদ, বদিউল আলম, শেখ হায়দার আলী, ওমর ফারুক, মাহফুজুল মাওলা নান্নু, আবু তাহের, কাউসার আহমেদ, রেজাউল আজাদ ভূইয়া, রুহুল আমিন নাসির, মোহাম্মদ জে হোসেন, মাজহারুল ইসলাম জনি প্রমুখ সহ দেড় শতাধিক নেতা-কর্মী যোগ দেন।

জ্যাকসন হাইটসে হাতাহাতি-ধাক্কাধাকি: অপরদিকে জেএফকে বিমানবন্দরে পাল্টাপাল্টি সমাবেশ শেষে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও বিএনপি'র নেতা-কর্মীরা রাতে জ্যাকসন হাইটসে সমবেত হয়। স্থানীয় বাংলাদেশ স্ট্রীটে (৭৩ স্টাট)-এর নবান্ন রেষ্টুরেন্টের সামনে আওয়ামী লীগের নেতা-কর্মীরা আর বিএনপি'র নেতা-কর্মীরা ডাইভারসিটি প্লাজায় সমবেত হওয়ার পর বিএনপি সরকার বিরোধী শ্লোগান দিয়ে বাংলাদেশ স্ট্রীট দিয়ে যাতায়াতের সময় উভয় দলের নেতা-কর্মীদের মাঝে চরম উত্তেজনা দেখা দেয় এবং এক পর্যায়ে হাতাহাতি-ধাক্কাধাকির ঘটনা ঘটে। এসময় সিটি পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। হাতাহাতি-ধাক্কাধাকির ঘটনায় কেউ আহত হয়নি।



জয় বাংলা

জয় বঙ্গবন্ধু



বিশ্ব মানবতা আর শান্তির প্রতীক
মাননীয় প্রধানমন্ত্রী ও জননেত্রী

শেখ হাসিনার সরকার

উন্নয়নের সরকার
বারবার দরকার



শেখ আতিক
সহ সভাপতি
নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগ



LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে **B1/B2/F1/M1/J1** ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ম্যানহাটনে **বাংলাদেশী এটর্নী**



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: **(917)-434-3338**
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসার নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনানে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিয়ে পারেন এবং ৫ বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিস্ট্রাকচারিংসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

পাটসহ সব ফসলে ‘খামারি’ অ্যাপ

॥ আবদুল্লাহ-আল-বাক্কী ॥



বিশ্বায়নের বর্তমান যুগে আধুনিক নানা প্রযুক্তির উদ্ভাবন, কৃত্রিম বুদ্ধিমত্তার আবির্ভাব ও যোগাযোগব্যবস্থার আমূল পরিবর্তন সমগ্র উৎপাদন ও বণ্টন ব্যবস্থাকে পাল্টে দিয়েছে। অর্থনীতির শিল্প খাত ও সেবা খাতের মতো কৃষি খাতও দিন দিন হয়ে উঠেছে স্মার্ট ও প্রযুক্তিনির্ভর। কৃষির আধুনিকায়নের লক্ষ্যে বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়সহ বিভিন্ন সংস্থাও নিয়মিত নানা কার্যক্রম গ্রহণ করছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মুঠোফোনে ‘খামারি’ অ্যাপ উন্মোচন করেছে, যা নানা বিজ্ঞানভিত্তিক তথ্য কৃষক, কৃষিবিজ্ঞানী ও নীতিনির্ধারকদের সরবরাহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

কৃষি গবেষণা ফাউন্ডেশনের আর্থিক সহায়তায় ২০১৭ থেকে ২০২৫ সাল মেয়াদে ‘ডেভেলপমেন্ট অব উপজেলা ল্যান্ড সুইটেবিলিটি অ্যাসেসমেন্ট অ্যান্ড ক্রপ জোনিং সিস্টেম অব বাংলাদেশ’ নামের একটি প্রকল্প বাস্তবায়ন করছে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল। এই প্রকল্পের উপজাত হিসেবে ‘খামারি’ অ্যাপটি তৈরি করা হয়েছে। এ অ্যাপে আধুনিক ক্রপ জোনিং প্রযুক্তি ব্যবহার করা হয়েছে। ক্রপ জোনিংয়ে মূলত এলাকাভিত্তিক মাটির বৈশিষ্ট্য, আবহাওয়া-জলবায়ু ও ফসলের অর্থনৈতিক দিক–এই তিনটি বিষয়ে তথ্য সংগ্রহ করা হয়।

এসব তথ্য দিয়ে কোন এলাকার জমি কোন মৌসুমে কোন ধরনের ফসলের জন্য উপযোগী, এলাকাভিত্তিক কোন ফসল অর্থনৈতিকভাবে লাভজনক তা চিহ্নিত করা অত্যন্ত সহজ। এককথায় প্রাকৃতিক সম্পদের সর্বোচ্চ ব্যবহার করে অধিক ফসল উৎপাদনের যোগ্য এলাকা নির্ধারণ করার মাধ্যমে উৎপাদন বাড়াতে সহায়তা করে ক্রপ জোনিং। এ ছাড়া খামারি অ্যাপে ভূ-স্থানিক প্রযুক্তি তথা আধুনিক জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (জিআইএস) ও রিমোট সেন্সিং প্রযুক্তি ব্যবহার করা হয়েছে। একই সঙ্গে অ্যাপটিতে উঁচু-নিচু জমির ক্ষেত্রে শাটল রাডার টপোগ্রাফি মিশনের (এসআরটিএম) তথ্য-উপাত্ত ব্যবহার করা হয়েছে।

কৃষকদের সুবিধার্থে এটি সম্পূর্ণ বাংলায় তৈরি করা হয়েছে। অ্যাপটির পরিকল্পনাকারী ও স্বত্বাধিকারী বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ভূমি ও মৃত্তিকাস-ংক্রান্ত তথ্য প্রদানকারী মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট ও নির্মাতা ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং।

পাটসহ সব ফসলে ‘খামারি’ অ্যাপঅ্যাপটিতে প্রবেশ করলেই ফসল উপযোগিতা, সার সুপারিশ, ফসল জোন, শস্যবিন্যাস, সংরক্ষিত তথ্য ও মাটির গুণাগুণ নামক ভিন্ন ভিন্ন মেন্যুবার পাওয়া যায়। ফসল উপযোগিতা মেন্যুতে প্রবেশ করলে অবস্থানভিত্তিক ও ইউনিয়নভিত্তিক দুটি অপশন পাওয়া যায়। অবস্থানভিত্তিক অপশনে প্রবেশ করলে স্বয়ংক্রিয়ভাবে মোবাইল ফোনটির অবস্থানকৃত স্থানের ম্যাপ, দ্রাঘিমাংশ, অক্ষাংশ ও এইজেডের তথ্য প্রদর্শন করে।

এ ছাড়া এই অপশনে মৌসুম, ফসল, ফসল পরিবেশ ও লাভজনক ফসল নির্ধারণের মেন্যুবার পাওয়া যায়। মৌসুম অপশনে রবি, খরিফ-১ ও খরিফ-২ নির্ধারণের সুযোগ রয়েছে। ফসল অপশনে ওই এলাকায় চাষ করা সব ফসলের তালিকা রয়েছে। এ ছাড়া লাভজনক ফসল অপশনে প্রবেশ করলে ওই এলাকায় যেসব শস্য চাষ লাভজনক তার প্রতি শতাংশে মুনাফার হারের পরিমাণ জানা যায়। একই সঙ্গে ইউনিয়নভিত্তিক অপশনে প্রবেশ করলে বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়নের মেন্যুবার পাওয়া যায়। এখানে কাঙ্ক্ষিত এলাকার তথ্য সঠিকভাবে প্রদান করলে মৌসুম অনুযায়ী শস্য গ্রুপ ও উপযোগী ফসলের তালিকা পাওয়া যায়। বসতবাড়িতে অবস্থান করলে পার্শ্ববর্তী কৃষিজমিতে ম্যাপের অবস্থান নির্ধারণ করে নিতে হয়।

সার সুপারিশ মেন্যুবারে প্রবেশ করলে অবস্থানভিত্তিক ও ইউনিয়নভিত্তিক দুটি অপশন পাওয়া যায়। এ দুটি অপশনের অধীনে আবার ফসল অনুসারে ও ফসলবিন্যাস অনুসারে শিরোনামের দুটি অপশন রয়েছে। এসব অপশনের মাধ্যমে মৌসুমভিত্তিক কাঙ্ক্ষিত ফসলের তথ্য জানতে চাইলে ওই শস্যের বিভিন্ন জাতভিত্তিক প্রতি শতাংশে সার সুপারিশ ও সার প্রয়োগ পদ্ধতির পূর্ণাঙ্গ তথ্য পাওয়া যায়।

ফসল জোন মেন্যুবারে প্রবেশ করে কাঙ্ক্ষিত এলাকার মৌসুমভিত্তিক ফসলের তালিকা পাওয়া যায়। শস্যবিন্যাস মেন্যুবারে কাঙ্ক্ষিত এলাকার মৌসুমভিত্তিক বর্তমান শস্য বিন্যাস ও লাভজনক শস্য বিন্যাসের তালিকা, লাভ ও আয়-ব্যয় অনুপাতের তথ্য জানা যায়। মাটির গুণাগুণ মেন্যুবারে এলাকার মাটির বৈশিষ্ট্য ও মাটির পুষ্টি উপাদানের মান সম্পর্কে জানা যায়। উপরোক্ত যেসব তথ্য আমাদের জন্য জরুরি তা সংরক্ষণ করা যায় এবং পরবর্তী সময়ে সংরক্ষিত তথ্য মেন্যুবার থেকে সহজেই তা ব্যবহার করা যায়। এ ছাড়া অন্যান্য মেন্যুবারের অধীনে কৃষি প্রযুক্তি, কৃষিসেবা, ইনফোগ্রাফিকস, আবহ-াওয়া, কৃষি কল সেন্টার ও দুর্যোগের আগাম বার্তা সম্পর্কিত নানা তথ্য জানা যায় এবং অ্যাপটি সম্পর্কিত যেকোনো পরামর্শ প্রদান করা যায়।

এ অ্যাপের তথ্যের ভিত্তিতে কৃষক সহজেই তাঁর জমির জন্য লাভজনক ফসল নির্ধারণ করতে পারবেন এবং সেই ফসলের উৎপাদন পদ্ধতিও ঠিক করতে পারবেন। একই সঙ্গে অ্যাপের তথ্য গবেষক ও নীতিনির্ধারকদের নানা কার্যক্রমেও সহায়তা করবেন। এখন পর্যন্ত অ্যাপটিতে দেশের ৩৬০টি উপজেলার ৭৬টি ফসলের ক্রপ জোনিং পাওয়া যায়। অ্যাপটি বর্তমানে গুগল প্লেস্টোরে পাওয়া যাচ্ছে এবং এটি ডাউনলোড করা হয়েছে ১০ হাজার বারের বেশি। এ ছাড়া প্রতিটি উপজেলায় সহকারী কৃষি কর্মকর্তা, কৃষক প্রতিনিধি ও সার ব্যবসায়ীদের নিয়ে ৪০ জনের দল গঠন করে অ্যাপটির ওপর প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

বাংলাদেশের মতো কৃষিপ্রধান দেশে খামারি অ্যাপের উদ্ভাবন নিঃসন্দেহে একটি প্রশংসনীয় উদ্যোগ। অ্যাপটি ব্যবহার করে অন্যান্য ফসলের পাশাপাশি পাট চাষ করে উপকৃত হতে পারেন কৃষকরা। অ্যাপটিতে পাটের বিভিন্ন জাত, এগুলোর সার সুপারিশ, সার প্রয়োগ পদ্ধতি ও মু-নাফার হার সম্পর্কে বিস্তারিত তথ্য পাওয়া যায়। পাট চাষিরা এটি ব্যবহারের মাধ্যমে পরিমিত সার প্রয়োগ করে সর্বোচ্চ ফলন পেতে পারেন। পাট উৎপাদনপ্রবণ ৪৬টি জেলায় উৎপাদন বৃদ্ধির পাশাপাশি অবশিষ্ট জেলাগুলোতেও পাট চাষ সম্প্রসারণে ‘খামারি’ অ্যাপ কৃষক ও গবেষকদের জন্য সহায়ক ভূমিকা পালন করতে পারে।

লেখক : বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট



MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

40-19 73rd St. Woodside, NY 11372
Tel: 718-701-2666

রুমী ডেন্টাল ল্যাব



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)

Tel: 718-672-0209, 718-414-4760

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।	বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে *প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়*	ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

১৩ সেপ্টেম্বর ২০২৩ থেকে এ্যাফারমেটিভ রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের অবশ্যই দোভাষী আনতে হবেঃ

ইউএস সিটিজেনশীপ এ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস এ্যাফারমেটিভ রাজনৈতিক আশ্রয় প্রার্থীদের স্মরণ করিয়ে দিয়েছে যে, ১৩ সেপ্টেম্বর, ২০২৩ থেকে যারা ইংরেজিতে দক্ষ নন বা যারা ইংরেজির বাইরে অন্যকোন ভাষায় ইন্টারভি দিতে চান তাদের ইন্টারভিউ দেয়ার সময় নিজেদের অবশ্যই একজন দোভাষী আনতে হবে।

আপনার দোভাষী প্রয়োজন হলে এবং আপনি যদি কোন দোভাষী নিয়ে না আসে কিংবা আপনার দোভাষী যদি ইংরেজি বা আপনার ভাষায় কথা বলতে না পারেন এবং আপনি যদি উপযুক্ত কোন কারণ প্রতিষ্ঠিত করতে ব্যর্থ জন সেক্ষেত্রে আমরা ধরে নেব যে সাক্ষাতকারে আপনি হাজির হতে ব্যর্থ হয়েছেন। আমরা তাহলে আপনার রাজনৈতিক আশ্রয়ের আবেদন বাতিল করে দেব কিংবা আপনার রাজনৈতিক আশ্রয় প্রার্থনার আবেদন একজন ইমিগ্রেশন জজের কাছে পাঠিয়ে দেয়া হবে। আমরা কেস বাই কেস ভিত্তিতে উপযুক্ত কারণ নির্ধারণ করব।

দোভাষীকে অবশ্যই ইংরেজি এবং আপনার ভাষা ভালোভাবে জানতে হবে। তার বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে। দোভাষীকে অবশ্যই এমন হলে চলবে না যে;

আপনার এটর্নী বা অনুমোদিত প্রতিনিধি;

আপনার পক্ষের ফোন সাক্ষী;

আপনি যে দেশের নাগরিক বা স্টেটলেস হলে সর্বশেষ যে দেশে অবস্থান করেছেন সেদেশের নাগরিক হলে অর্থাব যে ব্যক্তি নিজের ও রাজনৈতিক আশ্রয়প্রার্থী এবং তার ইন্টারভিউ এখনও হয়নি।



গত ২০২০ সালের ২৩ সেপ্টেম্বর আমরা টেম্পোরারি ফাইনাল রুলের (টিএফআর) সাক্ষাথকারের সময় প্রয়োজনীয় দোভাষীকে সঙ্গে নেয়অর পরিবর্তে টেলিফোনে আমাদের দোভাষী ব্যবহারে কথা লিখেছিলাম কোভিড-১০ এবং জাতীয় জরুরী অবস্থানকারী থাকার এ্যাসাইলাম অফিসারদের মধ্যে যাতে কোভিড ছড়িয়ে না পড়ে সেজন্য টেলিফোন দোভাষীর মাধ্যমে সাক্ষাতকারের ব্যবস্থা ব্যবহারের সাক্ষাতকারের ব্যবস্থা ব্যবহারের কথা বলা হয়েছিলো। সেসময় জনস্বাস্থ্য জরুরী অবস্থা কার্যকর ছিলো। সেই নিয়মটাই ১২ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। জরুরী জন স্বাস্থ্য পরিস্থিতি কেটে গেলেও চতুর্থবারের মতো এর সময়সীমা বাড়ানো হয়েছে। টি এফ আর-এর সময়সীমা শেষ হওয়ার পর আমরা আবার সেই পুরনো ৮ সিএফআর ২০৪.৯ (জি) সাধারণ বিধির অধীনে দোভাষী ব্যবহারের ব্যবস্থায় ফিরে যাব।

নিউইয়র্ক থেকে আসলাম খানের প্রশ্নঃ

আমরা স্বামী-স্ত্রী ইউএসএর সিটিজেন। আমরা উভয়েই ফুলটাইম কাজ করি। আমাদের ইচ্ছা আমাদের উভয়ের বাবা-মাকে কিছুদিনের জন্য এদেশে বেড়াতে আসার জন্য স্পন্সর করতে চাই। আমাদের এক বন্ধু বলেছে যে আমরা তাদের ভ্রমণের জন্য স্পন্সর করতে পারি। আমাদের বাবা-মা তাদের কাজ থেকে অবসর গ্রহণ করেছেন। তারা উভয়েরই খুব গুরুত্বপূর্ণ চাকরি করতেন। অর্থাৎ তারা এখন অবসর জীবন যাপন করছেন। কিন্তু তারা কখনই কখনই পার্মানেন্টলি এদেশে এসে থাকতে চান না। তারা সাময়িকভাবে এখানে বেড়াতে আসতে পারেন। কারণ বাংলাদেশে তাদের এখনও ভালো উপার্জন।

এই বিভাগের এর আগে আমার প্রশ্নের মতোই প্রায় একই রকমের একটি প্রশ্ন দেখেছিলাম। আমি আজ আমার প্রয়োজনে আপনার পরামর্শের আশায় এই বিভাগের মাধ্যমে জানতে চাচ্ছি যে আমি তাদের জন্য স্পন্সরশীপের ফরম পূরণ করতে পারি কিনা? এ ব্যাপারে তাদের জন্য কী কী তথ্যপত্র অর্থাৎ ডকুমেন্ট লাগবে? এ বিষয়ে আপনার পরামর্শের অপেক্ষায় রইলাম। আশাকরি আমাদের বাবা-মায়ের জন্য আপনার পরামর্শ পাব এবং প্রকৃত হবো।

আসলাম খানের প্রশ্নের উত্তরঃ

কোন বিদেশি নাগরিককে ইউএসএত ঢুকতে হলে তাকে প্রথমেই ভিসা পেতে হবে। আর সে ভিসা সাময়িক অবস্থানের জন্য নন-ইমিগ্র্যান্ট ভিসা কিংবা পার্মানেন্ট রেসিডেন্টেসর জন্য ইমিগ্র্যান্ট ভিসা। সাময়িক অবস্থান হলে বিজনেসের এবং (ভিসা ক্যাটগরি বি-২), ভ্রমণের (ভিসা ক্যাটাগরি বি-২) অথবা ব্যবসা ও ভ্রমণের উভয় উদ্দেশ্য (বি-/বি-১)।

ইউএস গভর্নমেন্ট বি-২ ভিজিটর ভিসার জন্য কোন স্পন্সশীল চায়না। তবে স্পন্সরশীপ পেলে ভিসা প্রসেসিং এর প্রক্রিয়া অনুমোদনের সাহায্য হতে পারে। বি-২ ভিজিটর ভিসা; বি-২ ভিসা ট্যুরিজম, আকাশ যাপন এবং বন্ধু ও পরিবারের সদস্যদের সঙ্গে দেখা সাক্ষাতের জন্য প্রয়োজন নয়। এছাড়াও সামাজিক অনুষ্ঠানে যোগ দেয়ার জন্যেও বি-১ ভিসা দেয়া হয়ে থাকে।

ভিসা আবেদনের জন্য যেসব তথ্য দরকারঃ

সাক্ষাতকারের জন্য নিম্নে উল্লেখিত তথ্যপত্র দরকার। পাসপোর্টঃ ইউএসও ভ্রমনের জন্য বৈধ ভিসা এবং তার মেয়াদ ইউএস অবস্থানের পরও কম্পক্ষে ৬ মাসের ভিসার মেয়াদ থাকতে হবে। নন-ইমিগ্র্যান্ট ভিসার আবেদনঃ ডিএস -১৬০ ফরম এর কনফারসেশন পেস থাকতে হবে। অন লাইনে ফরম করেছেন জন্য ডিএস ১৬০ ফরম প্রিন্ট করে নিতে হবে। আবেদন করার জন্য নির্দিষ্ট অর্থ পরিশোধের রশিদঃ ফটোঃ অন লাইনে ডিএস-১৬০ ফরম পূরনের সময় নিজের ফটো আপলোড করতে হবে। আপলোড করতে না পারলে সাক্ষাতকারের সময় চবির হার্ড কপি সঙ্গে রাখতে হবে।

স্পসরশীপের ডকুমেন্টঃ

যদিও ভিজিট ভিসার জন্য কোন আবেদনপত্র বা এ্যাফিডেভিট অব সাপোর্টের প্রয়োজন নেই বলে আগেই উল্লেখ করা হয়েছে। কিন্তু যদি আপনি তা নিতে চান তবে নিম্নের কাগজপত্র নিতে হবে।

অতি সম্প্রতিক আপনার আপনার ট্যাক্স রিটাএর্নর কপি,

ব্যাংকের চঠি এবং ব্যাক স্টেটসেন্ট জব লেটার।

সফর শেখ করে ইউএসএতে আর অবস্থান করবেন না- তার প্রমাণ, আপনার ভ্রমণের সফল ব্যয় ভার বহন করার ক্ষমতার প্রমাণ। কর্মসংস্থানের কাপগজপত্র, নিজের সম্পূর্ণ ব্যয়ভার বহন করতে না পারলে, অন্য কেউ আপনার আংশিক বা সম্পূর্ণ ব্যয় বহন করবে তার বিশ্বাসযোগ্য প্রমান।

সর্বশেষ আবারো আপনাদের সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

ডেঙ্গু মহামারী

॥ মীযানুল করীম ॥



ডেঙ্গু স্প্যারিশ ভাষার একটি শব্দ। ভারতের পশ্চিম বঙ্গে ডেঙ্গু না বলে 'ডেঙ্গি' বলা হলেও এর তীব্রতা বা প্রচণ্ডতা কমে না। ডেঙ্গু কোনো সাধারণ জ্বর নয়। কোনো কোনো সিনিয়র সাংবাদিক এতে এবার আক্রান্ত বলে ভয় আরো বেশি। ডেঙ্গু দুই রকম : এক ধরনের ডেঙ্গুতে মারাত্মক বিপদ ঘটে না; আর এক ধরনের ডেঙ্গুতে রক্তক্ষরণ হয়, দুই চোখ লাল হয়ে থাকে; ভয়ের কারণ এটাই।

ডেঙ্গুতে মাত্র ৯ দিনে এ দেশে ১০৯ জন মারা গেছে। ছোট বেলায় পড়তাম, মশা তিন রকম এনোফেলিস, কিউলেডও স্টেগোমিয়া। এনোফেলিস থেকে ম্যালেরিয়া হয় যা সীমান্ত দিয়ে দেশে ঢুকে পড়ে। এক সময়ে 'ম্যালেরিয়া নির্মূল কর্মসূচি চালু ছিল। পরে তা অবলুপ্ত করা হয়। এটা স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে ছিল। এতে ডাক্তাররা চিকিৎসা দিতেন। কিউলেড গোদ রোগের কারণ। এটা উত্তরবঙ্গে ভয়ের একটি প্রধান হেতু। গোদ রোগকে ইংরেজিতে ঊষবঢ়যধহঃরধংরং বলে। কারণ, গোদ রোগ হলে শরীরের একটি অঙ্গ খুব বড় হয়ে যায়। এটি সংক্রামক ব্যাধি। ম্যালেরিয়া আবার আমাদের সীমান্ত অঞ্চলে দেখা দিয়েছে। হয়তো এনোফেলিস মশা সীমান্তের ওপার থেকে আসছে এবং 'ম্যালেরিয়া নির্মূল কর্মসূচি' চালু হতে পারে আবার। কিন্তু স্টেগোমিয়ার কাজ কী, এ কথা বলা হয় না। এখন 'ডেঙ্গু মিয়া'র ভীষণ উপদ্রব শুরু হয়েছে। ডেঙ্গু মশা দুই রকম, গ্রামে ও শহরে ভিন্ন রকম। ডেঙ্গু রোগ ছড়ায় যে মশা তারা পরিষ্কার পানিতে বাস করে। এরা দেখতে সুন্দর। সকালে সূর্য উঠার পরেও ১ ঘণ্টা ২ ঘণ্টা ঘুরে বেড়ায়। সন্ধ্যায় ১ ঘণ্টা ২ ঘণ্টা আগে থেকে ওদের তৎপরতা থাকে। এ জন্য ডাক্তাররা মশার কামড় থেকে বাঁচার জন্য দিনেও সবাইকে মশারি ব্যবহার করতে বলেন। বর্তমান স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, 'মশা আগে কমাতে হবে, মশা না কমালে ডেঙ্গু পরিস্থিতি আরো ভয়াবহ হবে।' অপর দিকে, বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, 'স্বাস্থ্যমন্ত্রী ও ঢাকার দুই মেয়রই বর্তমান ডেঙ্গু পরিস্থিতির জন্য দায়ী, তাদেরকে পদত্যাগ করতে হবে। তাদের জনগণের জন্য দরদ নেই। কারণ তারা অনির্বাচিত, গণবিরোধী এবং অমানবিক।'

আসলে আমরা করোনা মহামারী থেকে কিছুই শিখিনি। মনে করেছি, হয়তো ওইটাই শেষ মহামারী। অথচ বিশ্ব স্বাস্থ্য সংস্থা করোনা মহামারীর চেয়েও ডেঙ্গু পরিস্থিতিকে বেশি গুরুত্ব দিয়েছে এবং বলেছে, বাংলাদেশে ডেঙ্গু পরিস্থিতি আরো খারাপ হলে বিশ্বে এর প্রভাব পড়বে। বাংলাদেশে ডেঙ্গুতে কতজন মারা গেছে এবং কতজন আক্রান্ত, হাসপাতালগুলোতে কতটি সিট আছে, তার মধ্যে কতটি ডেঙ্গু রোগীর জন্য বরাদ্দ, এর কোনো পরিসংখ্যানই সরকারের কাছে নেই বলে বিরোধী দল দাবি করেছে। তার সাথে এ নিয়ে নানাবিধ দুর্নীতি ও অনিয়ম চলছে বলে অভিযোগ।

ডেঙ্গুতে মানুষের মৃত্যু কমছে না। স্বাস্থ্য অধিদফতরের তথ্য অনুযায়ী, গত শুক্রবার সকাল ৮টা থেকে শনিবার সকাল পর্যন্ত ২৪ ঘণ্টায় সারা দেশে ডেঙ্গুতে আরো ১০ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে ঢাকার বাইরের হাসপাতালগুলোয় মারা গেছেন পাঁচজন। একই সময়ে ডেঙ্গুতে আক্রান্ত আরো ২ হাজার ৭৪৮ জন বাংলাদেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন।

চলতি সেপ্টেম্বরের শুরু থেকেই ডেঙ্গুতে মৃতের সংখ্যা বাড়ছে। এ মাসের প্রথম ৯ দিনেই মারা গেছেন ১২৩ জন। সব মিলিয়ে চলতি বছর এখন পর্যন্ত মারা গেছেন ৭১৬ জন, যা রেকর্ড।

এ পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্তের সংখ্যা ১ লাখ ৪৫ হাজার ২২৬ জন। ৭৯ হাজারের বেশি ঢাকার বাইরে।

স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের তথ্যে দেখা যায়, আক্রান্তের সংখ্যা ঢাকার বাইরে বেশি হলেও ডেঙ্গুতে মৃত্যু বেশি ঢাকায়। ঢাকায় মারা গেছেন ৫১৩ জন এবং ঢাকার বাইরে ২০৩ জন।

সরকারের তথ্য নারীদের চেয়ে পুরুষরা বেশি আক্রান্ত হচ্ছেন। তাদের ৬১ দশমিক ৮ শতাংশই পুরুষ এবং ৩৮ দশমিক ২ শতাংশ নারী। নারী মারা যান ৪১৮ জন এবং পুরুষ ২৯৮ জন।

৩১ থেকে ৪০ বছর বয়সীরা বেশি মারা যাচ্ছেন, যা মোট মৃত্যুর ১৯ শতাংশ। অন্য দিকে, ১৬ থেকে ৩০ বছর বয়সীরা বেশি আক্রান্ত হচ্ছেন। মোট আক্রান্তের ৪১ শতাংশ এই বয়সীরা।

ডেঙ্গু রোগীরা অনেক রোগী দেরিতে এবং অবস্থা জটিল হওয়ার পরই হাসপাতালে আসছেন। বিশ্ব স্বাস্থ্য সংস্থার পর্যালোচনা বলছে, ৫৫ শতাংশ রোগীর মৃত্যু হচ্ছে হাসপাতালে পৌঁছানোর ২৪ ঘণ্টার মধ্যেই।

জনস্বাস্থ্যবিদরা আশঙ্কা করছেন, ডেঙ্গুতে আক্রান্ত হওয়া ও মৃত্যুর বর্তমান ধারা আরো কিছু দিন একই থাকবে। আর আক্রান্ত রোগীর সংখ্যা না কমলে মৃত্যুও কমবে না। ঢাকার চেয়ে ঢাকার বাইরে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বেশি। এখন মৃত্যুর হারও বেড়ে যাচ্ছে ঢাকার বাইরে। জনস্বাস্থ্যবিদরা বলছেন, ব্যাপক সংক্রমণের কারণেই সেখানে মৃত্যু বাড়ছে। এ ছাড়া ঢাকার বাইরে চিকিৎসা ব্যবস্থা পিছিয়ে আছে। সেটাও মৃত্যুর সংখ্যা বৃদ্ধির একটা কারণ।

গত রোববার ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরো ১৪ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর দেশে ডেঙ্গুতে ৭৩০ জনের মৃত্যু হলো। আর চলতি সেপ্টেম্বর মাসের প্রথম ১০ দিনে এডিস মশাবাহিত এ রোগে মৃত্যু হলো ১৩৭ জনের।

গত রোববার স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় (শনিবার সকাল ৮টা থেকে গত রোববার সকাল ৮টা পর্যন্ত) ডেঙ্গুতে ঢাকায় ৮ জন এবং ঢাকার বাইরে ৬ জন মারা গেছেন। এ সময় ডেঙ্গু নিয়ে ২ হাজার ৯৯৩ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। তাদের মধ্যে ঢাকার বিভিন্ন হাসপাতালে ৯৯৪ এবং ঢাকার বাইরের হাসপাতালগুলোয় ১ হাজার ৯৯৯ জন নতুন রোগী ভর্তি হয়েছেন।

চলতি বছর ডেঙ্গু নিয়ে হাসপাতালে মোট ভর্তি হয়েছেন ১ লাখ ৪৮ হাজার ৩২৮ জন। তাদের মধ্যে ঢাকার বিভিন্ন হাসপাতালে ৬৭ হাজার ৫৯ এবং ঢাকার বাইরে ৮১ হাজার ২৬৯ জন।

ডেঙ্গুতে গড় মৃত্যুর হার শূন্য দশমিক ৫। এর মধ্যে ঢাকায় শূন্য দশমিক ৮, বাইরে শূন্য দশমিক ৩। গত বুধবারও ঢাকার বাইরে ছিল শূন্য দশমিক ২। এরপর থেকে ধারাবাহিকভাবে বেড়েই চলেছে এ হার।

সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর) উপদেষ্টা ডা: মুশতাক হোসেন বলেন, ঢাকার বাইরে মৃত্যুর হার বাড়ছে। ঢাকার বাইরে কমিউনিটি ক্লিনিক, উপজেলা ও জেলা হাসপাতাল এবং কিছু মেডিক্যাল কলেজ হাসপাতাল আছে। পরিস্থিতি জটিল হওয়ার পরই আক্রান্ত ব্যক্তিদের বড় হাসপাতালে নেয়া হচ্ছে। এখন জরুরি হলো, মাঠ পর্যায়ে ডেঙ্গু টেস্টের ব্যবস্থা সুগম করা। তাহলে দ্র"ত রোগ নির্ণয় সম্ভব হবে।

ডেঙ্গুতে আক্রান্ত হয়ে সর্বোচ্চ মৃত্যুর রেকর্ড হয়েছিল গত বছর ২৮১ জন। এ ছাড়া, ২০১৯ সালে মৃত্যু হয়েছিল ১৭৯ জনের। ২০২০ সালে ৭ জন এবং ২০২১ সালে ১০৫ জন। চলতি বছর অনেক আগেই সব রেকর্ড ছাড়িয়ে গেছে।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস
ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র
সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.
917-282-9256
Moin Choudhury, Esq
Email: moinlaw@gmail.com
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

জয় বাংলা
জয় বঙ্গবন্ধু

আল্লাহ্ সর্বশক্তিমান

নৌকায় ভোট দিন

বিশ্বশান্তির অগ্রদূত
মাদার অফ হিউম্যানিটি
মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা

জননেত্রী শেখ হাসিনার

জাতিসংঘ অধিবেশনে
যোগদান উপলক্ষে

যুক্তরাষ্ট্র আগমন

শুভেচ্ছা
স্বাগতম



মোঃ ফরিদ আলম

শিল্প ও বাণিজ্য বিষয়ক সম্পাদক,
যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ।

সাবেক সাধারণ সম্পাদক,
বাংলাদেশ আওয়ামী যুবলীগ, যুক্তরাষ্ট্র শাখা

সাবেক সভাপতি,
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা



বিশ্ব শান্তির অগ্রদূত ও ১৪ দলীয় জোটের নেত্রী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মানীয় প্রধানমন্ত্রী জননেতা

শেখ হাসিনা'র



জাতিসংঘের ৭৮তম সাধারণ অধিবেশনে যোগদান উপলক্ষ্যে যুক্তরাষ্ট্র জাসদ-এর পক্ষ থেকে

অভিনন্দন ও শুভেচ্ছা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যাকান্ডের নেপথ্যের ঘটনা দেশবাসীকে জানানোর জন্য তদন্ত কমিশনের শ্বেতপত্র প্রকাশের দাবী জানাচ্ছি। সকল বিতর্কের অবসান ঘটিয়ে জাতীয় তদন্ত কমিশন গঠনের সিদ্ধান্তের অগ্রগতির দাবী জানাচ্ছি।

সকল প্রবাসী ও যুক্তরাষ্ট্র জাসদ-এর পক্ষ থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে দাবীসমূহঃ

১. সরাসরি নিউইয়র্ক-ঢাকা বাংলাদেশ বিমানের ফ্লাইট পুনরায় চালু করতে হবে
২. প্রবাসীদের জাতীয় পরিচয়পত্র প্রদান ও ভোটার তালিকায় নাম নিবন্ধন সহ ভোট প্রদানের সুযোগ নিশ্চিত করতে হবে
৩. প্রবাসীদের মরদেহ বিনা খরচে বাংলাদেশে পাঠানোর ব্যবস্থা করতে হবে
৪. বিমানবন্দরে প্রবাসী হয়রানী নির্যাতন বন্ধের পাশাপাশি অপরাধী কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা নিশ্চিত করতে হবে
৫. প্রবাসী বিনিয়োগ বাড়াতে আমলাতান্ত্রিক জটিলতা নিরসন। প্রবাসী পূঁজির বিনিয়োগে সহজ শর্ত ও রাষ্ট্রীয় নীতিমালা শিথিলের জোর দাবী জানাচ্ছি



দেওয়ান শাহেদ চৌধুরী
সভাপতি

-শুভেচ্ছান্তে-



নুরে আলম জিকু
সাধারণ সম্পাদক

মো: শহীদুল ইসলাম, ওমর আরিফ শিমন, শাহান খান, শাহানুর কোরেশী, মনসুর আহমদ চৌধুরী, শায়েক আহমদ, আশফাক আহমেদ চৌধুরী, আমিনুর রহমান পাপ্পু, ফজল খান, মস্তাব উদ্দিন, শাহ মহিউদ্দিন সবুজ, জয়নাল আহমদ চৌধুরী, আতাউর রহমান, আবুল ফজল লিটন, শওকত ওসমান লস্কর হীরা, শরিফুল হক মঞ্জু, রিপু মিয়া, শহিদুল ইসলাম, রোনা আক্তার, মো: কামরুল, মছব্বির আহমে মহর, সোয়েল খান, সহিদ আহমদ, আসিফ চৌধুরী, আবুল কালাম আজাদ, নোমান আহমদ ইনতিয়াজ, সাকিল আরবী, আব্দুর রাজ্জাক, তরিকুল ইসলাম

জাসদ

যুক্তরাষ্ট্র জাসদ



মান্ত্রীয় প্রধানমন্ত্রী
শেখ হাসিনা'র
জাতিসংঘের ৭৮তম সাধারণ অধিবেশনে যোগদান উপলক্ষ্যে যুক্তরাষ্ট্রে আগমন উপলপক্ষে ::



অভিনন্দন ও শুভেচ্ছা



রফিকুর রহমান
সভাপতি
নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগ



জয় বাংলা
জয় বঙ্গবন্ধু

সার্বজনীন
নাগরিক সংবর্ধনা
২২ সেপ্টেম্বর,শুক্রবার
সন্ধ্যা:৭টা

Marriott
NEW YORK MARQUIS
1535 BROADWAY,
NY 10036



78 UNGA

রফিকুর রহমান রফিক
সভাপতি

ইমদাদ চৌধুরী
সাধারণ সম্পাদক

আয়োজনে-

বাংলাদেশ আওয়ামী লীগ

নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগ

SYLHET MOTORS

Getting Approved is EASY
BAD CREDIT ?
NO CREDIT ?
No Problem...

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

QUALITY PRE-OWNED VEHICLES

YOU WORK
YOU DRIVE



Address: 161-05 Hillside Avenue, Jamaica, NY 11432
Phone: 718-523-3044, www.sylhetmotors.com

আল্লাহ সর্বশক্তিমান

সেবা শান্তি প্রগতি

জয় বাংলা

জয় বঙ্গবন্ধু







শেখ হাসিনা'র
নেতৃত্বে উন্নয়নের
অভিযাত্রায় অদম্য
বাংলাদেশ



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী
বিশ্ব শান্তির অগ্রদূত বঙ্গবন্ধুর কন্যা
জননেত্রী শেখ হাসিনা'র
জাতিসংঘে আগমন উপলক্ষে
যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগ এর পক্ষ থেকে
মুজিবীয় শুভেচ্ছা ও স্বাগতম

বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ

হেলাল মিয়া
যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগ নেতা
সাবেক সদস্য , বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটি
সাবেক সহ-সভাপতি , যুক্তরাষ্ট্র ছাত্রলীগ

জয় বাংলা

আল্লাহু সর্বশক্তিমান

জয় বঙ্গবন্ধু

বিশ্ব শান্তির অগ্রদূত মাদার অফ হিউমিনিটি, বিশ্বনন্দিত রাষ্ট্রনায়ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী

জননেত্রী শেখ হাসিনা'র

প্রবাসী নাগরিক সংবর্ধনা



জেএফকে বিমানবন্দরে

স্বাগত অভ্যর্থনা

১৭ সেপ্টেম্বর, ২০২৩, রবিবার, মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন জননেত্রী শেখ হাসিনাকে নিউইয়র্ক জন এফ কেনেডি বিমানবন্দরে অভ্যর্থনা জানানো হবে (সময় ও টার্মিনাল নাম্বার পরে জানানো হবে)

জাতিসংঘের সামনে

শান্তি সমাবেশ

২২ সেপ্টেম্বর, দুপুর ১২ টা

1st Ave, 46th St. New York, NY 10017

প্রবাসী নাগরিক সংবর্ধনা

Hotel Marriott Marquis. (Ball Room)

1535 Broadway, New York 10036

Date: 22 September 2023

Time: 5:00 PM



মেট্রো রেল



কর্ণফুলী টানেল



রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র



ঢাকা - নারায়নগঞ্জ পাতালরেল প্রকল্প



পদ্মা সেতু



ভূমিহীনদের জন্য আশ্রয়ণ প্রকল্প-২



ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে

সকল প্রবাসী বাঙালি আমন্ত্রিত

আহ্বায়ক	সদস্য সচীব	প্রধান সমন্বয়কারী
সৈয়দ বশারত আলী	কাজী কয়েছ আহমদ	আবদুর রহীম বাদশা

যুগ্ম আহ্বায়ক	যুগ্ম সদস্য সচিব	সমন্বয়কারী
বীর মুক্তিযোদ্ধা আবুল মনসুর খান	মিজবাহ আহমদ	রেজাউল করিম চৌধুরী
বীর মুক্তিযোদ্ধা ডঃ আবদুল বাতেন	ফরিদ আলম	আশরাফ মাসুক, সোহান আহমদ টুটুল
বীর মুক্তিযোদ্ধা শরাফ সরকার	টিপু সুলতান (NJ), শেখ মখলূ মিঞা	সাখাওয়াত আলী, আহমদ জিল্লু (CT)
চন্দন দত্ত, এম,এ,করিম জাহাঙ্গীর	হারুন আহমদ (CT), আল আমিন হক পান্না	মোঃ নুর উদ্দিন, শেখ জামাল হোসেন

উপদেষ্টা : রমেশ নাথ, বীর মুক্তিযোদ্ধা তোফায়েল চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা আজিজুর রহমান সাবু, বীর মুক্তিযোদ্ধা বদরুল হোসেন খান মোঃ হানিফ, মোঃ খাইরুল ইসলাম, বিএম আলাউদ্দিন প্রমানিক, সামসুল আলম খান, মোঃ ইসাক মিঞা (NJ), বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম সরকার বীর মুক্তিযোদ্ধা প্রফেসর এমদাদুল হক, বীর মুক্তিযোদ্ধা জেমস রয়, বীর মুক্তিযোদ্ধা হুমায়ুন কবির, বীর মুক্তিযোদ্ধা ডাঃ তাজুল ইসলাম

সদস্য : আব্দুল মালিক চুন্নু, শামীম আহমেদ, একে মজুমদার (NJ), হাজী আফসার উদ্দিন জন (NJ), মোঃ আলী আব্বাস, সৈয়দ আলী মোঃ এবি সিদ্দিক, মুজিবুর রহমান বিপ্লব, আবুল কাশেম ভূইয়া, তজমুল হোসেন, এনায়েত হোসেন জালাল, শাহাদৎ হোসেন, বেলাল উদ্দিন আব্দুল ওদুদ, হাবিবুর রহমান হাবিব, সৈয়দ মামুন, শাহীন আহমদ, সৈয়দ রুহেল, নিখিল দেব নাথ, নোমান আহমদ (NJ), সেলিম আহমদ চৌধুরী (NJ) একেএম চৌধুরী, শাহীন কামালী, শফিউল ইসলাম বাবলু (NJ), মোঃ ফকর উদ্দিন, জামান আহমদ, মাজহারুল এহসান মুরাদ, সুয়েব আহমেদ চৌধুরী, রিটন সরকার, আবুল কাশেম, মনোয়ার হোসেন মনু, তাজ উদ্দিন, নূর উদ্দিন, শাফিউল ইসলাম, মীর ফখরুল আলম, মিয়া মোহাম্মদ দাউদ, এসএম কলিম উল্লাহ, মোঃ ফখর উদ্দিন, একে চৌধুরী, আনোয়ার চৌধুরী পারেখ, রিটন সরকার, মাজহারুল এহসান মুরাদ, আবেদুর রহমান।

আয়োজনেঃ যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও সকল সহযোগী সংগঠন

জয় বাংলা



বিশ্ব মানবতা আর শান্তির প্রতীক
মাননীয় প্রধানমন্ত্রী ও জননেত্রী

শেখ হাসিনার সরকার

উন্নয়নের সরকার, বারবার দরকার



মো: আমিনুল হোসেন
সাবেক সাধারণ সম্পাদক
নিউইয়র্ক সিটি যুবলীগ
সদস্য, যুক্তরাষ্ট্র আওয়ামী যুবলীগ

জয় বঙ্গবন্ধু



জয় বাংলা



মাননীয় প্রধানমন্ত্রী, স্মার্ট বাংলাদেশ
বিনির্মানের রূপকার জননেত্রী

শেখ হাসিনার

যুক্তরাষ্ট্র আগমনে আন্তরিক



এম ফজলুর রহমান
সিনিয়র সহ সভাপতি
যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ
সাবেক সাধারণ সম্পাদক
বঙ্গবন্ধু ফাউন্ডেশন, যুক্তরাষ্ট্র

জয় বঙ্গবন্ধু



শুভেচ্ছা

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কাস্টমারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MEPPS
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর বাংলাদেশী কমিউনিটি সহ অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম এবং একমাত্র বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm



জাফলং বাঁচাতে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ

(শেষের পাতার পর)

দেয়ার জন্য প্রধানমন্ত্রীর কাছে দাবী জানান যুক্তরাষ্ট্র প্রবাসীরা।

স্মারকলিপিতে প্রবাসীরা জানান, জাফলংয়ের ডাউকি ও পিয়াইন নদীর ১৪ বর্গকিলোমিটার এলাকাকে ইসিএলুক্ত ঘোষনা করে এ এলাকা থেকে যন্ত্রের সাহায্যে পাথর উত্তোলন নিষিদ্ধ করা হয়েছে। অথচ, প্রশাসন, বিজিবি এবং পুলিশের কতিপয় অসাধু কর্মকর্তার যোগসাজশে একটি সংঘবদ্ধ পাথরখেকো চক্র অবৈধ বোমা মেশিন দিয়ে ৬০/৭০ ফুট গভীর থেকে পাথর তুলে আনছে। এতে নদীর পাড় ভেঙ্গে এর গতিপথ বদলে যাচ্ছে। নদী ভাঙ্গনের সৃষ্টি হয়ে একের পর এক গ্রাম নদীগর্ভে বিলিন হয়ে যাচ্ছে। এরই মধ্যে স্থানীয় নয়াবস্তি, কান্দুবস্তি, সংগ্রাম পুঞ্জি, জায়লং চা বাগান এবং বেশ কয়েকটি শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান অস্তিত্ব সংকটে পড়েছে বলে জানানো হয় স্মারকলিপিতে।

স্মারকলিপিতে প্রবাসীরা জানান, অল্প কিছু মানুষের আর্থিক সুবিধার জন্য একটি বৃহত্তর এলাকা ও জনগোষ্টির অস্তিত্ব আজ বিপন্নের পথে। তারা জানান, এ চক্রের সদস্যদের মধ্যে অন্যতম হলো মামার বাজারের ইমরান হোসেন সুমন, নয়াবস্তির আলিম উদ্দিন, ছাবেদ মিয়া, সাবু মিয়া, রহমত মিয়া, ও আতাউর রহমান আতাই ও সুনামগঞ্জের ছাতক উপজেলার জনৈক ফয়জুল ইসলাম।

স্মারকলিপিতে আরো জানানো হয়, গণমাধ্যমে খবর প্রচারিত হলে প্রশাসন তাৎক্ষনিক লোক দেখানো অভিযান চালালেও পরক্ষণেই পাথর সিন্ডিকেটের এই দৌরাত্ম আবারো চালু হয়ে যায়। এ অবস্থায় জাফলং এর পরিবেশ, প্রকৃতি এবং মানুষের জীবন বাঁচাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরাসরি হস্তক্ষেপ কামনা করেন প্রবাসীরা।

জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে যোগদান উপলক্ষে নিউইয়র্কে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে গোয়াইনঘাট উপজেলার যুক্তরাষ্ট্র প্রবাসীদের পক্ষ থেকে এ স্মারকলিপি প্রেরণ করেন মো. লুৎফুর উদ্দিন।

নিউইয়র্কে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

(প্রথম পাতার পর)

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) এবং সর্বজনীন স্বাস্থ্য ও অর্থসহ বেশ কয়েকটি উচ্চপর্যায়ের দ্বিপক্ষীয় ও সৌজন্যমূলক বৈঠকে অংশ নেবেন।

এছাড়াও উল্লেখযোগ্য কর্মকান্ডের মধ্যে প্রধানমন্ত্রী সোমবার (১৮ সেপ্টেম্বর) নিউইয়র্কের রকফেলার সেন্টারে ইউএনআইডিও ও ডেলয়েট আয়োজিত 'খাদ্যের জন্য চিন্তা খাদ্য সরবরাহ চেইন উদ্ভাবনের জন্য এসডিজিকে ত্বরান্বিত করার জন্য সহযোগিতা' শীর্ষক একটি উচ্চপর্যায়ের সম্মেলনে মূল বক্তব্য দেবেন এবং যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ও ফার্স্ট লেডি জিল বাইডেনের আমন্ত্রনে বিশ্বের অন্যান্য রাষ্ট্র ও সরকার প্রধানদের সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯ সেপ্টেম্বর মঙ্গলবার সন্ধ্যায় একটি অভ্যর্থনা অনুষ্ঠানে যোগ দেবেন।

প্রধানমন্ত্রী ২০ সেপ্টেম্বর কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর সাথে 'টেকসই উন্নয়নে সাশ্রয়ী ও সহজলভ্য আন্তর্জাতিক গণ অর্থায়ন বৃদ্ধি এবং দক্ষতা নিশ্চিতকরণ' শীর্ষক উন্নয়ন অর্থায়ন (এফএফডি) বিষয়ে ট্রাস্টিশিপ কাউন্সিল চেম্বারে একটি উচ্চ-পর্যায়ের আলোচনায় প্রধান বক্তা হিসেবে ভাষণ দেবেন।

একই দিনে তিনি মহাসচিবের ক্লাইমেট অ্যামবিশন সামিট, মহামারী প্রতিরোধ, প্রস্তুতি ও প্রতিক্রিয়া সংক্রান্ত উচ্চ পর্যায়ের বৈঠক, নারী নেতৃবৃন্দের জাতিসংঘ প্লাটফর্মের বার্ষিক সভা, ক্লাইমেট অ্যামবিশন সংক্রান্ত উচ্চ পর্যায়ের জলবায়ু বিষয় ভিত্তিক সম্মেলনের পাশাপাশি ন্যাশনাল জুরিসডিকশনের বাইরের এলাকার সামুদ্রিক জীব বৈচিত্র্য আইনের ওপর জাতিসংঘের কনভেনশনে যোগ দেবেন। তিনি ২১ সেপ্টেম্বর, বাংলাদেশ, কানাডা, গাম্বিয়া, মালয়েশিয়া, তুরস্ক, যুক্তরাজ্য এবং মার্কিন যুক্তরাষ্ট্র আয়োজিত রোহিঙ্গা সঙ্কট নিয়ে একটি উচ্চ-পর্যায়ের সাইড ইভেন্টের পাশাপাশি 'সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধিতে সৃষ্ট হুমকি মোকাবেলা' শীর্ষক ব্রেকফাস্ট সামিট এবং ইউনিভার্সাল হেলথ কভারেজ নিয়ে উচ্চ পর্যায়ের সভায় যোগ দেবেন।

সফরকালে জাতিসংঘ মহাসচিব, জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনার, জাতিসংঘ মহাসচিবের জেনোসাইড উপদেষ্টা, নবনির্বাচিত ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন (আইওএম) মহাপরিচালক, বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) মহাপরিচালক এবং আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার মহাপরিচালক প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন।

বাংলাদেশের প্রধানমন্ত্রী ডেনমার্কের প্রধানমন্ত্রী মেটে ফ্রেডেরিকসেন এবং শ্রীলঙ্কার প্রেসিডেন্ট রনিল বিক্রমাসিংহের সঙ্গে জাতিসংঘ সদর দফতরে দ্বিপাক্ষিক বৈঠক করবেন।

ঢাকা ত্যাগ: প্রধানমন্ত্রী বাংলাদেশ সময় রোববার সকাল ১০টার পর রাজধানী ঢাকাস্থ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগের সময় বিমানবন্দরে মন্ত্রিপরিষদের সদস্য, তিন বাহিনীর প্রধান, সচিব ও উর্ধ্বতন কর্মকর্তারা তাঁকে বিদায় জানান। লন্ডনের হিথ্রো বিমানবন্দরে চার ঘণ্টা যাত্রাবিরতির পর ফ্লাইটটি নিউইয়র্ক সময় রাত ১০টা ৪২ মিনিটে জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে।

প্রধানমন্ত্রী ২৩ সেপ্টেম্বর সকাল ৯ টায় (নিউইয়র্ক সময়) ওয়াশিংটন ডিসির উদ্দেশে নিউইয়র্ক ত্যাগ করবেন। তিনি ২৩ থেকে ২৯ সেপ্টেম্বর ওয়াশিংটনে অবস্থান করবেন। প্রধানমন্ত্রী ২৯ সেপ্টেম্বর ব্রিটিশ এয়ারওয়েজের একটি ফ্লাইটে (বিএ-২৯২) রাত ১০.৪৫ টায় (ওয়াশিংটন সময়) লন্ডনের উদ্দেশে ওয়াশিংটন ডিসি ত্যাগ করবেন এবং ৩০ সেপ্টেম্বর সকাল ১১ টায় লন্ডনের হিথ্রো বিমানবন্দরে পৌঁছাবেন।

বিমানবন্দরে তাঁকে স্বাগত জানাবেন যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম।

প্রধানমন্ত্রী ৩ অক্টোবর রাত ৮টা ৩৫ মিনিটে (লন্ডন সময়) বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের (বিজি ২০৮) একটি ফ্লাইটে লন্ডনের হিথ্রো বিমানবন্দর থেকে ঢাকার উদ্দেশে রওনা হবেন এবং ৪ অক্টোবর বেলা সাড়ে ১২টায় (বাংলাদেশ সময়) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছাবেন বলে সরকারী সূত্রে জানা গেছে।

এদিকে প্রধানমন্ত্রীর আগমন ঘিরে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের নেতা-কর্মীরা বিমানবন্দরে স্বাগত সমাবেশ এবং বিএনপির নেতা-কর্মীরা বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ করে।

AUTHORIZED IRS e-file PROVIDER
Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: popultaxservices@gmail.com
Personal Income Tax Preparation for all industries:
■ All types of W2 & 1099 Income Tax Filing
■ Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
■ Homeowners & Stock Market Trader Tax Filing
We provide Remote Personal Income Tax Filing
সঠিক, দ্রুত, সুনিপুন এবং
আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
tax refund
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স
ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)
OPEN 7 DAYS
Road Lesson Local & Highway
5 Hours Class Certificate (Zoom Class)
Road Test Appointment
Car for Road Test
আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
6 Hours DDC Class
Good For TLC
718-426-9453, 917-301-2063
Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.
আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)
❑ আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
❑ আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
❑ পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
❑ পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
❑ আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া
যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

বাংলা পত্রিকা পড়তে
ভিজিট করুন
banglapartikausa.com

Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC

MIRZA M ZAMAN
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

COMPUTER IT TRAINING
& JOB PLACEMENT
MyTechUSA
"YOUR DREAM BECOME TRUE"
Why "MyTechUSA"
- We "MyTechUSA" Company is taking our community members IT career dream on our Shoulder to make it real!
- After Job Placement we provide continuous support to our students while they are on the Job!
- Our courses are very much affordable! We Pay $500 referral bonus.
- We don't leave our students alone OR leave them behind from the beginning till the end of the course!

DATABASE → ADMINISTRATION
→ ENGINEERING
Microsoft
SQL Server
ORACLE
Azure
mongoDB.
NoSQL


Please Contact:
Zia Uddin Ahamed
CEO & President
Phone: 347-597-0885
571-208-5450
813-767-4600
E-mail: ziaahamed@ymail.com


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট

সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com

PEOPLE TECH
DevOps | Scrum Master & Product Owner
(100% Scholarship for Training & Job Placement, Condition applied)
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing (QA) Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us





জার্মান ফুটবলারের ইসলাম গ্রহণ

স্পোর্টস ডেস্ক: রবার্ট বাউয়ার নামে এক জার্মান ফুটবলার ইসলাম ধর্ম গ্রহণ করেছেন বলে জানিয়েছেন। সেই সঙ্গে পবিত্র কুরআনের আয়াত ও নামাজ আদায়ের ছবিও শেয়ার করেছেন। তবে তার বর্ণনা থেকে বোঝা যায়, তিনি অনেক আগেই ইসলাম গ্রহণ করেছেন। তবে সম্প্রতি বিষয়টি সামনে এনেছেন।

ফ্রি প্রেস জার্নাল ও অ্যাবাউট ইসলাম সূত্রে জানা যায়, জার্মানির জাতীয় দলে সুযোগ না হলেও দেশটির হয়ে অলিম্পিকসে পদক জিতেছেন রবার্ট বাউয়ার। ক্যারিয়ারের সিংহভাগই এই ডিফেন্ডার কাটিয়েছেন জন্মভূমি জার্মানির বিভিন্ন ক্লাবে। ভেরদার ব্রেমেন, এফসি নুরেনবার্গের মতো ঐতিহ্যবাহী দলগুলোর হয়ে মাঠ মাতানো এই ফুটবলার কখনো সেভাবে পরিচিত পাননি। তবে এবার ইসলাম গ্রহণের কারণে খবরের শিরোনাম হলেন।

সাম্প্রতিক সময়ে বিশ্ব ফুটবলে সৌদি আরবের উত্থান চলছে। ক্রিস্টিয়ানো রোনালদো, করিম বেনজেমা, সাদিও মানেদের মতো তারকাদের ভিড়িয়ে প্রো লিগ জমিয়ে তুলেছে সৌদি আরবের ক্লাবগুলো। ফুটবলের সৌদিমুখী এই জোয়ারের অংশ হয়েছেন রবার্ট বাউয়ারও।

গত জুলাইয়ে বেলজিয়ান ক্লাব সিন্ট-ট্রুইডেন থেকে এই জার্মান ডিফেন্ডারকে উড়িয়ে আনে প্রো লিগের দল আল তাঈ। মুসলিম অধ্যুষিত সৌদি আরবে এসেই ইসলাম গ্রহণ করার কথা জানালেন বাউয়ার।

ইসলাম গ্রহণের খবরটি নিজেই জানিয়েছেন রবার্ট বাউয়ার। ইনস্টাগ্রাম স্টোরিতে পর পর দুটি ছবি আপলোড করেছেন তিনি। প্রথমটিতে পবিত্র কুরআনের সূরা ফাতিহার ৬ নম্বর আয়াতের ছবি পোস্ট করেন বাউয়ার। আয়াতটির অর্থ, 'হে আল্লাহ আমাদের সঠিক পথ দেখান।'

এদিকে বাউয়ার মুসলমান হয়েছেন ঘোষণা দেওয়ার পর অনেকেই তাকে শুভেচ্ছা বার্তা পাঠিয়েছেন। ছয় ঘণ্টার ব্যবধানে শ্বশুর এবং পুত্রের সঙ্গে নামাজ পড়ার একটি ছবি আপলোড করেন বাউয়ার।

সেখানে বাউয়ার লিখেছেন, এই বার্তা তাদের জন্য, যারা আজ আমাকে শুভ কামনা জানালেন। অনেক বছর হলো আমি আমার স্ত্রী এবং তার পরিবারের অনুপ্রেরণায় মুসলমান হয়েছি। আমার এই যাত্রায় যারা সাহায্য করেছেন এবং সাহস যুগিয়েছেন, তাদের সকলকে ধন্যবাদ জানাই।

নামাজরত ছবির ক্যাপশনে বাউয়ার লিখেছেন, এটা আমি, আমার শ্বশুর নাসির এবং আমার পুত্র ঈসা।

বাউয়ারের বর্ণনা থেকে ধারণা করা হচ্ছে, মুসলিম কোনো নারীকে বিয়ে করেই ধর্মান্তরিত হয়েছিলেন তিনি।

রোমাঞ্চকর জয়ে ফাইনালে ভারতের প্রতিপক্ষ শ্রীলংকা

স্পোর্টস ডেস্ক: খেলা শুরুর আগে ও পাকিস্তানের ইনিংসের মাঝে দুই ধাপে বৃষ্টির হানায় প্রথম ৪৫ ও পরে ৪২ ওভারে নেমে আসে ম্যাচ। বৃহস্পতিবার কলম্বোয় এশিয়া কাপের অঘোষিত সেমিফাইনালে জ্বলে ওঠেন মোহাম্মদ রিজওয়ান, আবদুল্লাহ শফিক ও ইফতেখার আহমেদ। তাদের দাপুটে ব্যাটিংয়ে পাকিস্তান সাত উইকেটে ২৫২ রানের চ্যালেঞ্জিং স্কোর ছুড়ে দেয় শ্রীলংকাকে। ডাক-ওয়ার্থ লুইস পদ্ধতিতে শ্রীলংকারও লক্ষ্য দাঁড়ায় ২৫২।

জবাবে কুশল মেন্ডিসের ৯১ রানের দুর্দান্ত ইনিংসে জয়ের ভিত পেয়ে যায় শ্রীলংকা। ৪১তম ওভারে শাহিন শাহ আফ্রিদি দুই উইকেট নিয়ে ম্যাচ জমিয়ে দেন। নখ কামড়ানো উত্তেজনায় শেষ দুই বলে শ্রীলংকার প্রয়োজন হয় ছয় রানের। একটি বাউন্ডারির পর দুই রান নিয়ে রোমাঞ্চকর ফিনিশিং টানেন চারিথ আসালাঙ্কা। দুই উইকেট হাতে রেখে শেষ বলে ম্যাচ জিতে শ্রীলংকা পৌঁছে যায় ফাইনালে। রোববার ফাইনালে তাদের প্রতিপক্ষ ভারত। বাবর আজমদের এই হারে এশিয়া কাপের ইতিহাসে এবারও হলো না ভারত-পাকিস্তান ফাইনাল।



শ্রীলংকার দারুণ শুরুটা এনে দেন কুশল পেরেরা। আট বলে ১৭ করে রানআউট হন তিনি। পাথুম নিশাঙ্কা ২৯ করে আউট হলেও তৃতীয় উইকেটে মেন্ডিস ও সাদিরা সামারাবিক্রমা ১০০ রানের জুটি গড়ে দলের জয়ের ভিত গড়ে দেন। আফ্রিদির বলে মাথায় আঘাত পাওয়ার পর সামারাবিক্রমা দুই রানের জন্য হাফ সেঞ্চুরি মিস করে আউট হন। নব্বইয়ের ঘরে পৌঁছে নয় রানের জন্য সেঞ্চুরি মিস করে হতাশায় পোড়ান মেন্ডিসও। এরপর আসালাঙ্কার ৪৯* রান করে ম্যাচ জিতিয়ে মাঠ ছাড়েন।

এরআগে মাদুশানের ইনসুইং ইয়ার্কারে ফখর জামানের বোল্ড হওয়ার মধ্য দিয়ে পাকিস্তান প্রথম উইকেট হারায়। বাবর আজম স্টাম্পিংয়ের শিকার হন ভেল্লালাগের বলে। ১৬তম ওভারের শেষ বলে ২৯ রান করে সাজঘরে ফেরেন পাকিস্তান অধিনায়ক। ওপেনার আবদুল্লাহ শফিকের সঙ্গে দ্বিতীয় উইকেটে ৬৪ রান যোগ করেন বাবর। উলটোদিকে ২০ বছরের লংকান স্পিনার ভেল্লালাগের শিকারের তালিকায় স্টিভ স্মিথ, রোহিত শর্মা ও বিরাট কোহলির পর যোগ হলেন বাবর।

ছক্কা হাঁকিয়ে ৪৯ রানে পৌঁছা আবদুল্লাহ শফিক পরের বলে নিজের প্রথম ওডিআই হাফ সেঞ্চুরি (৬৯ বলে ৫২) পূর্ণ করেন। ফিফটি স্পর্শ করার পরের ওভারে শফিক ডিপ স্কোয়ার লেগে মাদুশানকে ক্যাচ দেন পাতিরানার বলে। নিজের বলে ফিরতি ক্যাচ নিয়ে পাতিরানা ফেরান মোহাম হারিসকে। পাকিস্তান ১০৮ রানে হারায় চতুর্থ উইকেট।

নওয়াজ (১২ বলে ১২) আউট হওয়ার পর ২৮তম ওভারে আবার বৃষ্টি নামে। ছয় মিনিট পর খেলোয়াড়রা মাঠে নামার প্রস্তুতি নেওয়ার সময় আবার বৃষ্টি। যেন কলম্বোর বৃষ্টি কৌতুক করছে ক্রিকেটের সঙ্গে। স্থানীয় সময় সন্ধ্যা ৭টা ৪০ মিনিটে আবারও কভারের নিচে আশ্রয় নেয় উইকেট। ২৭.৪ ওভারে পাকিস্তান ১৩০/৫। বৃষ্টির পর খেলা আবার নেমে আসে ৪২ ওভারে। এর পরই মোহাম্মদ রিজওয়ান ও ইফতেখার আহমেদ আক্রমণাত্মক ব্যাটিং শুরু করেন। ইফতেখার ৪০ বলে চারটি চার ও দুই ছক্কায় করেন ৪৭ রান। রিজওয়ান ৭৩ বলে ছয় চার ও দুই ছক্কায় ৮৬ রানে অপরাজিত থাকেন। পাতিরানা তিনটি এবং মাদুশান দুটি উইকেট নেন।

গোটা টুর্নামেন্ট বৃষ্টিময় হয়ে রইল। বৃহস্পতিবারও তার ব্যত্যয় হয়নি। বৃষ্টির দরুন ম্যাচ শুরু হয় দেড় ঘণ্টারও বেশি দেরিতে। ৪৫ ওভারের ম্যাচে টস জিতে ব্যাট করার সিদ্ধান্ত নেন বাবর আজম। কাল সকাল থেকে কলম্বোয় বৃষ্টি হয়। যার জন্য পিছিয়ে যায় ম্যাচ।

দুদলই একাদশে একাধিক পরিবর্তন এনে মাঠে নামে। পিঠে খিঁচুনির দরুন খেলা হয়নি ইমাম-উল-হকের। তার বদলে একাদশে ফেরেন ফখর জামান। সাউদ শাকিলের জ্বর। তিনি জায়গা ছেড়ে দেন আবদুল্লাহ শফিককে। শ্রীলংকার একাদশে সুযোগ পান কুশল পেরেরা ও প্রমোদ মাদুশান।

জাতীয় নির্বাচন প্রসঙ্গে যা বললেন সাকিব

স্পোর্টস ডেস্ক: এশিয়া কাপের সুপার ফোরের প্রথম দুই ম্যাচ হেরে এবার আসরের ফাইনালের দৌড় থেকে ছিটকে গেছে বাংলাদেশ। নিজেদের সবশেষ ম্যাচে আজ ভারতের বিপক্ষে মাঠে নামছেন টাইগাররা। শুক্রবার বিকালে কলম্বোতে নিয়মরক্ষার ম্যাচের আগে টিম হোটেলে গণমাধ্যমের মুখোমুখি হন সাকিব আল হাসান।



কোহলিদের বিপক্ষে ম্যাচের আগে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের মুখোমুখি হন সাকিব আল হাসান। সেখানে সাকিবকে আসন্ন জাতীয় নির্বাচনে প্রার্থিতা প্রসঙ্গে জিজ্ঞেস করা হয়। জবাবে সাকিব বলেন, 'আমি এখানে শুধু ভারত ম্যাচ নিয়ে কথা বলছি।' দলের পারফরম্যান্স প্রসঙ্গে জানিয়েছেন সব দায়িত্ব তার একার না।

অন্যদিকে এশিয়া কাপে দলের পারফরম্যান্স নিয়ে এক প্রশ্নের টাইগার অধিনায়ক বলেন, 'সব দায়িত্ব আমার না। সবার সব দায়িত্ব আছে'। রোহিতদের বিপক্ষে ম্যাচ নিয়ে আশাবাদী টাইগার অধিনায়ক বলেন, আমরা যদি শেষ ম্যাচ জিতে দেশে যেতে পারি অবশ্যই এটা আমাদের জন্য ভালো দিক হবে। এই ম্যাচ থেকে অন্য কিছু চাই না, শুধু জিততে চাই।

ভারতের বিপক্ষে ম্যাচ সহজ হবে কিনা এমন প্রশ্নের উত্তরে সাকিব বলেন, খেলার পরে বলতে পারব, আগে কীভাবে বলব? সহজ হবে, না কঠিন হবে। আমরা যাব, যতটা সম্ভব ভালো খেলা যায়, জেতার জন্য খেলব।



ভারতের বিপক্ষে যেমন হতে পারে বাংলাদেশের একাদশ

স্পোর্টস ডেস্ক: চলতি এশিয়া কাপ থেকে বিদায় নিশ্চিত হয়ে গেছে আগেই টাইগারদের। আজ নিয়মরক্ষার ম্যাচে ভারতের বিপক্ষে মাঠে নামছে বাংলাদেশ দল। শেষটা জয়ে রাঙাতে চায় টিম টাইগার্স। শুক্রবার কলম্বোর আর প্রেমাদাসা স্টেডিয়ামে ম্যাচটি শুরু হবে বাংলাদেশ সময় বিকাল সাড়ে ৩টায়। পারিবারিক কারণে মুশফিকুর রহিম দলত্যাগ করায় আজ নিশ্চিতভাবেই বাংলাদেশ একাদশে আসতে যাচ্ছে পরিবর্তন। কেননা, মুশফিকুর রহিম না থাকায় তার জায়গায় নতুন করে যুক্ত হবেন আরও একজন। অবশ্য বৃহস্পতিবার সংবাদ সম্মেলনে অধিনায়ক সাকিব আল হাসান ভারতের বিপক্ষে একাদশ নিয়ে বলেন, আসলে পিচের ওপর সব কিছু নির্ভর করছে। যদি ভালো উইকেট হয় তা হলে তেমন কিছু নাও হতে পারে। আবার স্পিনিং উইকেট হলেও হতে পারে। আমাদের মুক্তচিন্তা নিয়ে যেতে হবে। খেলা শুরুর পর আসলে ভালোভাবে বোঝা যাবে। এর আগে শুধু ধারণাই করা যাবে। আসলে কম্বিনেশনে স্পিন থাকবে। শেষ ৩-৪ ম্যাচে স্পিনাররা সুযোগ পাচ্ছে। তবে ধারণা করা হচ্ছে, একাদশে ফিরতে পারেন এনামুল হক বিজয়। ওপেনিংয়ে নাঈম শেখের সঙ্গী হিসেবে দেখা যেতে পারে বিজয়কে। সে ক্ষেত্রে তিনে খেলবেন লিটন দাস, চারে সাকিব আল হাসান, পাঁচে তাওহীদ হৃদয়। ছয়ে দেখা যেতে পারে আফিফ হোসেনকে। এ ছাড়া সাতে থাকতে পারেন শামীম পাটোয়ারী। আট নম্বরে মেহেদী হাসান মিরাজ।

৯, ১০ ও ১১-তে দেখা যাবে তাসকিন আহমেদ, মোস্তাফিজুর রহমান, শরিফুল ইসলামকে। হাসান মাহমুদকে এদিন একাদশের বাইরে রাখার সম্ভাবনা রয়েছে, যে কারণে একাদশে ফেরার প্রবল সম্ভাবনাই ফিজের। ভারতের বিপক্ষে অতীত রেকর্ড বিবেচনায় এমন সিদ্ধান্ত আসার সম্ভাবনাই বেশি।

বাংলাদেশের সম্ভাব্য একাদশ: এনামুল হক বিজয়, নাঈম শেখ, লিটন দাস, সাকিব আল হাসান, তাওহীদ হৃদয়, আফিফ হোসেন, শামীম পাটোয়ারী, মেহেদী হাসান মিরাজ, তাসকিন আহমেদ, শরিফুল ইসলাম ও মোস্তাফিজুর রহমান।

জাতিসংঘের সামনে ইউনাইটেড হিন্দুস'র সমাবেশ

বাংলাদেশের সংখ্যালঘু সুরক্ষা আইন অবিলম্বে পাশ করার দাবী



নিউইয়র্ক: ইউনাইটেড হিন্দুস অফ ইউএসএ'র উদ্যোগে জাতিসংঘ ভবন সংলগ্ন ডাগ হেমারশোল্ড প্লাজায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তাঁর রাজনৈতিক জোটের উদ্দেশ্যে অবিলম্বে সংখ্যালঘু সুরক্ষা আইন পাশ করার দাবিতে এক কেন্ডেল লাইট ভিজিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (১৫ সেপ্টেম্বর) বিকেল ৪টা থেকে ৭টা পর্যন্ত এই সমাবেশ চলে। সংগঠনের সভাপতি ভজন সরকারের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক রামদাস ঘরামীর সঞ্চালনায় অনুষ্ঠিত সমাবেশে নিউইয়র্ক শহরের অন্যান্য বাংলাদেশী সংখ্যালঘু সংগঠনের প্রতিনিধিরাও যোগ দেন।

সমাবেশে ইউনাইটেড হিন্দুস অফ ইউএসএ'র চেয়ারম্যান ড. প্রভাত দাস এবং সভাপতি ভজন সরকার তাদের বক্তব্যে নারীর ক্ষমতায়ন, অর্থনৈতিক স্থিতিশীলতা ও অন্যান্য সেক্টরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অর্জনের প্রশংসা করে বলেন যে, অত্যন্ত দু:খজনক বিষয় হলো দেশে ক্রমবর্ধমান সাম্প্রদায়িক সন্ত্রাসের শিকার অসহায় পৌনে দুই কোটি হিন্দু ও অন্যান্য সংখ্যালঘু নাগরিকের নিরাপত্তা ও সম-অধিকারের ব্যাপারে সরকার নির্বিকার এই গুরুত্বপূর্ণ বিষয়টি আমলেই নিচ্ছেন না। তাই, এর প্রতি সরকার প্রধানের দৃষ্টি আকর্ষণ করতেই এই সমাবেশ। তারা অত্যন্ত ক্ষোভের সঙ্গে বলেন যে, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নেতৃত্বাধীন ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক বাংলাদেশের প্রতিষ্ঠাতা আওয়ামী লীগের আমলেও হাজার হাজার সংখ্যালঘু নাগরিক অত্যাচারিত হয়ে দেশেত্যাগে বাধ্য হবে সেটা অনভিপ্রেত। তারা বলেন যে, ওয়াশিংটনস্থ বাংলাদেশ রাষ্ট্রদূত ইমরান আহমেদের মাধ্যমে বৃহস্পতিবার (১৪ সেপ্টেম্বর) প্রধানমন্ত্রী বরাবরে প্রেরিত স্মারকলিপির মাধ্যমে এবং আজকের সমাবেশ থেকে জানানো দাবি একটাই- প্রধানমন্ত্রী যেন আর বিলম্ব না করে, বর্তমান সংসদের এই চলমান শেষ সেশনে তাঁর ২০১৮ সালের নির্বচনী ইশতেহারে প্রদত্ত স্বপ্রতিশ্রুত সংখ্যালঘু সুরক্ষা আইনটি ত্বরিৎ গতিতে পাশ করেন, ঠিক যেমনি সাইবার সিকিউরিটি আইন পাশ করা হলো।

সভায় অন্যান্য আরো বক্তব্য রাখেন শিতাংশু গুহ, ড. দ্বিজেন ভট্টাচার্য, সুশীল সিনহা, ভবতোষ মিত্র, সনজিৎ কুমার ঘোষ, জয়দেব গাইন, উত্তম কুমার সাহা, রতন কুমার চক্রবর্তি, মুনমুন সাহা, রত্না ঘোষ, তপু সরকার, শংকর বিশ্বাস, পূজিতা দাশ, রত্নাবতী রায়, পলাশ ঘোষ, পরেশ ধর, দেবব্রত যোষ, সুমন সূত্রধর প্রমুখ।

সমাবেশে বক্তারা প্রধানমন্ত্রী শেখ হাসিনার কর্মকান্ডের প্রশংসার পাশাপাশি গভীর হতাশা এবং ক্ষোভও প্রকাশ করেন। অত্যন্ত দু:খ করে তারা বলেন, দেশে সবার দাবিই চাওয়া মাত্র মেনে নেওয়া হয়, কিন্ত শত্রু সম্পত্তি আইন বাতিল করার জন্য, কিংবা রমনা কলী-বাড়িতে প্রবেশাধিকারে জন্য আমাদের যুগ যুগ ধরে আন্দেলন করতে হয়েছে। আর এখন, ২০১৮ সালে প্রতশ্রুত সংখ্যালঘু সুরক্ষা আইন পাশ করার জন্য ২০২৩ সালেও দেশে সংখ্যালঘুদের মিছিল-সমাবেশ-লং মার্চ ও অনশন ধর্মাঘট করতে হচ্ছে, এখানে আমাদের সমাবেশ করতে হচ্ছে প্রধানমন্ত্রীর সদয় দৃষ্টি আকর্ষণ করার জন্য। বক্তারা বলেন, এক দিকে সাংবিধানিকভাবে রাষ্ট্রধর্ম আইন পাশ করে দিয়ে হিন্দু ও অন্যান্য সংখ্যালঘু মানুষকে দ্বিতীয় শ্রেনীর নাগরিকে পরিণত করা হয়েছে, অন্যদিকে সংখ্যালঘু নির্যাতকদের কোন দিনই বিচারের আওতায় না আনার ফলে সাম্প্রদায়িক শক্তি সংখ্যালঘু নির্যাতনে উৎসাহ পেয়েছে। প্রচলিত আইনে সংখ্যালঘু নির্যাতকদের দমন করা সম্ভব নয় উপলব্ধি করেই প্রধানমন্ত্রী ২০১৮ সালে সংখ্যালঘু সুরক্ষা আইন পাশ করার প্রতিশ্রুতি দিয়েছিলেন। সেটা সরকার গঠন করার পরপরই সংসদের প্রথম অধিবেশনে পাশ করে দিলে দেশে ২০২১-এর অক্টেবরের নারকীয় তান্ডব ঘটত না বলেও বক্তারা অভিমত ব্যক্ত করেন।

সমাবেশে বক্তারা বলেন যে, নিরন্তর জমি ও বাড়িঘর দখল, দেবালয়-দেবদেবীর মূর্তি ধ্বংস করা, উচ্ছেদ, ধর্ষন, বিভিন্নভাবে ধর্মান্তরিত করা ইত্যাদি বর্বর অত্যাচারের মুখে বাধ্য হয়ে দেশত্যাগের ফলে বাংলাদেশ আমলে, আপনার চোখের সামনে, দেশের মোট জনসংখ্যায় সংখ্যালঘুদের প্রতিনিধিত্ব প্রায় ২০% (১৯৭০) থেকে নেমে ৯.১%-এ (শুধু হিন্দু ৭.৯৫%-এ) পৌঁছেছে। এবং গবেষকদের ভবিষদ্বানী আগামী তিরিশ বছরে বাংলাদেশ হিন্দুশূন্য হবে। দেশের সংখ্যালঘু নাগরিকদের এই নিশ্চিত করুণ পরিণতি ঠেকানো সম্ভব এবং ঠেকাতেই হবে। বক্তারা বলেন যে, মাঝেমাঝেই প্রধানমন্ত্রী বলে থাকেন যে, "বাংলাদেশে কেউ সংখ্যালঘু নয়, সকলেরই সমান অধিকার রয়েছে" কিন্ত বাস্তবতা তো এর ঠিক বিপরীত। তাই সত্য স্বীকার করে নিয়ে, সমস্যার একটি টেকসই সমাধান করাই বরং শ্রেয়:, আর সেটা হল অবিলম্বে সংখ্যালঘু সুরক্ষা আইন পাশ করা যার অন্তর্ভুক্ত অবশ্যই থাকা চাই-

১ (ক) সংখ্যালঘু নাগরিকদের "সংখ্যালঘু" বলে স্বীকৃতি প্রদান, খ) একটি হেইট স্পীচ ও হেইট ক্রাইম আইন, যার অধীনে যুক্তরাষ্ট্রের মত সরকার-বাদী-মোকদ্দমার মাধ্যমে হাইকোর্টের একটি বিশেষ ডিভিশনের তত্বাবধানে সংখ্যালঘু নির্যাতকের বিচার ও শাস্তি প্রদানের বিধান; গ) সংখ্যালঘু নির্যাতকদের বিচারের জন্য জেলা প্রতি একটি করে দ্রুত-বিচারের ক্ষমতা সম্পন্ন আদালত, (২) জাতীয় সংখ্যালঘু কমিশন, (৩) একটি সংখ্যালঘু মন্ত্রণালয়, (৪) বাতিলকৃত অর্পিত সম্পত্তি আইনে অধিগৃহীত সকল সম্পত্তি প্রকৃত মালিককে দ্রুত ফিরিয়ে দেওয়ার বিধান, (৫) সংসদে অন্তত: ২০% আসনে সংখ্যালঘু প্রার্থীদের মনোনয়ন দানের বিধান, (৬) জজ সাহাবুদ্দীন কমিশন কর্তৃক বিচারের জন্য সুপারিশকৃত হাজার হাজার সংখ্যালঘু নির্যাতকদের বিচার প্রক্রিয়া অবিলম্বে শুরু করার ব্যবস্থা, (৭) একটি বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠন পূর্বক ২০০৬ থেকে এ পর্যন্ত সংঘটিত সকল সংখ্যালঘু নির্যাতনের অপরাধীদের তালিকা করে সংশ্লিষ্ট আদালতের কাছে হস্তান্তর করা এবং নির্যাতনে ক্ষতিগ্রস্তদের যথেষ্ট পরিমান ক্ষতিপূরণ দিয়ে তাদের পুনর্বাসন এবং শারীরিক ও মানসিক চিকিৎসার ব্যবস্থা, (৮) প্রতি জেলায় অন্তত: একটি করে মেগা মন্দির নির্মাণের জন্য অর্থ বরাদ্দ করা এবং কাজ শুরু করার নির্দেশ, (৯) ইসলামিক ফাউন্ডেশনের আদলে হিন্দু ফাউন্ডেশেন গঠন করার জন্য নির্দেশ ও অর্থ বরাদ্দ করা, (১০) দেবোত্তর সম্পত্তি রক্ষণাবেক্ষণ আইন এবং (১১) ১৯৭২ সালের সংবিধান পুনরুজ্জিবীত করা।

সমাবেশে বক্তারা বলেন যে, প্রস্তাবিত পদক্ষেপগুলো কিন্ত নতুন কিছু নয়- বিশ্বের অন্যান্য দেশে এ'সব আইন আছে, যেমন যুক্তরাষ্ট্রে আছে হেইট ক্রাইম আইন, ভারতে রয়েছে সংখ্যালঘু কমিশন এবং সংখ্যালঘু মন্ত্রণালয়। বক্তারা দৃঢ় আশা ব্যক্ত করেন যে, তাদের প্রস্তাবগুলোর আশু বাস্তবায়ন হলে দেশে সংখ্যালঘু নির্যাতন উল্লেখযোগ্যভাবে হ্রাস পাবে, এবং তখন দেশের সংখ্যালঘু নাগরিকরা স্বাভাবকি জীবন যাপন করতে সক্ষম হবে, যা দেশের সকল প্রগতিশীল মানুষের কাছেই কাম্য। -প্রেস বিজ্ঞপ্তি।



জয় বাংলা

জয় বঙ্গবন্ধু



শেখ হাসিনার উন্নয়নের সরকার বার বার দরকার



জাতিসংঘের ৭৮তম সাধারণ অধিবেশনে যোগদানের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি

শেখ হাসিনার

যুক্তরাষ্ট্র আগমণে

প্রাণঢালা শুভেচ্ছা



নূরুল ইসলাম নজরুল
সভাপতি
ব্রুকলীন আওয়ামী লীগ, নিউইয়র্ক
যুক্তরাষ্ট্র



সাহিত্য সাময়িকী

শিল্পসিদ্ধি
নাসির আহমেদ

তোমার জন্য রচনা করেছি নতুন কাব্যপথ
আসবে না জানি আসবে না তুমি কোনদিন এই পথে,
খুব ভোরে উঠে কুয়াশা কুড়িয়ে ভেজা শিউলির মালা
গাঁথবে না কেউ আমার জন্য জেনেও লিখেছি ভোর ।

শিল্প-কবিতা কিংবা সৃজন যে নামেই তুমি ডাকো
সবই তো আসলে অতৃপ্তি আর ছুঁয়ে ছুঁয়ে চলে যাওয়া
তুমিতো শিল্প মৃত্যুর মতো রহস্যময় বোধ
অদৃশ্য তুমি চিরকাল তবু ছুঁয়ে আছো অনুভব ।

তোমাকে মেনেছি শিল্পকলার গুঢ় রহস্যপ্রায়
ব্যাখ্যার মতো যুৎসই ভাষা আয়ত্ত হয়নি আজো
শুধু এই বুঝি অনুগামী হলে তুমি দূর থেকে দূরে!
তোমাকে পাবো না আজীবন ছুটে তুমি তো আকাশলীনা ।

তবু তো তোমার জন্যই আঁকে শিল্পীর রং-তুলি
কবির কবিতা তোমারই বিরহে শোকের পতাকা তোলে
অন্তহীনতা তোমার লক্ষ্য তুমি চির দূরগামী
আমি মৃত্তিকা তুমি যেন নীল, আকাশ ছাপিয়ে যাওয়া ।

আমার সঙ্গে দূরত্ব রচন্ত্র এই যে তোমার খেলা
তোমাকে খুঁজতে খুঁজতেই ডুবে যাচ্ছে জীবনবেলা ।

হঠ যাও রাজা যাবে
ফেরদৌস সালাম

পথ ছাড়ো রাজা যাবে বিলাবে সে রিয়াল ডলার
নিরাপদ দূর থেকে হাত পাতো দেবে তুলে ধন
মোহাবিষ্ট খিলি পানে ভরে নাকো প্রেয়সীর মন
অর্থ কষ্টে সংসার গালিকাব্যে হয় ছারখার ...

সকলেই সুখাকাঙ্খী চায় তাই রাজন্য দর্শন
হাত জোo করে মাগে- মহারাজ দিন ভিক্ষা দিন
পকেট এতোই শূন্য, ঘটে নেই ক্ষুদ্র আলপিন
সুখপ্রদ দিন চাই- হোক আজ ডলার বর্ষন!

রাজা আসে সেনাসাঙ্গ ঘিরে থাকে তার চারপাশ
অশ্বখুড়ে শব্দ ওঠে ভাগ যাও- যাবে মান্যবর
শুধুই কুর্নিশ করো, জানা তার সবার খবর
সাত্রী বলে- মহারাজ সমাধানে দেছেন আশ্বাস ।

রাজা যায় রাজা আসে হতাশার হয়নাকো শেষ
রাজা যাবে সেনাহীন- কবে পাবো এমন আদেশ..?

হেমন্তনী
এস এম রাকিব

হেমন্তিনী, চোখ মেলে দেখ-
মুঠো মুঠো স্বপ্ন ছড়িয়ে তোমার নিকানো উঠোন ।
তুমি চেয়ে দেখ,
টুকরো টুকরো সোনা রোদ
তোমার অষ্টাদশীর চিবুক ছুঁয়ে আছড়ে পড়ে দিগন্তের প্যাভিলিয়নে
মটরশুটির ভেজা শরীর চুইয়ে ঝরে পড়ে বিলাসী স্বপ্ন, রোদ জ্যোৎস্নার খুনসুটি ।

হেমন্তিনী- অবগুন্ঠন মেলে দেখ
বিহঙ্গের ডানায় রোদের নরম গন্ধে
তোমার আবেশী কারুকাজ
প্রত্যাশার ভাঁজে ভাঁজে অপ্রাপ্তির শূন্যতা
প্রেম আর সমৃদ্ধির স্থির ক্যাটালগ ।

হিম্ হিম্ আলতো ছোঁয়ায় মাটির অধরচুমে
বড় হয় তোমার উত্তরাধিকার ।

তুমি দেখ, দেখ প্রেয়সী আমার ।

দুঃখ
ইশতিয়াক রূপু

দুঃখ কি আর শুঁকতে পারে
বাজার ফর্দ কিম্বা চটের থলি!
পঁচে যাওয়া মাছের লেজ?
দুঃখ কি আর কায়দা জানে
রঙ্গ ছড়াতে চায়ের কাপে?
বিফল হলে খুঁজে নেবে,
আকাশ নীলের পর্দা জোড়া!
খালি বইয়ের তাকে বসে
করুণ চোখে তাকিয়ে খোঁজে
চামড়া বাঁধাই বইয়ের সারি ।
তড়িগড়ি কাপড় ঢাকা
রঙ উঠানো সোফার হাতল ।
কোণ ছেড়া টেবিল ক্লথ আর
চাদর বিহীন মেঝের তোষক ।
দুঃখ কভু সটান হয়ে
পা দুলিয়ে বসে বলে
জ্যামের বোতল খোলা কেনো?
হচ্ছে কেনো এতো দেরী
পাতে দিতে গরম রুটি ।
পারলে দিও আগের রাতের
আলু ঝোলের ছোট্ট বাটি ।
আমি তো আর আজ আসিনি!
তোমার পাশে ছায়া হয়ে,
আছি অনেক কাল,
গুনতি ছাড়া বলে দেবো
সুখ-দুঃখের হিসাব কাল ।

প্রস্থান
আদিল মাহমুদ

বছর শেষ না হতে, ঋতুর সাথে পাতার রঙ-
বদলে যাওয়ার মতো তুমিও বদলে গেলে ।

তারপর আচমকা একদিন
এলোমেলো সুন্দর সমস্ত স্মৃতি রেখে
তুমি চলে গেলে নীরবে ।
বিদায় জানানোর সময়টুকু দিলে না আমাকে ।
তবুও তুমি আছো হৃদয়
যেভাবে মেঘলা আকাশে সূর্য থাকে আড়ালে ।

এখনো তোমার কথা মনে পড়লে
বিহ্বর ব্যথায় কাতর হয়ে-
ভর দুপুরেও আমি ঘুমাই
যেনো তোমার দেখা পাই, কেবল এই আশায় ।

ভালোবাসাহীন গ্রহ
হোসেইন দিলওয়ার

কনিষ্ঠা বিশ্বাস করে না মধ্যমাকে-
অনামিকা দেয়াল হয়ে দাঁড়ায়!
তর্জনী চেনে না অনামিকা-
এখানে বিভেদ করে মধ্যমা

কিন্তু বৃদ্ধাঙ্গুলি অনায়াসে সবাইকে ছুঁয়ে যায় একা, একপাশে থেকে ।
বিচারের ভার কার্য তার কাছে নেই- নিশ্চুপ!
সবকিছুতেই সম্মতি প্রকাশ করে নেয়!
কনিষ্ঠায়- ভর করে রূপ সৌন্দর্য ।

অনামিকা ছিনিয়ে নেয়- প্রেমের মুকুট অথবা ভালোবাসার চিহ্ন;
মধ্যমা- শক্তিধর বটে কিন্তু দেখানো দোষের!
তর্জনী- সুড়সুড়ি দিতে একধাপ এগিয়ে ।

অথচ, ক্ষুধা নিবারণের ক্ষেত্রে সবাই একে অপরকে ভালোবাসে-
এক অনন্য ভালবাসা ।
কিন্তু প্রেমের ক্ষেত্রে সর্বোপরি ভিন্নতা পরিলক্ষিত?

এই ক্ষুধা এবং প্রেম-
দুটো আজ কোথাও একত্রে নেই, পরস্পর বিচ্ছিন্ন যেন!
এভাবেই পৃথিবী ক্রমশ ভালোবাসাহীন গ্রহে পরিণত হয়;
কব্জি থেকে মনের দূরত্ব বেড়ে যায় সময়ের পরিক্রমায় ।

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549

বিশ্ববাসী জানবে বঙ্গবন্ধু কীভাবে জাতির রূপকার : তথ্যমন্ত্রী



বিনোদন ডেস্ক: বহুলপ্রতীক্ষিত 'মুজিব: দ্য মেকিং অব আ নেশন' চলচ্চিত্রের প্রথম প্রদর্শনী হলো কানাডার বিশ্বখ্যাত টরন্টো ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যালে। কানাডার স্থানীয় সময় বৃহস্পতিবার সন্ধ্যা ৬টা ৩০ মিনিটে বেললাইট বক্স সিনেমা-৭ প্রেক্ষাগৃহে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনভিত্তিক এ চলচ্চিত্রের প্রথম শোতে প্রধান অতিথি ছিলেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ।

এ সময় মন্ত্রী বলেন, বঙ্গবন্ধু কীভাবে একটি জাতির রূপকার হলেন, এ চলচ্চিত্রের মাধ্যমে তা নতুন প্রজন্ম জানবে, বিশ্ববাসী জানবে। মন্ত্রীর জনসংযোগ কর্মকর্তা আকরাম হোসেন স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

চলচ্চিত্র উৎসবের সপ্তম দিনে বাংলাদেশ-ভারত যৌথ প্রযোজনায় ভারতের শ্যাম বেনেগাল পরিচালিত 'মুজিব: দ্য মেকিং অব আ নেশন' (মুজিব: একটি জাতির রূপকার) প্রদর্শনীর আগে সিনেমার প্রেক্ষাপট তুলে ধরেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ।

তিনি বলেন, বাঙালিদের জন্য স্বাধীন রাষ্ট্র বাংলাদেশ বিনির্মাণে জাতির পিতা বঙ্গবন্ধুর যে অদম্য সংগ্রাম, জাতির জন্য যে ত্যাগ, এই সিনেমার মাধ্যমে সেগুলো উপস্থাপন করা হয়েছে।

হাছান মাহমুদ বলেন, আজ নতুন প্রজন্ম জানে না কীভাবে বাংলাদেশ স্বাধীন হয়েছে, বঙ্গবন্ধু কীভাবে ঘুমন্ত বাঙালি জাতিকে সশস্ত্র জাতিতে রূপান্তরিত করে প্রশিক্ষিত সেনাবাহিনীর বিরুদ্ধে জনযুদ্ধের মাধ্যমে দেশ স্বাধীন করেছেন।

মন্ত্রী বলেন, এমনকি ১৯৭৫ সালের মর্মান্তিক হত্যাকাণ্ড কীভাবে সংঘটিত হয়েছিল, সেটি যারা করেছে, তারা জানে আর দুই-একজন যারা কোনো না কোনোভাবে রক্ষা পেয়েছিল, তারা সাক্ষী হয়ে আছে, অন্যরা জানে না। সেই মর্মান্তিক ঘটনাও এই চলচ্চিত্রে চিত্রায়িত করা হয়েছে।

সিনেমাটির মুক্তির বিষয়ে তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেন, বায়োপিকটি ইতোমধ্যেই সেন্সর সনদ পেয়েছে। অক্টোবরে এটি দেশে শুভমুক্তির পরিকল্পনা রয়েছে। প্রাথমিকভাবে বাংলা ও হিন্দি ভাষায় ছবিটি মুক্তি পাবে এবং বিশ্বব্যাপী আনুষ্ঠানিকভাবে মুক্তি দেওয়ার প্রক্রিয়া চলছে। প্রদর্শনী শেষে প্রবাসী বাঙালি এবং বিভিন্ন দেশের দর্শকরা সিনেমার নির্মাণশৈলীর প্রশংসা করেন। বাংলাদেশের ৬০ ভাগ এবং ভারতের ৪০ ভাগ ব্যয়ে নির্মিত এই বায়োপিকের শুটিং ২০২১ সালের ২২ জানুয়ারি ভারতের মুম্বাই ফিল্ম সিটিতে শুরু হয়ে ১৮ ডিসেম্বর বাংলাদেশে শেষ হয়। ২০২২ সালের ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্মবার্ষিকীতে চলচ্চিত্রটির প্রথম পোস্টার, ৩ মে দ্বিতীয় পোস্টার এবং ১৯ মে ফ্রান্সের কান চলচ্চিত্র উৎসবে সিনেমাটির ট্রেলার রিলিজ হয়েছিল।

কানাডায় বাংলাদেশের হাইকমিশনার খলিলুর রহমান, বঙ্গবন্ধুর চরিত্রাভিনেতা আরিফিন শুভ, বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার চরিত্রাভিনেত্রী নুসরাত ফারিয়া, ভারত থেকে আগত চিত্রনাট্যকার অতুল তেওয়ারি এ সময় তাদের অনুভূতি জানান।

বিএফডিসির ব্যবস্থাপনা পরিচালক নুজহাত ইয়াসমিন, যুগ্মসচিব কাউসার আহমেদ, উৎসব কর্মকর্তা ও দেশি-বিদেশি দর্শকরা প্রদর্শনীতে উপস্থিত ছিলেন।

ছেলের জন্য এবার ভিন্ন জগতের পাত্রী খুঁজলেন নাগার্জুন



বিনোদন ডেস্ক: দক্ষিণী সিনেমার জনপ্রিয় জুটি নাগা চৈতন্য ও সামান্থা রুথ প্রভু প্রায় দশ বছর চুটিয়ে প্রেম করার পর বিয়ের পিঁড়িতে বসেন। চার বছরের দাম্পত্য জীবনের ইতি টানেন বছর দেড়েক আগে। নাগার্জুনের ছেলে নাগা চৈতন্যের জনপ্রিয়তা কম নয়। তবে পেশাগত জীবনের চেয়ে তার ব্যক্তিগত জীবন নিয়েই বরাবর বেশি আলোচনায় এসেছেন।

দীর্ঘদিনের বন্ধুত্ব এবং প্রেমের পর ২০১৭ সালে দক্ষিণী অভিনেত্রী সামান্থা রুথ প্রভুর সঙ্গে গাঁটছড়া বাঁধেন নাগা চৈতন্য। সেই বিয়ে ভাঙে মাত্র চার বছরের মাথায়। এবার নাকি ফের নতুন করে সংসার পাতার জন্য প্রস্তুত 'লাল সিংহ চাড্ডা'খ্যাত অভিনেতা। এমনকি শোনা যাচ্ছে, ছেলের জন্য নাকি পাত্রীও পছন্দ করে ফেলেছেন নাগার্জুন!

এতদিন ধরে শোনা যাচ্ছিল, বিবাহবিচ্ছেদের পর নাগা চৈতন্যের জীবনে এসেছেন নতুন এক রমনী। 'মেড ইন হেভেন'খ্যাত অভিনেত্রী শোভিতা ধুলিপালার সঙ্গে নাকি চুটিয়ে প্রেম করছেন অভিনেতা। তার প্রমাণও মিলেছিল সোশ্যাল মিডিয়ায়। যদিও জনসমক্ষে নিজেদের চর্চিত সম্পর্ক নিয়ে মুখ খোলেননি নাগা চৈতন্য বা শোভিতা কেউ-ই।

শোভিতার সঙ্গে প্রেম করলেও নাকি কোনো অভিনেত্রীকে বিয়ে করতে চাইছেন না অভিনেতা। নাগার্জুনেরও নাকি একই ইচ্ছা। ছেলের জন্য এবার বিনোদন জগতের বাইরের পাত্রী খুঁজলেন দক্ষিণী তারকা। গুঞ্জন উঠেছে, এক ব্যবসায়ী পরিবারের কন্যাকে নাকি পছন্দও হয়েছে নাগার্জুনের। বিনোদন জগতের সঙ্গে কোনো যোগাযোগ নেই সেই পরিবারের।

সে কারণেই নাকি পাত্রীকে আরও মনে ধরেছে নাগা চৈতন্যের পরিবারের। সব পরিকল্পনামতো এগোলে নাকি ওই পাত্রীর সঙ্গেই সাত পাক ঘুরবেন তারকা। যদিও এখনো এ বিষয়ে কোনো আনুষ্ঠানিক ঘোষণা করা হয়নি।

অবশেষে জয়াকেই বেছে নিলেন সৃজিত



বিনোদন ডেস্ক: দীর্ঘ সময় পর ফের ওপার বাংলার স্বনামধন্য নির্মাতা সৃজিত মুখার্জির সঙ্গে জুটি বেঁধে কাজ করতে যাচ্ছেন দুই বাংলার জনপ্রিয় অভিনেত্রী জয়া আহসান। এই নির্মাতার 'দশম অবতার' সিনেমায় কাজ করবেন জয়া। ইতোমধ্যে শুটিংয়ের অংশ শেষ হয়েছে। এখন চলছে ডাবিংয়ের কাজ। প্রায় পাঁচ বছর পর সৃজিতের সঙ্গে কাজ করলেন জয়া। কেমন ছিল সেই অভিজ্ঞতা, সে বিষয়েই আনন্দবাজারের সঙ্গে কথা বলেছেন অভিনেত্রী।

জয়া'র ভাষায়, প্যাশনের জায়গা থেকে সৃজিতের মধ্যে পরিবর্তন দেখিনি। ভালো শটের জন্য যেমন নিষ্ঠুর ছিল, ওরকমই আছে। কাজের প্রতি ভালোবাসা থাকলে এটা হয়। 'রাজকাহিনি'র সময় চমকে গিয়েছিলাম। এখন বুঝি, এটা ওর স্বাভাবিক স্বত্ত্বা।

জানা গেছে, এই সিনেমার জন্য সৃজিতের প্রথম পছন্দ ছিলেন শুভশ্রী গাঙ্গুলী। তবে সম্প্রতি তিনি অন্তঃসত্ত্বা হয়েছেন। তাই মাতৃত্বের দিক বিবেচনায় তার পরিবর্তে জয়াকে বেছে নেন নির্মাতা।

সৃজিতের নন্দিত ছবি 'বাইশে শ্রাবণ' মুক্তি পায় ২০১১ সালে। একই ধারায় ২০২০ সালে উপহার দিয়েছেন 'দ্বিতীয় পুরুষ'। এই দুটি ছবির চরিত্র ও গল্পের সূত্রেই বানাচ্ছেন 'দশম অবতার'। যেখানে জয়া বাদেও আরও অভিনয় করছেন প্রসেনজিৎ চ্যাটার্জি, যিশু সেনগুপ্ত, অনির্বাণ ভট্টাচার্যের মতো তারকারা। আসন্ন দুর্গাপূজা উপলক্ষ্যে অক্টোবরে মুক্তি পাবে ছবিটি।

বিশ্বজয়ী হাফেজদের নিয়ে আরটিভিতে 'বিশ্বজয়ী তারকা'

বিনোদন ডেস্ক: জাতীয় পুরস্কার প্রাপ্ত ও গণমাধ্যম ব্যক্তিত্ব শায়খ মাসুম বিল্লাহ বিন রেজা'র পরিচালনা ও উপস্থাপনায় আরটিভিতে শুরু হল সাপ্তাহিক অনুষ্ঠান বিশ্বজয়ী তারকা। এটি সম্প্রচারিত হচ্ছে প্রতি বুধবার বিকাল ৫.৩০মিনিটে। এ অনুষ্ঠানে বিশ্বজয়ী শতাধিক হাফেজ ও আলেম অংশ নেবে। তারা তাদের জীবন গল্প, মন জুড়ানো তেলাওয়াত ও হামদ শোনাবেন।



মাসুম বিল্লাহ বিভিন্ন ইলেক্ট্রনিক মিডিয়ায় এ পর্যন্ত প্রায় আড়াই হাজার অনুষ্ঠান করেছেন। তিনি বিভিন্ন জাতীয় দৈনিকে নিয়মিত কলামও লিখেন।

মৃত্যুর আগেও সোহান আঙ্কেল মিথ্যা অপবাদ দিয়ে গেলেন : শাবনূর



বিনোদন ডেস্ক: স্ত্রী বিয়োগে শোকে কাতর ছিলেন 'কেয়ামত থেকে কেয়ামত' নির্মাতা সোহানুর রহমান সোহান। স্ত্রী প্রিয়া রহমানের মৃত্যুর ২৪ ঘণ্টার ব্যবধানে সোহানও চলে গেলেন। বুধবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় মারা গেছেন এই তারকা পরিচালক। তার অকস্মাৎ এই মৃত্যুতে শোকস্তব্ধ গোটা ইন্ডাস্ট্রি। তার মৃত্যুর খবর পেয়েই শোকপ্রকাশ করেছেন অস্ট্রেলিয়ায় বসবাসরত অভিনেত্রী শাবনূর। তবে সেই শোকবার্তায় রয়েছে ক্ষোভ ও আক্ষেপের সুরও।

পোস্টে শাবনূর লেখেন, 'সোহান আঙ্কেল যাবার আগে আমার বিরুদ্ধে মিডিয়াতে কিছু উল্টা-পাল্টা ও মিথ্যা অপবাদ দিয়ে গেলেন। আমাকে সমাজে হেয় প্রতিপন্ন ও আমার সম্মানহানি করে গেলেন। অনেকেই তার কটুকথার বিরুদ্ধে পাল্টা জবাব দিতে বলেছিলেন। আমি চাইলেই মিডিয়াতে তার এই মিথ্যা অপবাদের প্রতিবাদ করতে পারতাম।'

অভিনেত্রী আরও লেখেন, 'এর আগেও উনি কোনো এক ইন্টারভিউতে আমার বিরুদ্ধে এরকম বাজে মন্তব্য করেছিলেন। তখনও আমি তার অপবাদের বিরুদ্ধে কোনো পাল্টা জবাব দেইনি। সোহান আঙ্কেল অনেক বয়োজ্যেষ্ঠ, আমার পিতৃতুল্য। আমি কোনো অন্যায় করলে উনি আমাকে শাসন করতে পারতেন। এইতো কিছুদিন আগেও তার সাথে আমার ফোনে আলাপ হয়েছিল। তখন তাকে জিজ্ঞেস করেছিলাম আঙ্কেল আপনি কি কোনো কারণে আমার ওপর রাগ করে আছেন? আপনি যে আমার বিরুদ্ধে মিডিয়াতে উল্টা-পাল্টা কথা বলতেছেন। তিনি তখন বললেন তুই আমাদের ইন্ডাস্ট্রির মেয়ে, আমার মেয়ের মতো, তোর ওপর কেন রাগ করতে যাব। আর আমিতো তোর বিরুদ্ধে কোনো বাজে কথা বলিনি। এর পরে আমার বিরুদ্ধে গত সপ্তাহে তিনি আবারও মিথ্যা অপবাদ দিয়ে গেলেন'

'কিন্তু আমার একটাই দুঃখ আমি জানতে পারলাম না উনি কেন বা কার চক্রান্তে প্রভাবিত হয়ে আমার পেছনে উঠে পড়ে লেগেছিলেন। যাই হোক, আমি সবার উদ্দেশ্যে একটা কথা বলতে চাই, ভাই জীবনটা খুবই ছোট্ট। এত দাঙ্গা ফাসাদ করে কি লাভ? একে অন্যের বিরুদ্ধে না লেগে আসুন আমরা সবাই মিলে মিশে থাকি। গন্তব্যতো একটাই, সবাইকে এই পৃথিবীর মায়া ত্যাগ করতে হবে। যেহেতু ক্ষমা একটি মহৎ গুণ, তাই আমি ওনাকে মাফ করে দিলাম। আমি আঙ্কেল ও তার স্ত্রীর রুহের মাগফিরাত কামনা করছি।'

হে প্রভু! তোমার প্রিয়জনদের অন্তর্ভুক্ত করো

(শেষের পাতার পর)

করো, সৌভাগ্যশীলদের অন্তর্ভুক্ত করো। প্রভু! তুমিই তো নিখিল জাহানের রব, তাই প্রশংসা সকলি তোমারি। তুমি দয়ালু দয়াময়, তুমিই তো বিচার দিবসের মালিক, সামগ্রীক ক্ষমতা সেদিন তোমারই থাকিবে। আমরা তো কেবলই তোমার গোলাম। কোন কিছুর প্রয়োজন হলে তো তোমার দরবারেই দুটো হাত প্রসারিত করে দেই। সুতরাং তুমি আমাদের সোজা পথ দেখাও। তাদের পথ যাদের প্রতি তুমি অনুগ্রহ করেছো, যাদের ওপর গযব পড়েনি এবং যারা পথভ্রষ্টও হয়নি। জীবনের প্রত্যেকটি শাখা প্রশাখায়, প্রত্যকটি বিভাগে, জীবনের প্রত্যেকটি বাঁকে, চিন্তায়, কর্মে ও আচরণের এমন বিধি-ব্যবস্থা আমাদের শেখাও, যা একেবারেই নিখুঁত ও নির্ভুল, যেখানে ভুল দেখা, ভুল কাজ করা ও অশুভ পনিণামের কোন আশংকা নেই, যে পথে চলে আমরা সাফল্য ও সৌভাগ্যের অধিকারী হতে পারি।

আমরা আমাদের সালাতে অসংখ্যবার সুরা ফাতিহা অধ্যায়নের প্রাক্কালে আমাদের রব, আমাদের মালিক আল্লাহর কাছে এই আবেদনটিই পেশ করে থাকি। আমরা আরজ করি হে রব! তুমি আমাদের পথ দেখাও। কল্পিত দর্শনের গোলক ধাঁধাঁর মধ্য থেকে যথার্থ সত্যকে আমাদের সামনে উন্মুক্ত করে দাও। বিভিন্ন নৈতিক চিন্তা-দর্শনের মধ্য থেকে যথার্থ ও নির্ভুল নৈতিক চিন্তা-দর্শন আমাদের সামনে উপস্থাপিত করো। যারা বিভিন্নভাবে ইসলামকে উপস্থাপনার দায়িত্ব পালন করছে, তাদের মধ্য থেকে যেটি সঠিক ও নির্ভুল তা আমাদের সামনে উন্মুক্ত করে দাও। জীবনের অসংখ্য পথের মধ্য থেকে চিন্তা ও কর্মের সরল ও সুস্পষ্ট রাজপথটি আমাদের দেখাও। হে রব! আমার বক্ষকে প্রসারিত করে দাও, আমার কাজকে আমার জন্য সহজ করে দাও। আমার অন্তরকে নুর, ঈমান ও হিকমাহ দ্বারা সুপ্রসারিত করে দাও যেন আমি তোমার প্রিয়জনদের সরল-সোজা পথটি সহজেই চিনে নিতে পারি।

সেই সরল পথটির অনুসন্ধান লাভের প্রার্থনা করছি যে পথে তোমার প্রিয়জনেরা চলেছেন। সেই নির্ভুল রাজপথটি সৃষ্টির সূচনা থেকে নিয়ে আজ পর্যন্ত যে ব্যক্তি ও যে দলটিই তার ওপর চলেছে সে তোমার অনুগ্রহ লাভ করেছে এবং তোমার দানে তার জীবন পাত্র পরিপূর্ণ হয়েছে। 'অনুগ্রহ' লাভকারী হিসেবে আমরা এমন সব লোককে চিহ্নিত করতে চাই না যারা আপাতদৃষ্টিতে সাময়িকভাবে তোমার পার্থিব অনুগ্রহ লাভ করে থাকে এবং লোকজন তাদেরকে সফল মানুষ মনে থাকে ঠিকই কিন্তু আসলে তারা গযব ও শাস্তির অধিকারী এবং এভাবে তারা নিজেদের সাফল্য ও সৌভাগ্যের পথ হারিয়ে ফেলেছে। আমরা সে ভাবে হারাতে চাই না।

অনুগ্রহ বলতে আমরা যথার্থ ও স্থায়ী অনুগ্রহ বুঝবো, যা আসলে সঠিক পথে চলা ও আল্লাহর সন্তোষ লাভের ফলে অর্জিত হয়। এমন কোন সাময়িক ও লোক দেখানো অনুগ্রহ নয় যা ইতিপুর্বে ফেরাউন, নমরূদ ও কারূনরা লাভ করেছিলো এবং আজো আমাদের চোখের সামনে বড় বড় যালিম, দুস্কৃতিকারী ও পথভ্রষ্টরা লাভ করেই চলেছে। সে ধরণের অনুগ্রহ চাই না।

সুরা ফাতিহার মাধ্যমে মহান রবের কাছে সঠিক পথের নির্দেশনা প্রার্থনা করছি, যে পথটিতে তাঁর প্রিয়জনেরা চলেছেন। মহান আল্লাহ তা'আলা সাথে সাথেই বলে দিলেন, "আলিফ লাম মিম, এই নাও সেই কিতাব, যার মধ্যে সন্দেহের কোন অবকাশ নেই। আর এটিই যারা আল্লাহকে ভয় করতে চায়, তাদেরকে সঠিক পথ দেখায়।" (বাকারা) আর এই পথে চলে যারা আল্লাহর প্রিয় মানুষে পরিণত হয়েছেন এবং তাঁর অনুগ্রহ লাভ করে সৌভাগ্যশালী হয়েছেন, তাদের পরিচয় হলো: "যারা অদৃশ্যে বিশ্বাস করে, সালাত কায়েম করে এবং যে রিযিক আমি তাদেরকে দিয়েছি তা থেকে খরচ করে। আর যে কিতাব তোমাদের ওপর নাযিল করেছি অর্থাৎ কুরআন এবং তোমার আগে যেসব কিতাব নাযিল করা হয়েছিল সে সবগুলোর ওপর ঈমান আনে আর আখিরাতের ওপর একিন রাখে। এ ধরণের লোকেরা তাদের পক্ষ থেকে সরল সত্য পথের ওপর প্রতিষ্ঠিত এবং তারা কল্যাণ লাভের অধিকারী।"(সুরা বাকারা: ৩-৫)

পরিস্কার সত্য হলো, কুরআন আমাদেরকে সঠিক পথ ও নিয়ামত প্রাপ্তদের ঠিকানা বলে দিয়েছে। কুরআন ঐ সুপথ প্রাপ্ত সৌভাগ্যবানদের ৫টি বৈশিষ্ট্যের উদ্ধৃতি দিয়েছে। বৈশিষ্ট্যগুলো নিম্নরূপ: এক, ঈমান বিল গায়েব: গায়েব বা অদৃশ্য বলতে এমন গভীর সত্যের প্রতি ইংগিত করা হয়েছে যা মানুষের ইন্দ্রিয়াতীত এবং কখনো সরাসরি সাধারণ মানুষের প্রত্যক্ষ জ্ঞান ও অভিজ্ঞতায় ধরা পড়ে না। যেমন: আল্লাহর সত্তা ও গুণাবলী, ফেরেশতা, অহী, জান্নাত, জাহান্নাম ইত্যাদি। এ গভীর সত্যগুলোকে না দেখে মেনে নেয়া এবং নবী এগুলোর খবর দিয়েছেন বলে তাঁর খবরের সত্যতার প্রতি আস্থা রেখে এগুলোকে মেনে নেয়াই হচ্ছে 'ঈমান বিল গায়েব বা অদৃশ্যে বিশ্বাস।

দুই, সালাত কায়েম করে। ঈমান আনার পর নীরবে বসে থাকবে তারা কুরআন থেকে উপকৃত হতে পারবে না। বরং মেনে নেয়ার পর সংগে সংগেই তাঁর আনুগত্য করা ও তাকে কার্যকর করাই হচ্ছে এ থেকে উপকৃত হবার জন্য একান্ত অপরিহার্য প্রয়োজন। আর বাস্তব আনুগত্যের প্রধান ও স্থায়ী আলামত হচ্ছে সালাত। ঈমান আনার পর কয়েক ঘন্টা অতিবাহিত হতে না হতেই মুয়াযযিন সালাতের জন্য আহবান জানায় আর ঈমানের দাবীদার ব্যক্তি বাস্তবে আনুগত্য করতে প্রস্তুত কি না তার ফায়সালা তখনই হয়ে যাবে। এ মুয়াযযিন আবার প্রতিদিন পাঁচবার আহবান জানাতে থাকে। যখনই এ ব্যক্তি তার আহবানে সাড়া না দেয় তখনই প্রকাশ হয়ে পড়ে যে, ঈমানের দাবীদার ব্যক্তি এবার আনুগত্য থেকে বের হয়ে এসেছে। কাজেই সালাত ত্যাগ করা আসলে আনুগত্য ত্যাগ করারই নামান্তর। ইকামাতে সালাত ব্যাপক অর্থবোধক। সংক্ষিপ্তাকারে ইকামাতে সালাত মানে সালাতের পরিবেশ সৃষ্টি করা বা সালাত পুরোপুরি কায়েম হয়ে যাওয়া। যেমন লজ্জাস্থান ঢাকার জন্য লুঙ্গি বা পায়জামা কায়েম হয়ে গেছে মসালাত কায়েম হওয়ার অর্থ হচ্ছে, কেউ সালাত না পড়া মানে সে বদ্ধ পাগল, উন্মাদ বা উলঙ্গ ব্যক্তির মতো।

তিন, অর্থ-সম্পদ ব্যয় করে। সংকীর্ণমনা ও অর্থলোলুপ না হয়ে মানুষকে হতে হবে আল্লাহ ও বান্দার অধিকার আদায়কারী। তার সম্পদে আল্লাহ ও বান্দার যে অধিকার স্বীকৃত হয়েছে তাকে তা আদায় করার জন্য প্রস্তুত থাকতে হবে। যে বিষয়ের ওপর সে ঈমান এনেছে তার জন্য অর্থনৈতিক ত্যাগ স্বীকার করার ব্যাপারে সে কোন রকম ইতস্তত করতে পারবে না।

চার, আল্লাহ তা'আলা অহীর মাধ্যমে মুহাম্মদ সা: ও তাঁর পূর্ববর্তী নবীগণের ওপর বিভিন্ন যুগে ও বিভিন্ন দেশে যেসব কিতাব নাযিল করেছিলেন সেগুলোকে সত্য বলে মেনে নিতে হবে। নিজেদের মনগড়া মতবাদকে আল্লাহর বিধান বলে ঘোষনা করা বা সেই অনুযায়ী আমল করা যাবে না। বরং নাযিলকৃত কুরআনের বিধান অনুযায়ী জীবন ব্যবস্থা গড়ে তুলতে হবে। কুরআন তার অনুগ্রহ একমাত্র তাদের ওপর বর্ষণ করে যারা নিজেদেরকে আল্লাহর বিধানের মুখাপেক্ষী মনে করে। অন্যান্য কিতাবের উপর ঈমান আনার মাধ্যমে মুসলিম উম্মাহর স্বীকৃতি প্রদান করা হয়। ইসলামের বিশ্বজনীনতা প্রকাশ করে।

পাঁচ, আখিরাতের ওপর ঈমান আনা। আখিরাত একটি ব্যাপক ও পরিপূর্ণ অর্থবোধক শব্দ। আকীদা-বিশ্বাসের বিভিন্ন উপাদানের সমষ্টির ভিত্তিতে এ আখিরাতের ভাবধারা গড়ে উঠেছে। বিশ্বাসের নিম্নোক্ত উপাদানগুলো এর অন্তর্ভুক্ত। এক, এ দুনিয়ায় মানুষ কোন দায়িত্বহীন জীব নয়। বরং নিজের সমস্ত কাজের জন্য তাকে আল্লাহর সামনে জবাবদিহি করতে হবে। দুই, দুনিয়ার বর্তমান ব্যবস্থা চিরন্তন নয়। এক সময় এর মেয়াদ শেষ হয়ে যাবে এবং সে সময়টা একমাত্র আল্লাহই জানেন। তিন, এ দুনিয়া শেষ হবার পর আল্লাহ আর একটি দুনিয়া তৈরী করবেন। সৃষ্টির আদি থেকে নিয়ে কিয়ামত পর্যন্ত পৃথিবীতে যত মানুষের জন্ম হয়েছে সবাইকে সেখানে একই সংগে পুনর্বার সৃষ্টি করবেন। সবাইকে একত্র করে তাদের কর্মকান্ডের হিসাব নিবেন। সবাইকে তার কাজের পুর্ণ প্রতিদান দিবেন। চার, আল্লাহর এ সিদ্ধান্তের প্রেক্ষিতে সৎলোকেরা জান্নাতে স্থান পাবে এবং অসৎলোকেরা জাহান্নামে। পাঁচ, বর্তমান জীবনের সমৃদ্ধি ও অসমৃদ্ধি সাফল্য ও ব্যর্থতার আসল মানদন্ড নয়। বরং আল্লাহর শেষ বিচারে যে ব্যক্তি উতরে যাবে সে-ই হচ্ছে সফলকাম আর সেখানে যে উতরোবে না সে-ই চুড়ান্ত ব্যর্থ।

প্রভু! আমাদের মধ্যে এই বৈশিষ্ট্যগুলো পুরোপুরি সৃষ্টি করে দাও। আমাদের জীবনে বাস্তবায়ন করে আমরা যেনো তোমার প্রিয় বান্দাদের অন্তর্ভুক্ত হতে পারি।



জয় বাংলা

জয় বঙ্গবন্ধু

জাতির জনক বঙ্গবন্ধু কন্যা

বাংলাদেশের প্রধানমন্ত্রী

শেখ হাসিনা

এখন বিশ্ব নেত্রী

যুক্তরাষ্ট্র আগমনে আন্তরিক





শুভেচ্ছা

লুৎফুল করীম

সহ সভাপতি

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ





LAW OFFICE

এসাইলাম, বিনিয়োগ ও বিয়ের মাধ্যমে গ্রীনকার্ড; স্টপ ডিপোর্টেশন;ক্রিমিনাল, ডিভোর্স,বাড়ীর ভায়োলেশন রিমোভ, রিয়েল এস্টেট,ট্যাক্স সমস্যার সমাধান, ফোরক্লোজার স্টপ ও হার্ড ক্যাশ লোন। এক্সিডেন্ট/পার্সোনাল ইনজ্যুরী।

Rafi : 917-432-7458



শিক্ষাবিদ, ক্রীড়া ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব শিক্ষক রাধেশ্যাম রায় চন্দন স্মরণে নাগরিক শোকসভা

কুলাউড়া (মৌলভীবাজার) প্রতিনিধি: মৌলভীবাজারের কুলাউড়ার সর্বজন শ্রদ্ধেয় ব্যক্তিত্ব, শিক্ষক প্রয়াত রাধেশ্যাম রায় চন্দন শুধু একজন শিক্ষকই ছিলেন না, তিনি ছিলেন বহু প্রতিভার অধিকারী। তিনি তাঁর শিক্ষকতা জীবনে অনেক খ্যাতি অর্জন করেছিলেন। বর্তমান ও আগামী প্রজন্মের শিক্ষার্থীরা রাধেশ্যাম রায় চন্দনের মতো শিক্ষক পাবেন কি না সেটা ভাগ্যের বিষয়। শিক্ষকতা ছাড়া তিনি ক্রীড়া, নাট্য, সাংস্কৃতিক ও সামাজিক কাজে অগ্রণী ভূমিকা রাখেন। তিনি তাঁর কর্মের মধ্যে দিয়ে হাজার বছর বেঁচে থাকবেন আমাদের মাঝে। তিনি হাজার হাজার মানুষ গড়তে কারিগর হিসেবে ভূমিকা পালন করেন। ১৬ সেপ্টেম্বর শনিবার সন্ধ্যায় সম্মিলিত নাগরিক সমাজের আয়োজনে কুলাউড়া পৌরসভার হল রুমে নবীন চন্দ্র সরকারি মডেল উচ্চ বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক রাধেশ্যাম রায় চন্দন স্মরণে অনুষ্ঠিত নাগরিক শোক সভায় বক্তারা স্মৃতিচারণ করতে গিয়ে এসব কথা বলেন। বক্তারা বলেন, রাধেশ্যাম রায় চন্দন একজন নিবেদিত আদর্শ প্রাণ শিক্ষক ও আপাদমস্তক সংস্কৃতিমনা মানুষ ছিলেন। তিনি ছিলেন একজন ক্রীড়া সংগঠক, একজন নাট্য ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব। জীবদ্দশায় রাধেশ্যাম রায় চন্দন শিক্ষার বিকাশের পাশাপাশি তিনি আদর্শ সমাজ গঠনে, ক্রীড়াঙ্গনের ও সাংস্কৃতিক অঙ্গনকে সমৃদ্ধ করতে কাজ করে গেছেন নিস্বার্থভাবে। অনুষ্ঠানে কুলাউড়া পৌরসভার মেয়র অধ্যক্ষ সিপার উদ্দিন আহমদের সভাপতিত্বে ও বাংলাদেশ জাসদের কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক মইনুল ইসলাম শামীমের পরিচালনায় বক্তব্য রাখেন কুলাউড়া উপজেলা পরিষদের চেয়ারম্যান অধ্যক্ষ একেএম সফি আহমেদ সলমান, কুলাউড়া সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক মনতোষ রায়, সাবেক অধ্যক্ষ সৌম্য প্রদীপ ভট্টাচার্য সজল, বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো; আব্দুল হান্নান, বিশিষ্ট টি পান্টার মানবেন্দ্র দেব রায় বাচ্চু, উপজেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক গৌরা দে, কুলাউড়া উপজেলা পরিষদের সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান নেহার বেগম, কুলাউড়া সদর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান অধ্যাপক মো: শাহাজাহান, কুলাউড়া মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ মো: আব্দুল কাদির, প্রবাসী কমিউনিটি নেতা ড. সাইফুল আলম চৌধুরী, কুলাউড়া ব্যবসায়ী কল্যাণ সমিতির সভাপতি বদরুজ্জামান সজল, কুলাউড়া নবীন চন্দ্র সরকারি মডেল উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মো: মোবারক হোসেন, সংগঠক রফিকুল ইসলাম টিপু, ক্যামেলিয়া ডানকান হাই স্কুলের প্রধান শিক্ষক নিপেন্দ্র কুমার, কর্মধা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুস শহীদ বাবুল, লন্ডন প্রবাসী তাজুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক জামাল হোসেন, সিনিয়র সাংবাদিক খালেদ পারভেজ বখ্স, রাবেয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুস সালাম, সাংবাদিক আজিজুল ইসলাম, উদীচী শিল্পী গোষ্ঠী কুলাউড়া সাধারণ সম্পাদক নির্মাল্য মিত্র সুমন, কুলাউড়া উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক কামরুল হাসান বখ্স, কুলাউড়া সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক সাইদুল হাসান সিপন, কুলাউড়া উপজেলা প্রেসক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক নাজমুল বারী সোহেল প্রমুখ। নাগরিক সভায় রাধেশ্যাম রায় চন্দনের সহযোগী শিক্ষক, জনপ্রতিনিধি, রাজনীতিবিদ, সাংবাদিক, ক্রীড়া ও সাংস্কৃতিক ব্যক্তিত্বরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে প্রয়াত শিক্ষক রাধেশ্যাম রায় চন্দনের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। উলেখ্য, গত ২৩ আগস্ট বহু গুণের অধিকারী শিক্ষক রাধেশ্যাম রায় চন্দন বার্ধক্যজনিত কারণে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরন করেন। রাধেশ্যাম রায় চন্দন জীবদ্দশায় উপজেলা ক্রীড়া সংস্থা সাবেক সাধারণ সম্পাদক, নবীন চন্দ্র সরকারি মডেল উচ্চ বিদ্যালয় শিক্ষক, জালালাবাদ উচ্চ বিদ্যালয় ও ক্যামেলিয়া ডানকান স্কুলের প্রধান শিক্ষক, সাপ্তাহিক কুলাউড়ার সংলাপ পত্রিকার উপদেষ্টা ও বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠকের দায়িত্ব পালন করেন।







TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

বাড়ি-ক্রয়-বিক্রয়ের বিশ্বস্ত ও নির্ভরযোগ্য রিয়েলটর
MURSHEDA ZAMAN
Lic. Real Estate Sales Person
171-21 Jamaica Ave., Jamaica 11432
844-464-3262
E-mail: murshedazaman@gmail.com
MLS
যোগাযোগ
Cell: 917-502-6445

গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

যুক্তরাষ্ট্রের মাউই দ্বীপে দাবানলে শহর পুড়ে ছাই, প্রাণহানি

ঢাকা ডেস্ক, ১১ আগস্ট : যুক্তরাষ্ট্রের হাওয়াই অঙ্গরাজ্যের মাউই দ্বীপে দাবানল ক্রমে প্রাণঘাতী হয়ে উঠছে। দ্বীপটিতে এ পর্যন্ত দাবানলের কারণে ৫৩ জনের মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার ১৭ জনের মৃত্যু হয়। দাবানল এখনো নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়নি বলে জানিয়েছে মাউই কাউন্টি কার্যালয়।

মাউই দ্বীপের ক্ষতির বিষয়ে হাওয়াইয়ের গভর্নর জশ গ্রিন মার্কিন সংবাদমাধ্যম সিএনএনকে জানিয়েছেন, দুই হাজারের বেশি মানুষ বিভিন্ন আশ্রয়কেন্দ্রে রাত কাটিয়েছেন। ১১ হাজার মানুষ বিদ্যুৎহীন হয়ে পড়েছেন। দাবানলে এক হাজার ৭০০ ভবন জ্বলে ছাই হয়ে গেছে।


তিনি বলেন, বিপর্যয় শুরুর পর থেকে কয়েক ডজন মানুষ নিহত হয়েছেন; কয়েক বিলিয়ন ডলারের সম্পত্তি ধ্বংস হয়েছে।


স্থানীয় জরুরি সেবা বিভাগ জানিয়েছে, নিহতের সংখ্যা আরও বাড়তে পারে। ক্ষতি এড়াতে কর্তৃপক্ষ আশপাশের এলাকাগুলো থেকে বাসিন্দাদের সরিয়ে নিয়েছে; বন্ধ করে দেওয়া হয়েছে সব ধরনের সড়কপথ। চার হাজারের মতো পর্যটক আটকা পড়েছেন সেখানে। দ্বীপটিতে ভ্রমণ ইচ্ছুক পর্যটকদের আবেদন বাতিল করা হয়েছে।

হাওয়াইয়ের গভর্নর সিলভিয়া লিউক এক সংবাদ সম্মেলনে বলেন, আশ্রয়কেন্দ্রগুলোতে ধারণক্ষমতার বেশি লোক আশ্রয় নিয়েছেন। ক্ষতি কমাতে আমরা সাধ্যমতো চেষ্টা করে যাচ্ছি।

অনেকেই দাবানলের আগুন থেকে বাঁচতে সাগরে ঝাঁপ দিয়েছে। বুধবার যুক্তরাষ্ট্রের কোস্টগার্ড জানিয়েছে, অনেককে সাগরের পানি থেকে উদ্ধার করা হয়েছে।

মাউই কাউন্টির মেয়র রিচার্ড বিসেন জুনিয়র জানান, অনেক বাড়িঘর এবং ব্যবসায়িক স্থাপনা পুরোপুরি ধ্বংস হয়ে গেছে। ওই শহরে ১২ হাজার মানুষের বসবাস।







Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD

KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

SE CI

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

ছুটির দিনে যুক্তরাষ্ট্রে সোনালী এক্সচেঞ্জ হাউজ খোলা

- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা দিচ্ছি সর্বোচ্চ এক্সচেঞ্জ রেট
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ রেটও সমান
- আমাদের বিকাশ সার্ভিসের রেটও সমান
- আমরা দিচ্ছি আড়াই শতাংশ সরকারী প্রণোদনা পাবার নিশ্চয়তা



blaze ব্লেজ নামীয় সার্ভিসের মাধ্যমে ২৪/৭/৩৬৫ ভিত্তিতে মাত্র ৫ সেকেন্ডের মধ্যে রেমিট্যান্স প্রেরণ করুন।

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&I, MI DIFS, GA DB&F AND MD OCFR

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন

জয় বাংলা

জয় বঙ্গবন্ধু



মাননীয় প্রধানমন্ত্রী, স্মার্ট বাংলাদেশ
বিনির্মানের রূপকার জননেত্রী

শেখ হাসিনার

যুক্তরাষ্ট্র আগমনে আন্তরিক



মোঃ আব্দুল মুহিত
সভাপতি
ব্রঙ্কস আওয়ামী লীগ, নিউইয়র্ক



শুভেচ্ছা

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Really Inc.

আমাদের সেবা সমূহঃ

- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে (Loan Modification) ফ্রি সহায়তা
- ফরক্লোজারে (Foreclosure) ফ্রি সহায়তা
- আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.



Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট



New Price বিশাল মূল্যহ্রাস

রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)



প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
রেওলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb



বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ
বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



লাইভ তেলাপিয়া	$3.49/lb
লাইভ বাফেলো	$3.49/lb
আমেরিকান ইলিশ	$1.99/lb
দেশী রুই	$1.79/lb
Herring Fish (চাপিলা মাছ)	$2.49/lb
Porgy	$1.49/lb

শাইক কার্টকিস, স্নালবন, স্ট্রাইপ বাস, সীবাস, স্নেপার, হ্যাডক, ফ্লাউন্ডার, বাংলাদেশী গলদা চিংড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল

দেশী স্যালমন ফ্রাইস	$ 17.99
আমিন স্যালমন ফ্রাইস	$ 17.99
আমিন স্যালমনহেড ফ্রাইস	$ 9.99
ফোর্সার স্যালমন ফ্রাইস	$ 18.99
পাওয়ার স্যালমন ফ্রাইস	$ 13.99
সুলতানা স্যালমন ফ্রাইস	$ 12.99

ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp
Open 7 Days: 8:00am to 7:30pm
Directions: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

জয় বাংলা

জয় বঙ্গবন্ধু



মাননীয় প্রধানমন্ত্রী, স্মার্ট বাংলাদেশ
বিনির্মানের রূপকার জননেত্রী

শেখ হাসিনার

যুক্তরাষ্ট্র আগমনে আন্তরিক



শুভেচ্ছা



আইরিন পারভীন

যুগ্ম সাধারণ সম্পাদক
যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ



FAMILY DENTAL



We Do
Implant & Veneers

আপনার পরিবারের সবার যাবতীয় দাঁতের চিকিৎসার জন্য এস্টোরিয়ায় রয়েছে আমাদের ডেন্টাল অফিস। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। মেডিকেইড গ্রহণ করা হয়।

ডাঃ মোহাম্মদ নাঈম
ডাঃ ফেরদৌস হুসনে

অংড়ঢ়ৎরধ খড়পধঃরড়হ
২৮-৫৭ ঝাবরহধি ঝাংববঃ,
অংড়ঢ়ৎরধ, ঘঢ
ঘ ংধবহ ড়ভ ৩০ অব. ঝাধঃরড়হ
এবষ: ৭১৮-২৬৭-০৫০০

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
#7 train to 82st. Station.
Tel: 718-478-1710

ARMAN CHOWDHURY, CPA

ARMAN CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

AUTHORIZED e-file PROVIDER

7 DAYS OPEN

718-475-5686



87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

সেল্ফির রাজনীতিকরন!

(শেষের পাতার পর)

ডিগনেটরিজদের সোস্যল গ্যাদারিং বা অফিশিয়াল পার্টিতে পরস্পরের প্রতি শুভেচ্ছা বিনিময় কুশল বিনিময় সভ্য দুনিয়ায় প্রচলিত রেওয়াজ। এখানে কেউ কারও সাথে কথা বলতে চাইলে সাধারনত: কেউ এড়িয়ে যান না। স্বাভাবিক সৌজন্যতা বোধ থেকে বাইডেন সাহেবও দেখা করেছেন, কথা বলেছেন। ছবি তোলার কথা উঠলে নিজে পাশে থাকা এক সরকারি কর্মকতার হাত থেকে মোবাইল নিয়ে সেল্ফি তুলে দিয়েছেন। উনি নাকি এটা প্রায়ই করে থাকেন, কেউ তার সাথে ছবি তুলতে চাইলে নিজেই ফোন নিয়ে সেল্ফি তোলেন।

মূহুর্তের মধ্যে দেখা গেল এই সেল্ফির রাজনীতিকরন করা হয়ে গেছে! সেই সাথে সরল সমীকরন। সরকারি মহলে আনন্দ উচ্ছাস। বিশ্লেষনের মর্মার্থ এমন- শেষ পর্যন্ত আমেরিকা নতি স্বীকার করেছে, যে বাইডেন শেখ হাসিনাকে এতদিন সাক্ষাতের এ্যাপয়েন্টমেন্ট পর্যন্ত দেন নাই তিনি নিজে পনেরো মিনিট আলাপ করেছেন, সেল্ফি তুলে দিয়েছেন। তার মানে কি! পরের পাঁচ বছরের জন্য আমেরিকা শেখ হাসিনাকে মেনে নিয়েছে, এবার স্যাংশন তুলে নেবে ভিসা নীতি বাতিল করবে, অবাধ নিরপেক্ষ নির্বাচনের জন্য আর চাপ দেবে না! এক সেল্ফিতেই কেল্লা ফতে! মনে হলো অনেকেই বহুদিন পর কাল রাতে যেন শান্তিতে ঘুমাতে পেরেছে! হাসবো না কাঁদবো! নাকি কিছু লোকের বুদ্ধিবৃত্তির দেউলিয়াত্ব দেখে শোক প্রকাশ করবো! রাজনীতি কূটনীতি এভাবে চলে! কেউ কেউ এককদম আগ বাড়িয়ে এই সেল্ফিকে শেখ হাসিনার বিশ্বজয় বলেও প্রচার করছে!

বিশ্বজয় কতটুকু বলতে পারবো না তবে বাংলাদেশের প্রধানমন্ত্রী যে অমন একটা ফোরামে গিয়ে বিশ্বের প্রভাবশালী নেতাদের সাথে সাক্ষাৎ করতে পেরেছেন কথা বলতে পেরেছেন, এই সময়ে তার জন্য এটা একটা বিরাট প্রাপ্তি। অবশ ্য এর জন্য কৃতিত্ব পুরোটাই ভারতের। ভারত তাকে এই সুযোগ করে দিয়েছে। সেই সাথে একটা বার্তাও পরিষ্কার করে দিয়েছে। যারা রাজনীতি বিশ্লেষন করেন আশা করি অত:পর ভারত নিয়ে তা দের সকল বিভ্রা ন্তি কে টে যাবে।

আমি ভাবছি বাইডেন সাহেবের কথা! ভদ্রলোক যখন জানবেন তার সরল বিশ্বাষে তুলে দেওয়া সেল্ফির রাজনীতিকরন করা হয়ে গেছে, বেচারার অবস্থাটা কি হবে!

বাসি ভাত খেলে হতে পারে যে সিনড্রোম

(শেষের পাতার পর)

আরও ভাত বেঁচে গেলে তা রেখে দেওয়া হয় পরে আবার খাওয়ার জন্য। অনেকে আবার ইচ্ছা করে বেশি ভাত রান্না করেন, যাতে পরবর্তীতে আবার রান্না করতে না হয়। এছাড়া কর্মজীবীদের রান্নাবান্নার পেছনে খুব বেশি সময় ব্যয় করার সুযোগ হয় না অনেক সময়। তাই একদিন রান্না করে সেটা বেশ কয়েকদিন ফ্রিজে রেখে খায় অনেকে। আবার সকালে ভাত রান্না করে সেটা রাতে গরম করে খায়। তবে এটি স্বাস্থ্যের জন্য ক্ষতিকর।

কেবল গরম ভাত খেলেই হবে না, খেতে হবে টাটকা ভাত। এমন তথ্য জানিয়েছে ব্রিটেনের 'ফুড স্ট্যান্ডার্ড এজেন্সি'র একটি গবেষণা।

আগের দিনের বেঁচে যাওয়া ভাত পরের দিন গরম করে খাওয়া হয় অনেক বাড়িতেই। ভাত রান্না করার পর তা সঠিক তাপমাত্রায়, সঠিকভাবে সংরক্ষণ না করলে তার মধ্যে 'ব্যাসিলাস সেরেয়াস' নামক ব্যাক্টেরিয়া জন্মায়। এই ব্যাক্টেরিয়ার সংক্রমণে যে রোগ হয়, তা-ই 'ফ্রাইড রাইস সিনড্রোম' নামে পরিচিত। খাবার থেকে বিষক্রিয়া ও তা থেকে মৃত্যু। এমন ঘটনা নতুন নয়।

যেসব খাবার হাড়ের জন্য ক্ষতিকরযেসব খাবার হাড়ের জন্য ক্ষতিকর

চিকিৎসকেরা বলছেন, কাঁচা বা আধসেদ্ধ মাছ, ডিম বা গোশত থেকে স্যালমোনেল্লা ব্যাক্টেরিয়া, না ফোটানো দুধ বা দুগ্ধজাত খাবার থেকে লিস্টেরিয়ার মতো ব্যাক্টেরিয়ার সংক্রামণ হতে পারে। কিন্তু সাধারণ মানুষকে প্রায় প্রতিদিনই খেতে হয় এমন একটি খাবার, যা থেকেও যে ব্যাক্টেরিয়ার সংক্রমণ হতে পারে, তা হয়তো জানে না অনেকেই। ফ্লোরিডা বিশ্ববিদ্যালয়ের খাদ্য-সুরক্ষা বিভাগের অধ্যাপক ও গবেষক কেথ আর স্কেনেইডার বলেছেন, ব্যাসিলাস সেরেয়াস হলো এমন একগুচ্ছ ব্যাক্টেরিয়া, যা ধ্বংস করা কঠিন। রান্না করার সময়ে সঠিক তাপমাত্রা পেলেই এ ধরনের ব্যাক্টেরিয়া আবার সক্রিয় হয়ে ওঠে। শুধু তা-ই নয়, সংখ্যায় দ্রুত গতিতে বাড়তে থাকে। খাবারের মধ্যে দিয়ে তা পেটে গেলে ব্যাক্টেরিয়া থেকে নির্গত টক্সিনের ফলে সমস্যা শুরু হয়। তবে কেথ বলছেন, খাবার সঠিক পদ্ধতিতে সংরক্ষণ করে, সঠিক তাপমাত্রায় রাখলে এ ধরনের ব্যাক্টেরিয়ার প্রকোপ কিছুটা হলেও নিয়ন্ত্রণ করা সম্ভব। খাবার ভালো করে গরম করলে বা ফুটিয়ে নিলেও এ ব্যাক্টেরিয়াকে পুরোপুরি মেরে ফেলা যায় না। ব্যাক্টেরিয়ায় আক্রমণের উপসর্গ:

বমি

কোনো খাবার থেকে ফ্রাইড রাইস সিনড্রোমে আক্রান্ত হলে ১ থেকে ৬ ঘণ্টার মধ্যে একাধিক বার বমি হতে দেখা যায়। বাসি ভাত বা ভাত দিয়ে তৈরি খাবার থেকে কোনোভাবে সংক্রামিত হলে বমি হবেই।

ডায়েরিয়া

ব্যাসিলাস সেরেয়াস নামক ব্যাক্টেরিয়াটি শরীরে প্রবেশ করার পর ওই ব্যক্তির গ্যাস্ট্রো-ইনটেস্টাইন ট্র্যাকের ভেতর বাসা বাধে। সেখানে বিষক্রিয়া শুরু করে। ফলে অন্ত্রেও সংক্রমণ শুরু হয়। একাধিকবার পানির মতো মলত্যাগ করেন রোগী।

পেটব্যথা

অতিরিক্ত বমি ও মলত্যাগের কারণে শরীর থেকে পানি বেরিয়ে যেতে থাকে। পানির অভাবে শরীর ডিহাইড্রেটেড হয়ে পড়ে। পেটের পেশির দ্রুত সঙ্কোচন-প্রসারণের ফলে যন্ত্রণা হতে শুরু করে। সাথে কারো কারো সারা শরীরেও ব্যথা লক্ষ করা যায়।

ব্যাক্টেরিয়া সংক্রমণ থেকে বাঁচার উপায়:

বেঁচে যাওয়া খাবার বেশিক্ষণ বাইরে ফেলে রাখা যাবে না। বিশেষ করে ভ্যাপসা আবহাওয়া ও স্বাভাবিক তাপমাত্রায় এ ধরনের ব্যাক্টেরিয়া উত্তরোত্তর বৃদ্ধি পায়। একই সাথে তাদের বিষক্রিয়ার ক্ষমতাও বৃদ্ধি পেতে থাকে।

অনেকে দুপুরে ভাত খেয়ে বেঁচে গেলে তা রাইসবোলের মধ্যে তুলে রাখে। পাত্রটি মাইক্রোওয়েভ প্রুফ হলে তা গরমও করে নেয় অনেকে। তবে বিজ্ঞানীরা বলছেন, খাবার সুরক্ষিত রাখতে হলে কাচের, বায়ুরোধী পাত্র ব্যবহার করাই ভালো। রান্না করা ভাত ফ্রিজে তোলার আগে দেখে নেওয়া জরুরি যে তা পুরোপুরি স্বাভাবিক তাপমাত্রায় এসেছে কি না।















বিভক্তির রাজনীতি আর নয়, যুদ্ধ হবে একতা,

(শেষের পাতার পর)

শো টাইম মিউজিক-এর ব্যানারে আয়োজিত সম্মেলনের প্রথম দিন শনিবার সন্ধ্যায় একগুচ্ছ বেলুন উড়িয়ে এর উদ্বোধন করেন প্রধান অতিথি ড. আবু জাফর মাহমুদ। শুরুতে বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন সম্মেলনের চেয়ারম্যান ও রিয়েল এস্টেট ব্যবসায়ী নুরুল আজিম, সম্মেলনের সভাপতি বিশিষ্ট ব্যবসায়ী এমডি আব্দুর দিলীপ ও সম্মেলনের সদস্য সচিব ও শোটাইম মিউজিকের কর্ণধার আলমগীর খান আলম। এদিন প্রিয়া ড্যান্স একাডেমীর শিল্পীরা দলীয় নৃত্য পরিবেশন করেন। সম্মেলনের কর্মকান্ডের মধ্যে ছিলো অতিথিদের শুভেচ্ছা বক্তব্য, কাব্য জলসা, সঙ্গীত, সম্মানণা প্রদান প্রভৃতি। সাংস্কৃতিক পর্বে কলকাতার জনপ্রিয় শিল্পী পবন দাস বাউল, বাংলাদেশের নতুন প্রজন্মের জনপ্রিয় শিল্পী প্রতীক হাসান সহ প্রবাসের জনপ্রিয় শিল্পী কণ্ঠশিল্পী প্রমি তাজ, রায়হান তাজ, সেলিম ইব্রাহিম, নীলিমা শশী, চন্দ্রা রয়, শামীম সিদ্দিকী, শাহ মাহবুব, শারিন সুলতানা, বাঁধন ও আফতাব জনি প্রমুখ সঙ্গীত পরিবেশন করেন।

সম্মেলনের শেষ দিন রোববার (১০ সেপ্টেম্বর) মূল মঞ্চে বিশেষ অতিথি হিসেবে শুভেচ্ছা বক্তব্য বিভক্ত ফোবানা স্টিয়ারিং কমিটির একাংশের চেয়ারম্যান গিয়াস আহমেদ, অপরাংশের চেয়ারম্যান শাহ নেওয়াজ, সাবেক চেয়ারম্যান জাকারিয়া চৌধুরী, কমিউনিটি অ্যাক্টিভিস্ট ও মেয়র এরিক এডামস এর দক্ষিণ এশিয়া বিষয়ক উপদেষ্টা ফাহাদ সোলায়মান, শাহ ফাউন্ডেশনের প্রেসিডেন্ট/সিও শাহ জে চৌধুরী, বাংলাদেশ সম্মেলনের উপদেষ্টা আতাউর রহমান সেলিম এবং ক্যালিফোর্নিয়া রাজ্যের লস এঞ্জেলসের প্রিয় মুখ মমিনুল হক বাচ্চু।

অপরদিকে এদিন কাব্য জলসারও আয়োজন করা হয়। বাংলাদেশ রাইটার্স ক্লাব, যুক্তরাষ্ট্র আয়োজিত এতে প্রধান অতিথি ছিলেন বাংলা একাডেমী ও একুশে পদক প্রাপ্ত কবি কামাল চৌধুরী। এতে প্রবাসের বিশিষ্ট ছড়াকার মনজুর কাদেরের উপস্থাপনায় প্রাণবন্ত এই অনুষ্ঠানে বাংলাদেশ থেকে আগত কবি ও সাংবাদিক ফেরদৌস সালাম সহ বদিউজ্জামান নাসিম, মীর ফজলুল করিম, জাকারিয়া চৌধুরী, জুলি রহমান, শরীফুজ্জামান পল, বেনজির সিকদার, মনজুর কাদের, কাজী আসাদ প্রমুখ কবিতা/ছড়া পাঠ করেন।

সম্মেলনের শেষ দিন সঙ্গীত পরিবেশন করেন কলকাতার জনপ্রিয় শিল্পী পবন দাস বাউল ছাড়াও বাংলাদেশ থেকে আগত শিল্পী টিনা রাসেল, প্রতীক হাসান, সেলিম চৌধুরী



ও বিন্দুকনা এবং উত্তর আমেরিকার জনপ্রিয় কণ্ঠশিল্পী ড. কামরুল ইসলাম, কামরুজ্জামান বকুল, ত্রিনিয়া হাসান, দীপ্তি, মিতু ও কৃষ্ণা তিথি।

সম্মেলনে অভিনেত্রী কেয়া পায়েলকে বিশেষ সম্মানণা প্রদান করা হয়। এছাড়াও কমিউনিটির বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখার জন্য কয়েকজনকে সম্মানণা প্রদান করা হয়। বিশেষ সমমাণনা প্রাপ্তরা হলেন- বিশিষ্ট চিকিৎসক চৌধুরী সারোয়ার হাসান এমডি, কমিউনিটি অ্যাক্টিভিস্ট ও মূলধারার রাজনীতিক ফখরুল ইসলাম দেলোয়ার, আর্ত মানবতা সেবার জন্য শাহ ফাউন্ডেশন, কমিউনিটি অ্যাক্টিভিস্ট আতাউর রহমান সেলিম, নুরুল আজিম, প্রিসিলা, বেলাল চৌধুরী, দুলাল বেহেদু, আব্দুর দিলীপ ও বাংলা ট্রাভেলস এর প্রেসিডেন্ট/সিইও বিলাল হোসেন। সম্মেলনের বিভিন্ন পর্ব উপস্থানায় ছিলেন আলমগীর খান, সেলিম ইব্রাহীম, দুলাল ও কামরুজ্জামান বাবু। সম্মেলন উপলক্ষে লাগোর্ডিয়া মেরিয়টের বলরুমের করিডোরে দেশীয় পসরা সাজিয়ে বসেছিলেন বাংলাদেশী ব্যবসায়ীরা।

এদিকে সম্মেলনের পক্ষ থেকে প্রেরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয় যে, সম্মেলনের দু'দিনেই ড. আবু জাফর মাহমুদ। বাংলাদেশ ও বাংলাদেশীর জীবন বাস্তবতার আলোকে দিক নির্দেশনাধর্মী বক্তব্য রাখেন। তিনি তার বক্তব্যে বাংলাদেশ ও সারাবিশ্বের বাংলাদেশী জনগোষ্ঠিকে ঐক্যবদ্ধ ও দেশপ্রেমে উদ্বুদ্ধ হওয়ার আহবান জানান। একই সঙ্গে বাংলাদেশীদের মধ্যে বিভক্তি, হিংসা ও হানাহানির দলীয় রাজনীতি পরিহার করার আহ্বান জানিয়ে বলেন, দেশ বাতাস নয়। দেশ হচ্ছে বাংলাদেশের মানুষ। পরস্পরের প্রতি ভালোবাসা থেকেই আমরা এক হই। তাহলে কেন আমরা বিভক্তির সংস্কৃতি ও রাজনীতি পোষন করবো? যারা আমাদের বিভক্ত করে আমরা কেন সেই রাজনৈতিক দলনেতা ও দলগুলিকে অনুসরণ করবো? যারা একে অন্যের বিরুদ্ধে হত্যায় লেলিয়ে দেয়, ঘৃণায় লেলিয়ে দেয়, পারিস্পারিক বিভক্তিকে অনিবার্য করে তোলে, আমরা তাদের আর সমর্থন করবো না। এখন জাতীয় অস্তিত্ব রক্ষায় অপরিহার্য হয়ে উঠেছে আমাদের একতা'র।

নিউইয়র্কের বাংলাদেশি কমিউনিটির বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক ও বাংলাদেশ সম্মেলনের আয়োজক আলমগীর খান আলমের সভাপতিত্বে দুদিনব্যাপী বাংলাদেশ সম্মেলনে বাংলাদেশসহ পৃথিবীর বিভিন্ন স্থান থেকে আসা শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন। ছিলেন প্রখ্যাত শিল্পী পবন দাস বাউল ও তার দল। এছাড়া সঙ্গীত পরিবেশন করেন শিল্পী সেলিম চৌধুরী, প্রয়াত শিল্পী খালিদ হাসান মিলুর সন্তান শিল্পী প্রতীক হাসানসহ নিউইয়র্কে বসবাসকারী বিশিষ্ট বাংলাদেশী শিল্পীরা।

প্রথম দিন উদ্বোধনী অনুষ্ঠানের বক্তৃতায় ড. আবু জাফর মাহমুদ বলেন, আমেরিকার বুকে বাংলাদেশের নামে এই সম্মেলন আমাকে নয় শুধু গোটা বাংলাদেশী সমাজ ও আমাদের নতুন প্রজন্মকে অনুপ্রাণিত করছে। এর আয়োজকরা যেভাবে একতার ঢেউ তুলে চলেছে আমি তাকে স্বাগত জানাই। যখন আমেরিকায় বাংলাদেশিদের বিভক্ত রূপ দেখানোর প্রতিযোগিতা চলছে। বিভিন্ন স্থানে ফোবানা'র ছয়টি অনুষ্ঠান হচ্ছে। আমাদের ভাই ও বন্ধুরা, তাঁরাও আমাদের আপনজন, এভাবে বাংলাদেশের বিভক্ত রূপ দেখিয়ে কী আনন্দ পেয়েছেন আমি জানি না। যেভাবে রাজনীতিতে আমাদের বিভক্ত করা হয়, এক গ্রুপ দিয়ে আরেক গ্রুপকে হত্যা করার জন্য লেলিয়ে দেয়া হয়, সেভাবেই আমরা বিভক্ত হয়ে পড়ছি। এর বিপরীতে বাংলাদেশ সম্মেলন এক অনন্য দৃষ্টান্ত।

বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ তার বক্তব্যে মহান মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক জেনারেল আতাউল গণি ওসমানীর প্রতি তার সর্বোচ্চ শ্রদ্ধা ও অভিবাদন জানিয়ে বলেন, তার অধিনায়কত্বে যুদ্ধ করে আমরা একটি স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠা করলাম। অথচ যুদ্ধের রাজনীতিতে তাকে হারিয়ে দেয়া হয়। আমরা হেরে যাই। তিনি মুক্তিযুদ্ধের ইতিহাস তুলে ধরে বলেন বলেন, জেনারেল আতাউল গণি ওসমানী ৭১ এর ১৬ ডিসেম্বর আগরতলা থেকে হেলিকপ্টার যোগে যখন কুমিল্লায় গিয়ে ভারতীয় জেনারেলের সঙ্গে দেখা করেন, তখন পাকিস্তান সেনাবাহিনীর আত্মসমর্পন অনুষ্ঠানে বাংলাদেশের যোদ্ধাদের পক্ষ থেকে তাকে উপস্থিত হওয়া থেকে বিরত করা হয় ও সেখান থেকে ফেরত পাঠানো হয়। এটা হচ্ছে যুদ্ধের রাজনীতি। এই যুদ্ধে আমরা হেরে গেলাম। আমরা আর আমাদের জেনারেলকে পাইনি। তিনি বলেন, জেনারেল আপনি নেই, আমি আবু জাফর মাহমুদ এখন জেনারেল। আপনার নেতৃত্বের শক্তি ধারণ করি। আমরা আগামীর যেকোনো পরিস্থিতি মোকাবিলার জন্য প্রস্তুত।

ড. আবু জাফর মাহমুদ বাংলাদেশ সম্মেলনে উপস্থিত শিল্পীদের দৃষ্টি আকর্ষণ করে বলেন, পৃথিবীর বিভিন্ন দেশ তাদের বড় বড় শিল্পীদের কুটনৈতিক স্বার্থে কাজে লাগিয়ে থাকে। বহির্বিশ্বে একটি দেশের পরিচিতিসহ বিভিন্নমুখী উৎকর্ষের প্রশ্নে শিল্পীদের ভূমিকা অনেক বেশি গুরুত্বপূর্ণ। কিন্তু আমরা সে কাজটি করতে পারিনি। আমাদের রাষ্ট্র ও সরকার এ পর্যন্ত সে চিন্তাটি করেনি। শিল্পীদের দায়িত্বটি অনেক বড়। তাদের কুটনৈতিক কাজে মনোযোগী হতে হবে।

তিনি বলেন, বাংলাদেশী যেখানেই থাকুক আমাদের মধ্যে একতা সৃষ্টির কাজে সবাইকে আত্মনিয়োগ করতে হবে। এই কাজে আর দেরি করা যাবে না। মনে রাখতে হবে, যে একতা একদিন আমাদের যুদ্ধ শিখিয়েছে যুদ্ধক্ষেত্রে যে অনুপ্রেরণা দিয়েছে, সেই একতার কাছে ফিরতে হবে। আমাদের সামগ্রিক মুক্তির জন্য একতার কোনো বিকল্প নেই।

আবু জাফর মাহমুদ বলেন, এই আমেরিকায় আমরা যখন সারা পৃথিবীর নেতা, আমেরিকা যখন নের্তৃত্ব করে আমরাও নের্তৃত্ব করি। দৃষ্টিভঙ্গিতে আমরা যেন পরিস্কার থাকি। যুদ্ধের সময় আমরা যখন যুদ্ধ করেছি, তখন ঢাকার মিরপুরে বিহারিরা ছিল। বিহারিরা এই ভূমির সকল সুযোগ সুবিধা ভোগ করে বাংলাদেশের প্রত্যক্ষ বিরোধীতা করেছে। এই আমেরিকায় বসবাস করেও অনেকে আমেরিকাকে গালি দেয়। ঠিক ওই বিহারির মতো। আমি তেমন বিহারি নই। বাংলাদেশে থেকে যারা আমাদেরকে এখানে বিভক্ত ও বিভ্রান্ত করছে যে রাজনৈতিক দলনেতা আমাদেরকে উল্টোপথে ঠেলে দেয়। পৃথিবীর দেশে দেশে দেশের সংগঠনের শাখা কমিটির অনুমোদন দেয়, তারা দেশদ্রোহী ও মানবতাবিরোধী; বাংলাদেশের জন্য মুনাফেক।

দু'দিনব্যাপী বাংলাদেশ সম্মেলনের দ্বিতীয় দিনে ড. আবু জাফর মাহমুদ মহান মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক জেনারেল আতাউল গণি ওসমানী, সকল সেক্টর কমান্ডার, সাব সেক্টর কমান্ডার, শহীদ মুক্তিযোদ্ধা ও সহযোদ্ধা মুক্তিযোদ্ধাদের প্রতি তার প্রতিষ্ঠান বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস ও অ্যালেগ্রা হোম কেয়ারের সকল কর্মীদের মাধ্যমে ফুলেল শ্রদ্ধার্ঘ জানান।

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন



অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

25th Anniversary

KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorized e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:

- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিপু ভাভাত
ফারহানা আমিরান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

ম্যাচসেরার পুরস্কারের অর্থ মাঠকর্মীদের দিয়ে

(শেষের পাতার পর)

ভারতীয় এই পেসার বল হাতে রীতিমতো আগুন ঝরিয়েছেন। ৭ ওভার বোলিং করে মাত্র ২১ রান দিয়ে ৬টি উইকেট শিকার করেছেন সিরাজ। এটিই তার ওয়ানডে ক্যারিয়ারের সেরা ফিগার। এমন পারফরমেন্সের জন্য ম্যাচসেরা পুরস্কার উঠেছে তার হাতেই। সেই পুরস্কারের অর্থটা শ্রীলঙ্কার মাঠকর্মীদের উপহার দিয়েছেন এই পেসার।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ম্যাচসেরার পুরস্কার হাতে নিয়ে সিরাজ বলেন, 'এই অর্থ পুরস্কারটা মাঠকর্মীদের জন্য। তাদের ছাড়া এই টুর্নামেন্টটা হতো না।' সিরাজের এই ঘোষণাটা হাততালি দিয়ে স্বাগত জানিয়েছে কলম্বোর আর প্রেমাদাসা স্টেডিয়ামের দর্শকরা। নিজ বোলিং সম্পর্কে সিরাজ বলেন, 'আমি গত কয়েক ম্যাচে ভালোই বোলিং করছিলাম। অনেক বল ব্যাটের কানা ছুঁয়ে যাই যাই করছিল। আজ সেই ব্যাটের কানা খুঁজে পেয়েছি।'

সিরাজের আগে এশিয়ান ক্রিকেট কাউন্সিলের প্রধান জয় শাহও শ্রীলঙ্কার কিউরেটর ও মাঠকর্মীদের পুরস্কারের ঘোষণা দেন। টুইটারে তিনি লিখেন, 'নেপথ্য নায়কদের বাহবা দিতেই হয়। এসিসি ও শ্রীলঙ্কান ক্রিকেট বোর্ড কলম্বো ও ক্যান্ডির কিউরেটর ও মাঠকর্মীদের ৫০ হাজার ডলার পুরস্কার দিতে পেরে গর্বিত।'

মাস্ক পরুন, হিংস্র হয়ে উঠছে কোভিড

(প্রথম পাতার পর)

ভিন্ন কিছু নয়। সেখানে প্রধান জনস্বাস্থ্য কর্মকর্তা সাধারণের উদ্দেশ্যে বলেছেন, মাস্ক প্রস্তুত রাখুন। সামাজিক মাধ্যমগুলোতে দেখা যাচ্ছে মিশ্র প্রতিক্রিয়া। কোভিডের এহেন পরিস্থিতি সকলকেই আতঙ্কিত করেছে। কেউ কেউ পরিস্থিতি সামাল দিতে না পারায় কর্তৃপক্ষের ওপর ক্ষুব্ধ। তবে অনেকেই বলেছেন, কোভিডের রাজত্ব ফের আসছে, মাস্ক পরা শুরু করুন।

কানাডার পাবলিক হেলথ অফিসার ড. থেরেসা ট্যাস এক সাংবাদিক সম্মেলনে বলেছেন, আমি আশা রাখি, জনগণ তাদের মাস্ক পরার অভ্যাস ভুলে যায়নি। ফলে, কেবল যে কোভিডের জন্য তা নয়, এই শ্বাসকষ্টজনিত ভাইরাসের মওসুমে তারা এমনিতেই মাস্ক পরবেন। আর তাই এখনই সময় আপনার মাস্ক রেডি রাখুন।

এদিকে ডব্লিউএইচও তার ঘোষণায় বলেছে, কোভিডের মাত্রা ক্রমেই বাড়ছে। এবং ২০২৩ এর এই সময়টিতে তা ২০২০ সালের শুরুর দিকে যেমনটা ছিলো তেমন পরিস্থিতিতেই পৌঁছেছে। আর ক্রমেই তা ২০২১ সালের শেষভাগে যে রূপ নিয়েছিলো সেদিকেই ধাবিত হচ্ছে এমনটা বলছে ওয়েস্টওয়াটার সার্ভিয়েলেন্স। ডব্লিউএইচও বলেছে, যারা বুস্টারের একটি ডোজও নেননি, তাদের এখনই তা নিয়ে নিতে হবে। তবে আনুষ্ঠানিকভাবে কোভিড-১৯ প্যানডেমিক শেষ হয়ে গেলেও কোভিড শেষ হয়ে যাওয়ার সময় এখনো আসেনি।

ওয়েস্টওয়াটার জানাচ্ছে ২০২০ সালের মার্চে কোভিড-১৯ যখন তার সবচেয়ে ভয়ংকর চেহারাটি দেখায় এরই মধ্যে তখনের চেয়ে খারাপ পরিস্থিতিতে পৌঁছেছে এর রূপ। ২০২১ সালের ডেল্টা পিকের কাছাকাছি অবস্থান করছে। বৃহস্পতিবার ওইল্যান্ড জানিয়েছে, সে পর্যন্ত যুক্তরাষ্ট্রে কোভিড আক্রান্তের সংখ্যা ছিলো ৬৫০,০০০ জন। এবং বর্তমানে প্রতি ৫১ জন আমেরিকানের মধ্যে ১ জন কোভিড আক্রান্ত হচ্ছে।

এদিকে নতুন একটি বুস্টারের কথা সামনে এসেছে। আর যুক্তরাষ্ট্রের অর্ধেক মানুষই এই বুস্টারের ব্যাপারে অনাগ্রহ দেখাচ্ছেন। রয়টার্সও ইপসসের একটি জরিপে দেখানো হয়েছে ৩০% উত্তরদাতা বুস্টার নিতে ভীষণ আগ্রহী। ২৪% বলেছে, তারা নিতে পারে, সমস্যা নেই। বাকিদের ১৭% বলেছে, তারা খুব একটা নিতে চায় না। আর ৩০ বলেছে, তাদের আদৌ কোনো আগ্রহ নেই।



ATTORNEY
M. MUSTAFA
(A full service Law Firm)
LLB Honors (1st Class)
LLM (1st Class). Bangladesh
Barrister-At-Law, London
Attorney-At-Law. NY
718-487-4873

PERSO AL INJURY & DEATH DAMAGES CLAIMS
- Lead Poisoning
- Construction Work
- Slip and Fall
- Medical & dental Malpractice
- Hospital Negligence
- Delayed Treatment
- Failure to Diagnose
- Cancer & other fatal diseases
- Anesthesia & Gynecologic Surgery Malpractice
- Defective Child Birth
- Nursing Home Neglect and abuse etc.
- Wrongful Death Claim
- Car and Bi-cycle Accident and injury
- Taxi, Bus- Subway, and Train accidents
- Elevator and Escalator Accident
- Explosion and Fire Accident
- Defective product and electrical shock

IMMIGRATION MATTERS
- Green Card through "EB1 TO EB5"
- Political Asylum
- Detention and Bond
- All immigration court issues and cases
- Cancellation of Removal
- Adjustment of Status
- Condition Removal
- Business Immigration HB, L1, E2
- Green Card Replacement /Renew
- Complex Citizenship
- Re-entry permit
- Collection of Immigration Record
- Waiver
- Deportation
- Family Petitions
- Green card through Adoption or Orphan
- Immigration Appeals and Motions
- Canadian Immigration
- Student Visa process for USA, Canada, UK

GENERAL PRACTICE AREAS
- Divorce and Family Matter
- Child Support and Modification
- Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure
- Bankruptcy
- All civil Matters
- Landlord-Tenant
- Incorporation
- Power of Attorney
- Wills, Trust, and Estate Planning
- Overtime and Wages Issue
- All Criminal Matters

148-45 Hillside Ave, Suite 203, Jamaica, NY 11435
Phone : 718-487-4873 Text : 917-285-6247 Email : abmostofa1@gmail.com

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার
MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:
718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com



ঐক্যবদ্ধভাবে বিশ্বশান্তি প্রতিষ্ঠা, বহুপাক্ষিকতাবাদ ও টেকসই উন্নয়নই মূল লক্ষ্য =রাষ্ট্রদূত মুহিত

সালাহউদ্দিন আহমেদ: প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সাধারণ অধিবেশনে যোগ দিতে রোববার (১৭ সেপ্টেম্বর) রাতে নিউইয়র্ক এসে পৌঁসেছেন। এবারের অধিবেশন হচ্ছে জাতিসংঘের ৭৮তম অধিবেশন। বিশ্বের অন্যান্য রাষ্ট্র ও সরকার প্রধানদের মতো জাতিসংঘের অধিবেশনে যোগ দিতে যুক্তরাষ্ট্র সফরে এসেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ-এর সরকার প্রধান শেখ হাসিনা। তিনি বাংলাদেশ দলের নেতৃত্ব দেবেন। এদিকে গত ৫ সেপ্টেম্বর থেকে শুরু হয়েছে জাতিসংঘের ৭৮তম সাধারণ অধিবেশন। যার মূল বিতর্ক পর্ব শুরু হবে ১৮ সেপ্টেম্বর সোমবার থেকে। অধিবেশন চলবে ২৬ সেপ্টেম্বর পর্যন্ত। প্রতিবছরের মতো এবারও জাতিসংঘের মূল অধিবেশনে ২২ সেপ্টেম্বর শুক্রবার শেখ হাসিনা বাংলায় ভাষণ দেবেন। খবর ইউএনএ'র।

জাতিসংঘ সূত্রে জানা গেছে, বিশ্বে যুদ্ধ-বিগ্রহ পরিহার করে চলমান খাদ্য ও জ্বালানি সংকট নিরসন, আর্থিক অনিশ্চয়তা মোকাবেলা করার লক্ষ্যে সবাইকে ঐক্যবদ্ধ করা, বিশ্বশান্তি, বহুপাক্ষিকতাবাদ ও টেকসই উন্নয়নের জন্য কার্যকর বৈশ্বিক উদ্যোগ, জলবায়ু পরিবর্তন, নারীর ক্ষমতায়ন, টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্যসমূহ অর্জন প্রভৃতি বিষয় এবারের জাতিসংঘ সাধারণ অধিবেশনে গুরুত্বপূর্ণ পাবে।

অপরদিকে শুক্রবার (১৫ সেপ্টেম্বর) বিকেলে নিউইয়র্কের ম্যানহাটানে জাতিসংঘের বাংলাদেশ স্থায়ী মিশনের বঙ্গবন্ধু মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে মিশন প্রধান রাষ্ট্রদূত মুহাম্মদ আব্দুল মুহিত প্রধানমন্ত্রী শেখ হসিনার নেতৃত্বে জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৮ তম অধিবেশনে বাংলাদেশ প্রতিনিধি দলের কর্মসূচী তুলে ধরেন।

রাষ্ট্রদূত মুহাম্মদ আব্দুল মুহিত বলেন, ১৮ সেপ্টেম্বর থেকে জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৮ তম অধিবেশনের উচ্চ পর্যায়ের বিতর্ক পর্ব শুরু হচ্ছে। এ অধিবেশনে যোগদানের জন্য প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদল ১৭ সেপ্টেম্বর নিউইয়র্কে পৌঁছাবেন। পররাষ্ট্র মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিষয়ক মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা, মাননীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রতিমন্ত্রী এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এসময় প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হবেন। তিনি বলেন, এ বছর সাধারণ বিতর্কের প্রতিপাদ্য হচ্ছে "Rebuilding trust and reigniting global solidarity: Accelerating action on the 2030 Agenda and its Sustainable Development Goals towards peace, prosperity, progress and sustainability for all"। আন্তর্জাতিক সম্প্রদায়ের মধ্যে বিশ্বাস পনর্গঠন এবং বিশ্বব্যাপী সংহতি পনরুজ্জীবিত করার বিষয় এবারের অধিবেশনে গুরুত্বপূর্ণ আলোচনা হবে। বৈশ্বিক শান্তি, সমৃদ্ধি, অগ্রগতি এবং একটি টেকসই ভবিষ্যতের জন্য সকলের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে ২০৩০ এজেন্ডা এবং এর টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন সংক্রান্ত আলোচনা এবারের অধিবেশনে বিশেষ প্রাধান্য পাবে।

রাষ্ট্রদূত মুহিত বলেন, অন্যান্য বছরের ন্যায় এবারও প্রধানমন্ত্রী সাধারণ পরিষদের সাধারণ বিতর্কে বক্তব্য প্রদান করবেন। জাতিসংঘের সর্বশেষ শিডিউল অনুযায়ী প্রধানমন্ত্রী আগামী ২২ সেপ্টেম্বর বক্তব্য প্রদান করবেন। তাঁর বক্তব্যে অন্যান্য বিষয়ের মধ্যে বাংলাদেশের অভাবনীয় উন্নয়ন অগ্রযাত্রা, অন্তর্ভূক্তিমূলক অর্থনৈতিক উন্নয়ন এবং স্বাস্থ্যখাতে সাফল্য ইত্যাদি বিষয়ের উপর আলোকপাত করবেন। পাশাপাশি, বিশ্বশান্তি, নিরাপত্তা, নিরাপদ অভিবাসন, বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিক সংকট, জলবায়ু ন্যায়বিচার প্রতিষ্ঠা সম্পর্কিত বিষয়সমূহ উঠে আসবে।

রাষ্ট্রদূত মুহিত বলেন, প্রধানমন্ত্রীর জাতিসংঘের ৫টি উচ্চ পর্যায়ের সভায় অংশগ্রহণ করছেন। এগুলো হচ্ছে- * প্রথমতঃ আগামী ১৮-১৯ সেপ্টেম্বর SDG Summit ২০২৩ অনুষ্ঠিত হবে। দুই দিনব্যাপী অনুষ্ঠিত এই সভায় জাতিসংঘ উন্নয়ন অভীষ্ট লক্ষ্যসমূহ অর্জনের অগ্রগতি, প্রতিবন্ধকতাসমূহ এবং এই প্রতিবন্ধকতাসমূহের উত্তরণ ঘটিয়ে ২০৩০ সালের মধ্যে কিভাবে লক্ষ্যসমূহ অর্জন করা যায়, সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হবে। এই সামিটের অধীনে বিভিন্ন থিমের ওপর ৪টি "Leaders Dialogue" অনুষ্ঠিত হবে। মাননীয় প্রধানমন্ত্রী ১৮ সেপ্টেম্বর "Leaders Dialogue-4" এ কথা বলবেন। "Leaders Dialogue-4" এর বিষয় হল "Strengthening integrated policies and public institutions for achieving the SDGs"।

* দ্বিতীয়তঃ আগামী ২০ সেপ্টেম্বর High-level meeting on pandemic prevention, preparedness and response অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী এই সভার প্লেনারি সেশনে কথা বলবেন।

* তৃতীয়তঃ ২০ সেপ্টেম্বর Annual Meeting of the UNGA Platform For Women Leaders অনুষ্ঠিত অনুষ্ঠিত হবে। এই সভাটি প্রতিবছর জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতি বিশ্বের নারী নেতৃবৃন্দের সম্মানে আহবান করে থাকেন। এবং প্রধানমন্ত্রী এতে অংশগ্রহণ করবেন।

* চতুর্থঃ ২০ সেপ্টেম্বর জাতিসংঘ মহাসচিবের আহবানে জলবায়ু পরিবর্তন সংক্রান্ত 'Climate Climate Ambition SummitAmbition Summit' অনুষ্ঠিত হবে। এই সামিটের High Level Thematic Session 'Delivering climate justice: Accelerating ambition and implementation on adaptation and early warnings for all'-এ কথা বলবেন প্রধানমন্ত্রী।

* পঞ্চমতঃ ২১ সেপ্টেম্বর ২১ সেপ্টেম্বর High-level Event on Universal Health Coverage level Event on Universal Health Coverage অনুষ্ঠিত হবে। এই সভার প্লেনারি সেশনে কথা বলবেন প্রধানমন্ত্রী। বাংলাদেশ সরকারের বিভিন্ন স্বাস্থ্যবান্ধব নীতি এবং জনগণের স্বাস্থ্য উন্নয়নে বাংলাদেশের গুরুত্বপূর্ণ অর্জনসমূহ তুলে ধরবেন প্রধানমন্ত্রী। এছাড়াও প্রধানমন্ত্রী বিশ্বের অন্যান্য দেশের রাষ্ট্রপ্রধান এবং আন্তর্জাতিক সংস্থা প্রধানদের আহ্বানে ৪টি উচ্চ-সভায় অংশগ্রহণ করবেন। অপরদিকে বাংলাদেশের পক্ষ থেকে জাতিসংঘ সদর দপ্তরে ২টি হাই লেবেল সাইড ইভেন্ট আয়োজন করা হবে। এতে প্রধানমন্ত্রী উপস্থিত থাকবেন বলে জানান রাষ্ট্রদূত মুহিত। রাষ্ট্রদূত মুহিত বলেন, এবারের অধিবেশনে বাংলাদেশের জন্য রোহিঙ্গাদের মিয়ানমারে প্রত্যাবর্তন এক নম্বর প্রায়োরিটি ইস্যু। এই বক্তব্যই আবারও বিশ্ববাসীর কাছে পৌছে দিতে একটি সাইড ইভেন্ট আয়োজন করা হয়েছে। পাশাপাশি ১১টি উচ্চ পর্যায়ের সভায় অংশগ্রহনের পাশাপাশি প্রধানমন্ত্রীর সাথে জাতিসংঘ মহাসচিব এবং বেশ কয়েকটি দেশ ও সংস্থার প্রধানরা দিপাক্ষিক সভা করবেন।

এছাড়াও যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ও ফাস্ট লেডি জিল বাইডেনের আমন্ত্রনে বিশ্বের অন্যান্য রাষ্ট্র ও সরকার প্রধানদের সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯ সেপ্টেম্বর সন্ধ্যায় একটি অভ্যর্থনা অনুষ্ঠানে যোগ দেবেন। প্রধানমন্ত্রীর সাথে বিভিন্ন উচ্চ পর্যায়ের বৈঠকে অংশ নেয়ার পাশাপাশি পররাষ্ট্র মন্ত্রী টেকসই উন্নয়ন অভীষ্ঠ, জলবায়ু পরিবর্তন, LDC, ACD,LDC, ACD, OIC, NAM, BIMSTEC, G-77 বিষয়ক বিভিন্ন উচ্চ পর্যায়ের সভায় অংশগ্রহণ করবেন। ২টি চুক্তি স্বাক্ষরিত হবে হাঙ্গেরিহ এবং কাজাখাস্তান-এর সাথে। পাশাপাশি ঘানা, অস্ট্রেলিয়া ও চেক প্রজাতন্ত্রের পররাষ্ট্র মন্ত্রী এবং নেদারল্যান্ডস-এর বৈদেশিক বাণিজ্য এবং উন্নয়ন সহযোগিতা বিষয়ক মন্ত্রীর সাথে দ্বিপাক্ষিক আলোচনা হবে।

এবার প্রধানমন্ত্রীর সফর সঙ্গী হিসেবে কারা কারা থাকছেন এমন এক প্রশ্নের উত্তরে রাষ্ট্রদূত মুহিত বলেন, এব্যাপারে এখন পর্যন্ত তার কাছে কোন সঠিক তথ্য নেই।

অপর এক প্রশ্নের উত্তরে রাষ্ট্রদূত মুহিত বলেন, প্রতিবছর জাতিসংঘের সাধারণ অধিবেশনের আলোচ্য বিষয় বাস্তবায়ন সময় সাপেক্ষ আর দীর্ঘ মেয়াদী ব্যাপার। সেই আলোকে বিগত বছরগুলোর সিদ্ধান্তগুলো বাস্তবায়নে আশানরূপ ফলাফল নেই।

অপর এক প্রশ্নের উত্তরে রাষ্ট্রদূত মুহিত বলেন, এবছরই রেকর্ড ১৫০ জনের মতো বিশ্বের রাষ্ট্র ও সরকার প্রধান বা তাদের প্রতিনিধিরা ৭৮তম সাধারণ অধিবেশনে যোগ দিচ্ছেন। যাদের মধ্যে ৯২জন রাষ্ট্রপ্রধান আর ৪৯জন সরকার প্রধান থাকছেন।

বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

বাংলা পত্রিকা পড়ুন, লিখুন এবং বিজ্ঞপিন দিন।
ফোনঃ ৭১৮-৪৮২-৯৯২৩

Vital Accounting Inc.
File your Tax with experienced professional.
* Income tax:
* Individual/ Personal Tax (All states)
* Business Tax (Corporation, Partnership)
* Sales tax (Food Vendor, Corporation)
* Payroll Tax
* Business Incorporation
* Immigration Services



Atikur Rahman
Masters in Economics
MBA (Accounting), MAFM
Tel: 718-820-2212
37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়

নতু ন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

তৃণমূল বিএনপির নেতৃত্বে আসছেন শমসের-তৈমূর

(প্রথম পাতার পর)

মবিন চৌধুরী ও অ্যাডভোকেট তৈমূর আলম খন্দকার রয়েছেন। দলটির নেতারা ইঙ্গিত দিয়েছেন- শীর্ষ দুই পদে এ দুই নেতা থাকছেন। জানতে চাইলে তৃণমূল বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান অন্তরা হুদা যুগান্তরকে বলেন, আমাদের দলে শমসের মবিন চৌধুরী ও তৈমূর আলম খন্দকার যোগ দিচ্ছেন। তারা ভালো পদে থাকবেন বলে আশা করি। দলের গঠনতন্ত্রে চেয়ারম্যানের পাশাপাশি কো-চেয়ারম্যানের পদ থাকছে।

এক প্রশ্নের জবাবে অন্তরা বলেন, বিএনপিকে ভাঙার কোনো ইচ্ছা আমাদের নেই। আর যারা যোগ দেবেন তারা বিএনপির কোনো পদে নেই। কাউন্সিলে আরও চমক আছে। আরও অনেকে যোগ দেবেন। নির্বাচনে অংশ নেওয়ার বিষয়ে আমরা এখনো সিদ্ধান্ত নিইনি। তবে নির্বাচনের সব প্রস্তুতি দলের রয়েছে। তিনি আরও বলেন, নির্বাচনে অংশ নিলে যে আমরা সরকারের দালাল হয়ে যাব, এটা তো ঠিক নয়। কোনো জোটে আমরা যাব কি না, সেটি ঠিক হয়নি।

এ প্রসঙ্গে বিএনপি থেকে বহিষ্কৃত তৈমূর আলম খন্দকার বলেন, বিএনপি আমাকে দেড় বছর ধরে বহিষ্কার করে রেখেছে। আমি তো দল ছাড়িনি। একজন বহিষ্কৃত লোক কত বছর একটা পতাকা টেনে নিতে পারে? এখন আমার পরিচয় কী? মারা গেলে আমার পরিচয় কী হবে? কোন ব্যানারে আমি বক্তব্য দেব। আমার জন্ম তো রাজপথে। যেহেতু বিএনপি আমাকে বহিষ্কার করেছে, সেহেতু আমাকে এখন তৃণমূল বিএনপিকে আঁকড়ে ধরে থাকতে হবে। আমি সেখানেই যাচ্ছি। আশা করি শীর্ষ পদেই থাকব।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, বিএনপির মতো একটা বড় দলকে কেউ ভাঙতে পারে? এমন চিন্তা আমার নেই।

নাম প্রকাশ না করার শর্তে তৃণমূল বিএনপির একজন গুরুত্বপূর্ণ নেতা জানান, দলের সিদ্ধান্ত সম্পর্কে তারাও ঠিকভাবে জানেন না। একটি রাজনৈতিক মহলের প্রত্যক্ষ ও পরোক্ষ সহযোগিতায় সবকিছু হচ্ছে। কাউন্সিলে আওয়ামী লীগের প্রধান প্রতিদ্বন্দ্বী বিএনপির নামের সঙ্গে মিল থাকা তৃণমূল বিএনপিতে নতুন চমক থাকছে। দলটির শীর্ষ দুই পদে আসতে যাচ্ছেন বিএনপির সাবেক ভাইস চেয়ারম্যান শমসের মবিন চৌধুরী এবং চেয়ারপারসনের সাবেক উপদেষ্টা (বহিষ্কৃত) তৈমূর আলম খন্দকার। শুধু তারা নয়, পর্যায়ক্রমে বিএনপি থেকে বিভিন্ন সময় বাদ পড়া এবং নিজ থেকে ছেড়ে দেওয়া নেতারাও যোগ দেবেন। এ তালিকায় বহিষ্কৃত বিএনপি নেতা ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের সংসদ-সদস্য উকিল আবদুস সাত্তারও আছেন।

১৬ ফেব্রুয়ারী নির্বাচন কমিশন থেকে এক প্রজ্ঞাপনে তৃণমূল বিএনপিকে নিবন্ধন দেওয়ার কথা জানানো হয়। দলটির নির্বাচনি প্রতীক 'সোনালী আঁশ'। নাজমুল হুদার মৃত্যুর পর দলটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসাবে রয়েছেন তার মেয়ে অন্তরা হুদা।

শ্রমিক অধিকারের ৩ বিলে সই

(প্রথম পাতার পর)

কর্মীদের বেকারত্ব বীমার কথা জানাতে বাধ্য থাকবেন। এছাড়াও যখন কর্মীদের সাময়িক কিংবা স্থায়ী ছাটাই করবেন কিংবা তাদের কর্মঘণ্টা কমিয়ে দেবেন তখন কর্মীদের জানাবেন তারা এই পূর্ণাঙ্গ কিংবা আংশিক কর্মহীনতার জন্য সুবিধাপ্রাপ্ত হবেন। অপর বিলে কোনো কর্মী নিয়োগের সময় তাদের ব্যক্তিগত কোনো অ্যাকাউন্টের ইউজারনেম, পাসওয়ার্ড তথা লগইন তথ্য চাইতে পারবেন না। নিয়োগের শর্ত হিসাবে এসব তথ্য চাওয়া যাবে না অথবা কোনো ধরনের শৃঙ্খলাবিধির অংশ হিসেবেও এই তথ্য নেওয়া যাবে না।

তৃতীয় যে বিলটি ক্যাথি হোকুল সই করলেন তাদের ডিপার্টমেন্ট অব লেবার এখন থেকে নিয়মিতভাবে বেকারের সংখ্যা ও তথ্য স্টেটের সাপিমেন্টাল নিউট্রিশন অ্যাসিসট্যান্স প্রোগ্রাম (এসএনএপি)র কাছে জানাতে বাধ্য থাকে। এছাড়াও নারী, নবজাত ও শিশুদের জন্য যে বিশেষ সাপিমেন্টাল নিউট্রিশন প্রোগ্রাম রয়েছে সেখানেও এই তথ্য নিয়মিত জানাতে হবে।

'নিউইয়র্কের বৃহত্তর অর্থনীতির পেছনের মূল চালিকাশক্তি হচ্ছেন এই শ্রমজীবি মানুষ। আর আমার প্রশাসন তাদের সুবিধার্থে যা কিছু প্রয়োজন করবে'। বিলে স্বাক্ষরের পর বিবৃতিতে বলেন গভর্নর ক্যাথি হোকুল। এই আইনি বিধানগুলো গোটা নিউইয়র্কের শ্রমজীবিদের ন্যায্য মজুরি পেতে ও তাদের নিজেদের ও পরিবারের প্রতি সেবা বাড়াতে সাহায্য করবে। আর উপকৃত হবে আমাদের স্থানীয় অর্থনীতি, বলেন তিনি।

কাজী অফিস
সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত
কাজী ইমাম মাওলানা
আব্দুল মুকিত
পেশ ইমাম, দারুস সালাম মসজিদ, জ্যামাইকা
148-16 87 Road
Jamaica, NY-11435
বিবাহ পড়ানো, মেরিজ সার্টিফিকেট ও কাবিন নামা প্রদান করা হয়।
পরামর্শ ও এপয়েন্টমেন্টের জন্য যোগাযোগ করুনঃ
917-428-1519

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS

ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY
TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী
Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.

Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com


হাউজ কিপিং জব করতে চাই
হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

ভ্রমণ
নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:
বাংলা ট্যুর
৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার

Joy
পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা
জয় ক্যাটারিং মেন্যু
প্যাকেজ -১
গ্রেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00
প্যাকেজ-২
গ্রেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00
প্যাকেজ-৩
গ্রেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00
প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00
148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977
32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

থেরাপিস্ট আবশ্যক

চিকিৎসক কর্তৃক প্রেসক্রাইবকৃত একজন রোগীর জন্য থেরাপিস্ট আবশ্যক ।
যোগাযোগঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৩৭১-৮৮৯৮

বেবি সিটার আবশ্যক

Columbia medical Hospital এর ডাক্তার আফসানা রহমানের ৯ মাসের মেয়েকে দেখাশুনার জন্য বৃহস্পতি ও শুক্রবারের একজন বেবি সিটার দরকার বাসার দুই বকের ভিতর Train আছে ।
Address:709 W 169th Street.1st floor.Manhattan, New York.
যোগাযোগ :-(347) 944-2284, 347 475 7554

ড্রাইভিং শিখতে চান?

সহজ পদ্ধতিতে এবং ফেক্সিবল সময়ের মধ্যে ড্রাইভিং শিখার জন্য যোগাযোগ করুন ।
যোগাযোগঃ উদ্দিন
929-519-5139



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD
Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD
Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Congratulations to all our Students who made into Specialized High School

Quality Education is Our Priority!



Mohammed M. Alam
M.Com (Management). LL.B

জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস

167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432
Tel: 718-480-3313, Cell: 917-600-4937
Email: mahbubtax@yahoo.com

AUTHORIZED IRS e-file PROVIDER

ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী

আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্‌স ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোর্ট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পূরনে সহায়তা করা হয় ।

বাসা ভাড়া

বাসা ভাড়া

আগামী ১লা অক্টোবর থেকে ওজনপার্কের ১০৫ স্ট্রীট এবং ১০১ এভিনিউ এর কর্নারে ৩ বেডরুম, সাথে ছোট বেবি রুম, সেপারেট লিভিং, ডাই-নিং, কিচেন ও ফুল বড় বাথরুম, ভাড়া হবে। বাসার নিকটে কিউ-৮, কিউ-২৪ বাস, এ ট্রেন, মসজিদ ও বাংলাদেশী গ্রোরী আছে।

যোগাযোগঃ

৬৪৬-২৫৫-৯১৬৩

৩৪৭-৭২০-০২৩০

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা ১৮৩ স্ট্রীট, হি-লসাইড এবং জ্যামাইকা এভিনিউ-এর মধ্যে সাবওয়ের সন্নিকটে ২ বেডরুমের বেসমেন্ট বাসা ভাড়া হবে। নতুন রিনোভেটেড।

যোগাযোগঃ

৭১৮-৬০৭-৯৫৫১

৩৪৭-৮৭০-০৭৪০।

বাসা ভাড়া

ব্রঙ্কসের ক্যাসিল হিলের গ্লিভ এভিনিউতে ৪ বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: আহমেদ।

ফোন: ৯১৭-৪৪৪-৯৭০৭

অথবা ৩৪৭-২০৮-৪৭৪১

বেইসমেন্ট ভাড়া

জেএফকে বিমান বন্দর থেকে ১০ মিনিটের দুরত্বে। ছোট পরিবার নিয়ে বসবাসবাসের জন্য (New renovation) বেসমেন্ট ভাড়া দেওয়া হইবে। নিউইয়র্কের কুইন্সের রোজডেলে ১বেডরুম ১ ফুল বাথরুম, ১ লিভিং রুম সাথে কিচেন ভাড়া দেওয়া হইবে ঠিকানা: 242-03 133rd ave, Rosedale, New York 11422 যোগাযোগ করুন : **203-993-7788 Humayunchy@hotmail.com**

বাসা ভাড়া

বাঙালি অধ্যুষিত পার্কচেস্টার সাবওয়ের সন্নিকটে একটি মনোরম বাসা ভাড়া হবে। তিন বেডরুম, ১ বাথরুম (১ম তলা)। ঠিকানাঃ ১৪৫৯ লোল্যান্ড এভিনিউ।

ফোনঃ ৬৪৬-৬৮৪-০৯০৯।

রুম ভাড়া

সুন্দর ভদ্র পরিবেশে কর্মজীবী পুরুষদের জন্য বেড বিছানাসহ এক রুম, কিচেনের সাথে ডাইনিং রুমের চেয়ার টেবিল ও ইন্টারনেটের সুবিধায় ভাড়া হবে। সি ট্রেনে শেফার্ড এভিনিউর পাশে ৪৩০ এসেক্স স্ট্রীট, ব্রুকলীন।

যোগাযোগঃ

৬৩১-২৩০-০২৩০

৭১৮-৩৪৮-৮৪২২।

বাসা ভাড়া

উডহ্যাভেন এলাকায় ৩ বেড, ১ লিভিং, কিচেন এবং বাথরুম (১ম তলা) ভাড়া হবে। জে ট্রেন এবং কিউ-৫৬, কিউ-২৪, কিউ-৫৩, কিউ-৫২, কিউ-১১ এবং বি-১ বাসের সন্নিকটে। ভাড়া ২৪০০ ডলার। সববিল একত্রে।

যোগাযোগঃ

জিনাত ৬৪৬ ২৮৯ ০৫৩৯.

গাড়ি ভাড়া

উবার লিফ্ট এর জন্য গাড়ীর জন্য কল করুন

718-865-6870.

718-501-1510

পাত্র-পাত্রী চাই

(১)আমেরিকার বিশ্ববিদ্যালয় থেকে আইনে ডিগ্রীপ্রাপ্ত। মুসলিম। সাতাশ বছর। সিলেট বাড়ী। যুক্তরাষ্ট্রের নাগরিক পাত্রী চাই। (২) ডাটা সাইন্সে আমেরিকার বিশ্ববিদ্যালয়ে অধ্যয়রত। মুসলিম। তেইশ বছর। সিলেট বাড়ী। যুক্তরাষ্ট্রের নাগরিক পাত্র চাই। এসএমএস করুন। গোপনীয়তা রক্ষা করা হবে। **৩৪৭-৩৪৫-৮২০৭.**

পূর্বাচলে রাজউকের নির্ভেজাল ৫ কাঠার প্লট বিক্রয়

ঢাকার মাস্টার প্ল্যান শহর পূর্বাচলের আকর্ষণীয় লোকেশনে সরাসরি রাজউকের বরাদ্দতো ৫ কাটার নির্ভেজার একটি প্লট বিক্রয় হবে। আমেরিকান সিটিজেন ইঞ্জিনিয়ার নিজের কেনা প্লটটি সরাসরি নিজে বিক্রি করবেন।

যোগাযোগের ফোন: ১-৪০৮-৫৬৪-৩৯১০

Email: gomaruf@gmail.com

টাঙ্গাইল শহরের প্রান কেন্দ্রে বাড়ি বিক্রয়

টাঙ্গাইল শহরের বিশ্বাস বেতকা এলাকায় সৃষ্টি কোচিং সংলগ্ন ১০ শতাংশ জমির উপর ৫তলা ফাউন্ডেশনের (৩৩টা পিলারের) বাড়ি, নীচতলায় ৩ বেড, ৩ বাথ, ২টা ইউনিট এবং দোতলায় দুই বেড এবং একটি বাথরুমের ৪টা ইউনিট। প্রতিমাসে আয় সর্বমোট ৪৫ হাজার টাকা। জমির মালিক নিউইয়র্ক প্রবাসী বিধায় দলিল হস্তান্তর এবং বাড়ির মূল্য নির্ধারন/পরিশোধ ডলারে করতে হবে।

কেবল মাত্র কিনতে আগ্রহীরা যোগাযোগ করুন-

দরালাপনী ঃ ৯১৭-৩০০-৫০০৪

মেডিকেয়ার ইন্স্যুরেন্স

মেডিকেয়ার ইন্স্যুরেন্স এর যাবতীয় তথ্যের জন্য যোগাযোগ করুনঃ মোহাম্মদ তুহিন

☎ ৭১৮-৩১০-০৪১৩

TDS INSURANCE এর প্রতিবাদ

কতিপয় ব্রোকারেজ প্রতিষ্ঠানের অপপ্রচারের পরিপ্রেক্ষিতে TDS INSURANCE BROKERAGE CORP. -এর পক্ষ থেকে আমরা সোচ্চার প্রতিবাদ জানাচ্ছি। আমাদের কোন শাখা অফিস, সাব এজেন্ট নিউইয়র্কের কোথাও নেই। আমাদের কার্যক্রম আমরা আমরা শুধুমাত্র ব্রুকলীন অফিস থেকেই পরিচালনা করছি। ধন্যবাদ-

TDS INSURANCE BROKERAGE CORP. f-06/14

পাত্রী চাই


ইউএস সিটিজেন, বয়স ৫৫, উচ্চতা ৫ফুট ৬ইঞ্চি। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ার, সরকারি চাকুরীজীবী, সুপ্রতিষ্ঠিত মুসলিম ধার্মিক পাত্রের জন্য বিধবা, ডিভোর্স (বৈধ কাগজপত্র না থাকলেও চলবে) পাত্রী চাই।

যোগাযোগ: ৬৪৬-৭০৭-৯৬১৪ সে-০৫/০৬

One Bedroom CONDOMINIUM FOR SALE

1510 Union Port Road,Bronx ,NY-10462.Asking Price $199,000.00

Common Charge $ 804.69 . Living area Sqft 613.more Info please contact



বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!

শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার

Bangladesh Center Inc

ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২



লং আইল্যান্ডে ড্রাইভাভিং স্কুলে ইনস্ট্রাকটর আবশ্যক

লং আইল্যান্ড সাফক কাউন্টি তে ফুলটাইম/ পার্টটাইম ড্রাইভিং স্কুলের জন্য অভিজ্ঞতাসম্পন্ন ইনস্ট্রাকটর আবশ্যক। বেতন ২০ ডলার-২৫ ডলার /প্রতি লেসন্

যোগাযোগঃ **৬৩১-২৭৫-৪০০৭**

আবশ্যক

অ্যাপোলো ইমিগ্র্যান্ট ম্যানেজমেন্ট (এলমহার্স্ট, এনওয়াই ১১৩৭৩)-এর জন্য এলজন ফুল টাইম ইঞ্জিনিয়ার আবশ্যক। বেতন ঘন্টায় ৪১ ডলার ২ সেন্ট। আগ্রহীকে এমপ্লয়ীদের সুপারভাইজিং সহ মেশিন অপারেট, হার্ডওয়ার এবং নেটওয়াকিং প্রভৃতি দায়িত্ব পালন ছাড়াও ব্যবসায়িক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় দেখাশোনা ও পর্যবেক্ষণ করতে হবে। যোগ্যতা ব্যাচেলর ডিগ্রিসহ ইংরেজী, বাংলা ও হিন্দি ভাষায় অনর্গল কথা বলা জানতে হবে।

যোগাযোগ: ৭১৮-৪২৬-৬৬০০

JAMAICA GARAGE FOR RENT

INDOOR GARAGE WITH REMOTE KEY FOR RENT. 175 STREET & HILLSIDE AVENUE. LEAVE MESSAGE: 917-533-3928

মুসলিম কাজী অফিস

Imam & Khatib

Bangla Bazar Jame Masjid

1351 Odell St, Bronx, NY 10462

ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea

Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh

Marriage Registrar New York State

(Muslim Nikah & Marriage Solemnization NYC)

Tel: 347-208-9055

Email:abuleahea@gmail.com

بسم الله الرحمن الرحيم

পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।

Mobile Tel. No 646-591-4696

Res: 718-931-2509

e-mail: moondhs@gmail.com

MATRIMONIAL SERVICE

কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY

KAZI MOWLANA MD. ABUL KHAIR

IMAM & KHATUB

MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.

70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.

Phone: 646-732-7125, 929-277-7444











সিএমবিবিএ'র পথমেলায় মানুষের ঢল

(শেষের পাতার পর)

সিটি কাউন্সিলওম্যান শাহানা হানিফ ছাড়াও মেলার অন্যতম পৃষ্ঠপোষক বাংলা সিডিপ্যাপ ও অ্যালেগ্রা হোম কেয়ার সার্ভিস এর প্রেসিডেন্ট বীর মুক্তিযোদ্ধা ড. আবু জাফর মাহমুদ, সিএমবিবিএ'র সভাপতি আব্দুর রব চৌধুরী, সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম পাটোয়ারী, মেলা কমিটির কনভেনার মামুনুর রশীদ, মেম্বার সেক্রেটারী মইনুল ইসলাম বাপ্পী সহ আরো অনেকে মেলার উদ্বোধনী পর্বে উপস্থিত ছিলেন। সাংস্কৃতিক পর্বে দেশ ও প্রবাসের জনপ্রিয় শিল্পীরা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন। মেলায় কমিউনিটিতে অবদানের জন্য ককেজন বিশিষ্ট ব্যক্তিকে প্ল্যাক প্রদান এবং সিটি কাউন্সিলওম্যান শাহানা হানিফ-এর পক্ষ থেকে সাইটেশন প্রদান করা হয়। মেলার অনুষ্ঠানমালা উপস্থাপনায় ছিলেন প্রবাসের জনপ্রিয় উপস্থাপক আশরাফুল হাসান বুলবুল।

নিউইয়র্কে শিল্পাঙ্গন কবিতা উৎসব অনুষ্ঠিত



নিউইয়র্ক: নিউইয়র্কের জ্যামাইকা পারফর্মিং আর্ট সেন্টারে শিল্পাঙ্গন আয়োজিত শিল্পাঙ্গন কবিতা উৎসব হলো শনিবার (১৬ সেপ্টেম্বর)। মঙ্গল প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠান উদ্বোধন করেন একুশে পদকপ্রাপ্ত জার্মান প্রবাসী সাংবাদিক ও লেখক নাজমুন নেসা পিয়ারী। অনুষ্ঠানটি উৎসর্গ করা হয় মরহুম কবি শামসুর রাহমানকে। অনুষ্ঠানে প্রধান আলোচক ছিলেন সাপ্তাহিক বাঙালী সম্পাদক কৌশিক আহমেদ। অনুষ্ঠানে আলোচনা, কবিতা পাঠ, আবৃত্তি, নৃত্য, গান সবকিছুই ছিল জৌলুসপূর্ণ। খবর ইউএনএ'র। বাংলাদেশ থেকে আগত কবি ও সাংবাদিক ফেরদৌস সালাম ছাড়াও অনুষ্ঠানে আমন্ত্রিত কবি হিসেবে অংশ নেন তমিজ উদ্দীন লোদী, শামস আল মমিন, ফকির ইলিয়াস, লুতফুন নাহার লতা, ফেরদৌস সালাম, কাজী আতীক, মিশুক সেলিম, এবিএম সালেউদ্দিন, ফারহানা ইলিয়াস তুলি, দেওয়ান নাসের রাজা, রাফিয়া খান নিশি, সুমন শামসুদ্দিন ও মনজুর কাদের, রওশন হাসান, ফারুক ফয়সাল প্রমুখ।

অনুষ্ঠানে শিল্পাঙ্গন পরিচালনা পর্ষদের সদস্যদ্যের পরিচয় করিয়ে দেয়া হয়। এরা হলেন আমর আশরাফ, ফালাহ আহমেদ, আকতার কামাল ও মো নজরুল ইসলাম। উৎসব উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশিত হয়। অনুষ্ঠানটি যৌথভাবে উপস্থাপনায় ছিলেন শিরীন বকুল, জি এইচ আরজু, মনজুর কাদের ও মোহাম্মদ নজরুল ইসলাম।

নিউইয়র্কে সোনালী এক্সচেঞ্জ ইনক এর সাবেক সিইও কাজী আসাদ, সোনালী এক্সচেঞ্জের সাবেক ম্যানেজার মুজিবুল হক সেলিম সহ কবি প্রেমীরা অনুষ্ঠানে যোগ দেন।

জ্যামাইকায় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের টাউন হল মিটিং

২২ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনার সংবর্ধনা সভা সফল করার আহ্বান



নিউইয়র্ক (ইউএনএ): জাতিসংঘের ৭৮তম সাধারণ অধিবেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগদান উপলক্ষে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ তাঁকে সংবর্ধনা প্রদান করবে। এই সংবর্ধনা সভা সফল করার লক্ষ্যে সংগঠনের পক্ষ থেকে টাউন হল মিটিং ও কর্মী সভার আয়োজন করে চলেছে। এই কর্মসূচীর অংশ হিসেবে মঙ্গলবার (১২ সেপ্টেম্বর) রাতে জ্যামাইকার হিলসাইড এভিনিউস্থ খলিল বিরিয়ানী হাউস মিলনায়তনে জ্যামাইকাবাসীর উদ্যোগে এক সভার আয়োজন করা হয়। সভায় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের পক্ষ থেকেই ২২ সেপ্টেম্বর শুক্রবার প্রধানমন্ত্রী ও দলীয় সভাপতি শেখ হাসিনাকে সংবর্ধনা প্রদান করা হবে বলে জানানো হয়। পাশাপাশি প্রধানমন্ত্রীর যুক্তরাষ্ট্র সফর ও সংবর্ধনা অনুষ্ঠান নিয়ে বিএনপি-জামায়াত বা অন্য কেউ কোন প্রকার ষড়যন্ত্র বা দলের কোন নেতা-কর্মীকে অপমান-অপদস্ত বা আঘাত করা হলে তার দাঁতভাঙ্গা জবাব দেয়া হবে বলে হুশিয়ারী উচ্চারণ করা হয়। এছাড়াও সভায় সংবর্ধনা সভা সফল করার জন্য দলের সর্বস্তরের নেতা-কর্মী ও সমর্থকদের প্রতি আহ্বান জানানো হয়। খবর ইউএনএ'র।

নিউইয়র্ক সিটির কুইন্সের জ্যামাইকাবাসী যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের প্রচার সম্পাদক দুলাল মিয়া (হাজী এনাম)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান এবং প্রধান বক্তা ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ ও বিশেষ বক্তা ছিলেন যুগ্ম সাধারণ সম্পাদক নিজাম চৌধুরী।

সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং গীতা থেকে পাঠ করা হয়। সভায় বিশেষ দোয়া পরিচালনা করেন বীর মুক্তিযোদ্ধা ও আওয়ামী লীগ নেতা মনির হোসেন। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহ সভাপতি সামসুদ্দীন আজাদ, সাংগঠনিক সম্পাদক মহিউদ্দিন দেওয়ান, কার্যকরী সদস্য শাহনারা রহমান ও জহিরুল ইসলাম, নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহীন আজমল, যুগ্ম সম্পাদক স্বীকৃতি বড়ুয়া, যুক্তরাষ্ট্র যুবলীগ নেতা আতিকুর সুজন, সেবুল মিয়া, যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগের সাবেক সভাপতি নূরুজ্জামান সরদার, যুক্তরাষ্ট্র জাতীয় শ্রমিক লীগের সভাপতি কাজী আজিজুল হক খোকন ও সাধারণ সম্পাদক জুয়েল আহমেদ, পেনসেলভেনিয়া ষ্টেট আওয়ামী লীগের সহ সভাপতি জনি শিকদার, যুবলীগ নেতা আকরামুল হক সাবু, কবি সালেহা ইসলাম প্রমুখ। সভা পরিচালনা করেন নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের প্রচার সম্পাদক ইসমাইল হোসেন স্বপন।

সভায় ড. সিদ্দিকুর রহমান বলেন, অতীতের মতো এবারও যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উদ্যোগেই আগামী ২২ সেপ্টেম্বর শুক্রবার প্রধানমন্ত্রী ও দলীয় সভাপতি শেখ হাসিনাকে সংবর্ধনা প্রদান করা হবে। এজন্য সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে এক অন্য উচ্চতায় নিয়ে গেছেন। সেজন্য পরাজিত শক্তির মধ্যে গাত্রদাহ দেখা দিয়েছে। এ সময় দলের কোন বিভেদ মঙ্গল বয়ে আনবে না। তিনি বলেন, দলের সকল অঙ্গ ও সহযোগি সংগঠনের নেতা-কর্মীদের সাথে নিয়েই এই সংবর্ধনা সফল করা হবে। এজন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

ড. সিদ্দিকুর রহমান বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা একন শুধু বাংলাদেশের প্রধানমন্ত্রী-ই নন, তিনি এখন বিশ্ব নেতা। জাতিসংঘে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাষণ বিশ্ব মানবতার জন্য কল্যাণকর। সাধারণ অধিবেশনে বিশ্ব নেতারা তাঁর দিকনির্দেশণামূলক ভাষণকে গুরুত্বের সঙ্গে গ্রহণ করেন। আর নানা দিক বিবেচনায় এবারের অধিবেশন খুবই গুরুত্বপূর্ণ।

আব্দুস সামাদ আজাদ তার জ্বালাময়ী বক্তব্যে প্রধানমন্ত্রীর যুক্তরাষ্ট্র সফর ও সংবর্ধনা অনুষ্ঠান নিয়ে বিএনপি-জামায়াত বা অন্য কেউ কোন প্রকার ষড়যন্ত্র বা দলের কোন নেতা-কর্মীকে অপমান-অপদস্ত বা আঘাত করা হলে তার দাঁতভাঙ্গা জবাব দেয়া হবে বলে হুশিয়ারী উচ্চারণ করেন।

নিজাম চৌধুরী বলেন, দীর্ঘ ৩৫ বছর ধরে যুক্তরাষ্ট্রে আওয়ামী লীগের রাজনীতি করছি। আমরা উড়ে এসে জুড়ে বসিনি। এই আওয়ামী লীগের উদ্যোগে দলীয় সভাপতিকে অন্তত ৩৪ বার সংবর্ধনা দেয়া হয়েছে। এবারও যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উদ্যোগেই প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে সংবর্ধনা প্রদান করা হবে। আমরা জানি কিভাবে কি করতে হয়। মাননীয় প্রধানমন্ত্রী যেভাবে চাইবেন, সেভাবেই হবে। আমরা বিশ্বাস করি, স্মরণকালের সেরা সংবর্ধনা অনুষ্ঠিত হবে। তিনি যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের কোন নেতার নাম প্রকাশ না করে বলেন, রাজনীতিতে শিষ্টাচার থাকা অতি প্রয়োজন। নেতাকে সম্মান না করে কোন দিন নেতা হওয়া যায়না, বড় মাপের মানুষ হওয়া যায় না।

সভায় কোন কোন বক্তা ইতিপূর্বে বিশ্বব্যাংক সফরকালীন সময়ে ওয়াশিংটনে দলীয় সভাপতি ড. সিদ্দিকুর রহমান ও তাঁর স্ত্রী শাহানারা বিএনপি'র নেতা-কর্মীদের হাতে নাজেহাল হওয়ার কথা পুনরুল্লেখ করে বলেন, আওয়ামী লীগের নেতা-কর্মীদের অনৈক্যের কারণেই তারা (বিএনপি) সুযোগ নিয়েছিলো। কিন্তু এবার তার আর পুনরাবৃত্তি হতে দেয়া হবে না, প্রয়োজনে দাঁতভাঙ্গা জবাব দেয়া হবে। বক্তারা সকল ভেদাভেদ ভুলে দলীয় নেতা-কর্মীদের ঐক্যবদ্ধ থেকে প্রধানমন্ত্রীর যুক্তরাষ্ট্র সফলকালীন সময়ে ভ্যানগার্ড হিসেবে দায়িত্ব পালনের আহ্বান জানান।

উল্লেখ্য, রাত ৯টার দিকে সভা শুরু হয়ে মধ্যরাত পর্যন্ত সভার কার্যক্রম চলে। এতে আওয়ামী লীগ সমর্থক বিপুল সংখ্যক জ্যামাইকাবাসী উপস্থিত ছিলেন। সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে স্বাগত জানিয়ে বিভিন্ন শ্লোগান দেয়া হয়।

বদলে দেই পৃথিবী
ধাঁপে ধাঁপে
শুভকাজে

RENAISSANCE
HOME HEALTH CARE



নিউইয়র্ক সিটির সর্বশ্রেষ্ঠ হোমকেয়ার প্রতিষ্ঠান রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ার
সর্বোচ্চ সম্মানীতে রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ারে যোগ দিন

আপনার মর্যাদা, সম্মান ও সহানুভূতির সাথে সর্বোচ্চ গুণগত পরিসেবা প্রদানই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য

- আমাদের রয়েছে আকর্ষণীয় ক্ষতিপূরণ প্যাকেজ
- ছুটির দিনে দ্বিগুণ বেতন
- বিনামূল্যে প্রশিক্ষণের ব্যবস্থা
- গুগল-এ ৪.৫ স্টার রেটিং



রেনেসাঁয় কাজ করতে চান? আজই যোগাযোগ করুন

(718) 649-3670

1959 WESTCHESTER AVE.
BRONX, NY 10462

www.renaissancehomehc.com

বাংলা পত্রিকা
প্রান্তিক পৃষ্ঠা
The Weekly Bangla Patrika
বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika // Monday // September 18 // 2023

নাইন ইলেভেনের ভয়াল স্মৃতি স্মরণ

বাংলাপত্রিকা ডেস্কঃ নাইন ইলেভেনের সেই ভয়াল স্মৃতি স্মরণ করলো নিউইয়র্কবাসী তথা গোটা যুক্তরাষ্ট্র। সোমবার যুক্তরাষ্ট্রের ইতিহাসে ভয়াবহতম সন্ত্রাসী হামলার সেই দিনটির ২২ বছর পুর্তিতে জাতি স্মরণ করলো হারিয়ে যাওয়া মানুষগুলোকে।২০১১ সালের ১১ সেপ্টেম্বরের সেই টুইন টাওয়ার অ্যাটাকে ২,৯৭৭ জন মানুষের মৃত্যু হয়। পরের সেই ঘটনার শিকার হয়ে অসুস্থতায় ঘটা মৃত্যু নিয়ে মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছিলো প্রায় ৫০০০ জন। হাজার হাজার মানুষ এখনো তাদের জখমের সাথে যুদ্ধ করে যাচ্ছেন আর বয়ে বেড়াচ্ছেন ভয়াল স্মৃতির দগদগে ঘা। সেই হামলায় ক্ষতিগ্রস্তদের পরিবার পরিজন এখন এই দিনটিতে এসে জড়ো হন ৯/১১ মেমোরিয়ালের সামনে। নিউইয়র্ক সিটির লোয়ার ম্যানহাটানে এবারের দৃশ্যটিও ব্যতিক্রম কিছু ছিলো না। সেখানে আজও উচ্চারিত হয় হারিয়ে যাওয়া সেই মানুষগুলোর নাম।

নিউইয়র্কের ৩০% পরিবারের

(প্রথম পাতার পর)

ও দিনাতিপাত করেন। যা গোটা আমেরিকার ক্রেডিট কার্ড ব্যবহার না করা পরিবারের গড় সংখ্যার চেয়ে বেশি। বলাই হয়, ক্রেডিট কার্ডই আমেরিকার অর্থনীতির প্রধান চালিকাশক্তি। এর মধ্য দিয়ে কেবল সহজেই অর্থ মেলে তা নয়, ক্রেডিট কার্ড ব্যবহারের মধ্য দিয়েই এখানে যে কারো ক্রেডিট বিল্ডিংয়ের সুযোগ তৈরি হয়। এমনই পরিস্থিতিতে একটি নতুন জরিপ এই তথ্য সামনে এনেছে যে, নিউইয়র্কের ৩০ শতাংশ পরিবার ক্রেডিট কার্ড ব্যবহার করে না।

এদিকে সার্বিকভাবে সুদের হার বেড়ে যাওয়ায় ব্যাংকগুলোর পক্ষে অর্থ ধার দেওয়া আরও ব্যয়বহুলও হয়েছে। ফলে সেই ব্যয়ের বোঝা তারা সহজেই চাপিয়ে দিচ্ছে ভোক্তার ওপর। এমনকি ব্যাংকগুলো এখন আর সকলকে ক্রেডিট দিতেও রাজি হচ্ছে না। আর ভোক্তার পক্ষেও ক্রেডিটকার্ড বোঝা হয়ে উঠছে। বিশেষ করে ২০২১-২০২২ সালের টানা মুল্যস্ফীতির পর পরিস্থিতি নাজুক হয়ে উঠেছে।

ব্যাংকগুলো ঋণ দেওয়ার ক্ষেত্র যথেষ্ট যাচাই-বাছাই করছে এবং সার্বিকভাবে ঋণ দেওয়ার সংখ্যা ও মাত্রা দুটোই কমিয়েছে। ক্রেতারা তাদের ক্রেডিড কার্ডে নিয়মিত যে খরচ করে তার ওপরও আসছে নিয়ন্ত্রণ এছাড়া গাড়ির ঋণের ক্ষেত্রেও যথেষ্ট কড়াকড়ি চলছে।

ফলে অনেকের ক্ষেত্রেই দেখা যাচ্ছে ক্রেডিট কার্ডের আবেদন প্রত্যাখ্যত হচ্ছে। ২০২৩ সালে ক্রেডিট কার্ডের আবেদন বাতিলের হার ছিলো ২২ শতাংশ। যা গত এক দশকের মধ্যে সর্বোচ্চ হারের একটি। এর আগে অবশ্য ২০২০ সালে এই বাতিলের হার ২৬ শতাংশ উঠেছিলো। তবে ২০২১ সালে তা কিছুটা কমে আসে। যা ২০২৩ সালে আবার বাড়ে।

এই বাতিলের সাধারণ কারণগুলোর অন্যতমই হচ্ছে নিম্নমুখি ক্রেডিট স্কোর, উচ্চমাত্রার ঋণ ও দেরিতে অর্থ পরিশোধের ইতিহাস। একই সঙ্গে অপর্যাপ্ত আয় একটি অন্যতম কারণ। তবে অনেকের ক্ষেত্রে বিষয়টি ডিম আগে না মুরগি আগে দশা। আপনার যদি ক্রেডিট হিস্ট্রি না থাকে তো ক্রেডিট অনুমোদন হবে না। আর ক্রেডিটকার্ড অনুমোদন না হলে, ক্রেডিট হিস্ট্রিই তৈরি হবে কীভাবে?

যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান সারির ক্রেডিট স্কোরিং সংস্থা ফিক্কোর হিসাব বলছে, প্রতি ১০ জন ক্রেডিট এলিজিবল অ্যাডাল্টসের মধ্যে ১ জন অর্থাৎ ২৫৮ মিলিয়নের মধ্যে ২৫.৩ মিলিয়নেরই কোনো ক্রেডিট ব্যুরো রিপোর্ট নেই। এছাড়া ২৮ মিলিয়নের কাছে দুর্বল ক্রেডিট ফাইল রয়েছে। এরা হয় ক্রেডিট জগতে নতুন নয়তো ক্রেডিট জগতে পুরোনো হলেও তারা ক্রেডিট ব্যবহার বন্ধ করে দিয়েছেন। কেউ কেউ ক্রেডিটের সুযোগ পেয়েও পরে তা হারিয়েছেন। আর তার কারণ আর কিছুই না, আয় কমে যাওয়া ও অনটনে পড়া। পরিস্থিতি স্টেট থেকে স্টেট ভিন্নতর। ক্রেডিটকার্ড নেই এমন পরিবারগুলোর একটি বড় অংশই ২০ স্টেটে বাস করে। সার্বিকভাবে যুক্তরাষ্ট্রের ২৮.৫ শতাংশ পরিবার ক্রেডিটকার্ড ব্যবহার করে না। এসব স্টেটের অধিকাংশ ক্ষেত্রেই কালো ও হিসপ্যানিকদের বসবাস বেশি। কোনো কোনো স্টেটে প্রতি তিনটি পরিবারের মধ্যে ১টির কাছেই ক্রেডিটকার্ড নেই। যেমন মিসিসিপ। এখানে অর্ধেকেরও বেশি অর্থাৎ ৫০.২ শতাংশ পরিবারের কাছে কোনো ক্রেডিট কার্ড নেই। নিউইয়র্কে এই সংখ্যা ৩০ শতাংশ। ৫.৯ শতাংশ পরিবার ব্যাংকের মাধ্যমে লেনদেন করে না। ১২.৯ শতাংশ পরিবারের ব্যাংক অ্যাকাউন্ট থাকলেও তার সামান্যই ব্যবহার হয়।

জয় বাংলা



জাতির জনক বঙ্গবন্ধু কন্যা
বাংলাদেশের প্রধানমন্ত্রী
শেখ হাসিনা
এখন বিশ্ব নেত্রী
যুক্তরাষ্ট্র আগমনে আন্তরিক
শুভেচ্ছা



মোঃ আজমান আলী
সভাপতি
ম্যানহাটান আওয়ামী লীগ, নিউইয়র্ক
দীন ইসলাম
সাধারণ সম্পাদক
ম্যানহাটান আওয়ামী লীগ, নিউইয়র্ক

জয় বঙ্গবন্ধু



মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem
Hard Money 9%
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি





646-920-4799
Akib Hussain 32-65 31st Street, Astoria, NY11106

Direct Lender
★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
● ব্যক্তিগত পরামর্শ ● ইন্টারেষ্ট রেট কম ● ইনভেষ্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল ● ফাষ্ট ক্লোজিং ● দ্রুত এবং বিশ্বস্ত

প্রধানমন্ত্রীকে স্বাগতম জানিয়ে নিউইয়র্ক মহানগর আ. লীগের পথসভা







নিউইয়র্ক (ইউএনএ): জাতিসংঘের আসন্ন ৭৮তম সাধারণ অধিবেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগদান উপলক্ষে তাঁর যুক্তরাষ্ট্র আগমণ ঘিরে স্বাগতম জানিয়ে নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের পথসভা অব্যাহত রয়েছে। বুধবার (১৫ সেপ্টেম্বর) সন্ধ্যায় সংগঠনটির উদ্যোগে জ্যাকসন হাইটসের বাংলাদেশ স্ট্রীটে আয়োজিত সভায় অন্যান্যের মধ্যে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপদেষ্টা ডা. মাসুদুর রহমান ও জয়নাল আবেদীন, মহানগর আওয়ামী লীগের সভাপতি রফিকুর রহমান ও সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী। খবর ইউএনএ'র।

সভায় নেতৃবৃন্দ জানান, যুক্তরাষ্ট্রআওয়ামী লীগ সহ সকল অঙ্গ ও সহযোগি সংগঠনের সহযোগিতায় এবার মহানগর আওয়ামী লীগ ম্যাহাটানের ম্যারিয়ট মার্কাস হোটেলের বলরুমে প্রধানমন্ত্রীর সম্মানে নাগরিক সংবর্ধনার আয়োজন করা হবে। এজন্য সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। সভায় প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্র অবস্থানকালীন সময়ের দলীয় কর্মসূচী ঘোষণা করা হয়।

এর আগে মহানগর আওয়ামী লীগ নেতা-কর্মীরা স্থানীয় নবান্ন রেষ্টুরেন্টে মিলিত হয় পরবর্তী কর্মসূচী নিয়ে মতবিনিময় করেন দলীয় সূত্রে জানা গেছে।





TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MBA CPA

জেএফকে বিমানবন্দরে আ. লীগ-বিএনপির পাল্টাপাল্টি সমাবেশ



প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিউইয়র্কের জেএফকে বিমানবন্দরে স্বাগত জানাতে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতা কর্মীদের সমাবেশ।

বাংলাপত্রিকা রিপোর্টঃ জাতিসংঘের চলতি ৭৮-তম সাধারণ অধিবেশনে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগদান ঘিরে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ

জেএফকে বিমানবন্দরে বিএনপি কর্মী গ্রেফতার

ও বিএনপি'র নেতা-কর্মীরা বিমানবন্দরে পাল্টাপাল্টি সমাবেশ করেছে। প্রধানমন্ত্রীর আগমনের দিন রোববার (১৭ সেপ্টেম্বর) সন্ধ্যায় জেএফকে (বাকি অংশ ০৬ পাতায়)



প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগমনের প্রতিবাদে জেএফকে বিমানবন্দরে যুক্তরাষ্ট্র বিএনপির বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখছেন জিল্লুর রহমান জিল্লু।

সাঈদ তারেকের কলাম

সেক্কির রাজনীতিকরন!



কিছু কিছু লোককে দেখি আনন্দে আত্মহারা! যেন বিশ্বজয় হয়ে গেছে! তাও কারা, এই কাল পর্যন্ত যারা আমেরিকার পিন্ডি চটকে চলেছিলেন! পররাষ্ট্রমন্ত্রীকে এক ভডিওতে গদগদভাবে বলতে দেখলাম, তিনিই গিয়ে বাইডেন সাহেবকে বলেছিলেন আমাদের প্রধানমন্ত্রী আপনার সাথে একটু আলাপ করতে চান। ভদ্রলোক মানুষ, বলেছেন কেন নয়! কাজটা ঠিক হবে কিনা বুঝতে মোমেন সাহেব ব্লিঙ্কেন সাহেবের মতামত নেন। ব্লিঙ্কেন সম্মতি দেন। (বাকি অংশ ৩৬ পাতায়)

বাড়ী ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে (বাকি অংশ ৪০ পাতায়)

সিএমবিবিএ'র পথমেলায় মানুষের ঢল

নিউইয়র্ক (ইউএনএ): ব্যাপক উৎসহ-উদ্দীপনায় হাজার হাজার প্রবাসী বাংলাদেশীর অংশগ্রহনে অনুষ্ঠিত হলো চার্চ-ম্যাকডোনাল্ড বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন (সিএমবিবিএ) এর বার্ষিক পথমেলা। নিউইয়র্ক সিটির ব্রুকলীনের ম্যাকডোনাল্ড এভিনিউর সুবিশাল রাজপথে শনিবার দিনব্যাপী আয়োজিত মেলায় প্রধান অতিথি ছিলেন সিটি মেয়র এরিক এডমস। মেলায় ছিলো কয়েক শত হরেক রকমের স্টল, শুভেচ্ছা বক্তব্য আর সাংস্কৃতিক অনুষ্ঠান। বিশেষ আকর্ষণ ছিলো র‍্যাফল ড্র'র প্রথম পুরস্কার সিলেট মটরস এর গাড়ী। খবর ইউএনএ'র। (বাকি অংশ ৪৪পাতায়)



সিএমবিবিএ আয়োজিত ব্রুকলীনের পথমেলায় বক্তব্য রাখছেন বিশেষ অতিথি ডেমোক্রেটিক পার্টির ডিস্ট্রিক্ট লীডার 'প্রবাস বন্ধু' এটর্নী মঈন চৌধুরী। তার পাশে নিউইয়র্ক সিটি মেয়র এরিক এডামস, ব্রুকলীন ডিস্ট্রিক্ট এটর্নী এরিক গনজালেস সহ অন্যান্য নেতৃবৃন্দ।

নিউইয়র্কে ৫ম বাংলাদেশ সম্মেলনে ড. আবু জাফর মাহমুদ

বিভক্তির রাজনীতি আর নয়, যুদ্ধ হবে একতা, ভালোবাসা আর দেশপ্রেমের

বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশী শিল্প, সাহিত্য ও সাংস্কৃতিক ঐহিত্য সংরক্ষনের প্রত্যয় নিয়ে নিউইয়র্কের লাগোর্ডিয়া ম্যারিয়ট হোটেলে অনুষ্ঠিত হয়েছে দু'দিনব্যাপী পঞ্চম বাংলাদেশ সম্মেলন। গত ৯ ও ১০ সেপ্টেম্বর ২০২৩ অনুষ্ঠিত ওই সম্মেলনের উদ্বোধন করেন বীর মুক্তিযোদ্ধা, গ্লোবাল পিস অ্যামব্যাসেডর স্যার ড. আবু জাফর মাহমুদ। এবারের সম্মেলনের শ্লোগান ছিলো 'বাংলাদেশের শিল্প, সাহিত্য ও সংস্কৃতির ঐতিহ্য সংরক্ষনই আমাদের প্রত্যয়'। (বাকি অংশ ৩৭ পাতায়)





হে প্রভু! তোমার প্রিয়জনদের অন্তর্ভুক্ত করো

জাফর আহমাদ

হে আমার রব! সরল পথ দেখাও। যে পথে তোমার প্রিয়জনেরা গেছেন চলি, যারা গজবে নিপতিত হয়নি, যারা পথও হারায়নি। হে আমাদের প্রিয় রব! তোমার অনুগ্রহে সিক্ত (বাকি অংশ ২৯ পাতায়)

খেলার খবর

ম্যাচসেরার পুরস্কারের অর্থ মাঠকর্মীদের দিয়ে দিলেন সিরাজ

স্পোর্টস ডেস্ক: এশিয়া কাপের ফাইনালে মোহাম্মদ সিরাজের কাছেই হেরে গেছে শ্রীলঙ্কা। (বাকি অংশ ৩৯ পাতায়)

হেলথ টিপস

বাসি ভাত খেলে হতে পারে যে সিনড্রোম

বাংলা পত্রিকা ডেস্ক: ভাত বাঙালীর সবচেয়ে পছন্দের খাবার। বাঙালীর প্রতিদিনের খাদ্য তালিকায় ভাত থাকেই। অনেক সময় ভাত খাওয়ার পর (বাকি অংশ ৩৬ পাতায়)


GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396

জাফলং বাঁচাতে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ চাইলেন যুক্তরাষ্ট্র প্রবাসীরা

বিশেষ প্রতিনিধিঃ সিলেটের প্রকৃতিকণ্যা জাফলংকে ধ্বংসের হাত থেকে বাঁচাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হস্তক্ষেপ কামনা করেছেন যুক্তরাষ্ট্রে বসবাসরত গোয়াইনঘাট উপজেলার বাসিন্দারা। এক স্মারকলিপিতে প্রবাসীরা জানান, জাফলংকে হাইকোর্টের নির্দেশে ইকোলজিক্যাল ক্রিটিক্যাল এরিয়া - ইসিএ বা প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা হিসেবে গ্যাজেট প্রকাশ করেছে সরকার। কিন্তু কতিপয় পাথরখেকো দুর্বৃত্ত অবৈধ বোমা মেশিন দিয়ে অনবরত পাথর উত্তোলন করে জাফলং এর পরিবেশ এবং জীববৈচিত্রকে ধ্বংসের দ্বারপ্রান্তে ঠেলে দিচ্ছে। এদের অবিলম্বে আইনের আওতায় এনে জাফলং এর নৈসর্গিক সৌন্দর্য রক্ষায় প্রয়োজনীয় নির্দেশনা (বাকি অংশ ২০ পাতায়)

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত ৩১ পাতায়

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
হজ্বব্রত পালনকারীরগণ গ্রহণ করুন সর্বোত্তম সেবা ওমরা ও মূল হজ্ব
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com